West Dinajpur (Sadar) ..	19 0	25 12	19 6	26 3	23 0	19 0
Raiganj ..	32 8	..	33 0	..	15 0	..
Malda (Sadar) ..	35 8	35 8	35 8	35 8	33 10	33 10
Cooch Behar (Sadar) ..	60 0	64 0	65 0	66 10	35 0	36 10
Dinhatta ..	75 0	..	75 0	..	48 0	..
Mathabhanga ..	70 0	..	70 0	..	36 0	..
Tufanganj ..	55 0	..	58 0	..	35 0	..
Mekliganj ..	60 0	..	65 0	..	29 0	..
Surplus districts' average	..	29 3	..	29 8	..	23 7
Nadia (Sadar) ..	35 0	36 4	37 0	38 4	25 0	26 4
Ranaghat ..	37 8	..	39 8	..	27 8	..
Hooghly (Sadar) ..	33 8	30 11 (b)	32 0	33 0	22 0	21 3
Serampore ..	32 8	..	33 0	..	24 0	..
Arambagh ..	26 0	..	34 0	..	17 8	..
Howrah (Sadar) ..	(a) 43 12	41 14	(c) 43 12	41 14	27 8	28 2
Uluberia ..	40 0	..	40 0	..	28 12	..
Darjeeling (Siliguri) ..	45 0	45 0	50 0	50 0	26 10	26 10
Deficit districts' average ..	..	38 7 (b)	..	40 13	..	25 9
24-Parganas (Sadar) ..	45 0	42 7	45 0	43 10	27 0	25 3
Diamond Harbour ..	30 0	..	29 4	..	19 4	..
Barrackpore ..	43 8	..	47 0	..	26 0	..
Barasat ..	43 0	..	46 0	..	25 0	..
Basirhat ..	55 0	..	55 0	..	23 12	..
Bongaon ..	38 0	..	39 8	..	30 0	..
Murshidabad (Sadar) ..	24 10	24 11	24 10	24 10	22 12	26 7
Lalbagh ..	27 0	..	27 0	..	31 0	..
Jangipore ..	24 8	..	25 4	..	32 0	..
Kandi ..	22 8	..	21 8	..	20 0	..
Jalpaiguri (Sadar) ..	47 0	47 8	52 0	54 8	30 0	31 3
Alipur Duars ..	48 0	..	57 0	...	33 0	..

(Price per maund.)

Subdivisions.	Prices on 19th September, 1951.		Prices on 26th September, 1951.		Prices on 27th September, 1950.	
	Subdivision. Quotations.	District Averages.	Subdivision. Quotations.	District. Averages.	Subdivision. Quotations.	District. Averages.
	Rs. as.	Rs. as.	Rs. as.	Rs. as.	Rs. as.	Rs. as.
Self-sufficient districts' average.	..	38 3	..	40 15	..	27 1
No. of "high price" subdivisions.	40(b)	..	41	..	39	..
State average ..	..	33 12 (b)	..	35 3	..	24 13

N. B.—(*a*) Relates to 29th August, 1951, and represents the average of the prices ruling at two markets, one in the surplus area and the other in the deficit area.

(*b*) Provisional.

(*c*) Represents the price ruling in the deficit area.

Sj. CHARU CHANDRA BHANDARI: Supplementary question, Sir, মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি--তিনি যে হিসাব দিয়েছেন modified rationingএর সেটা হচ্ছে সেপ্টেম্বর মাসের এখন তার সম্বন্ধে কতটা rationing চলছে তা বলেননি।

The Hon'ble PRAFULLA CHANDRA SEN: এখনকার অঙ্ক বলতে পারব না।

Sj. CHARU CHANDRA BHANDARI: এখন এই রেশনিং কিছু চলছে কি না?

The Hon'ble PRAFULLA CHANDRA SEN: কিছু কিছু চলছে, notice না দিলে বলতে পারব না সব।

Sj. CHARU CHANDRA BHANDARI: আমার প্রশ্নটা বুঝতে পারেননি দেখছি, আমি জিজ্ঞাসা করছি "Whether the Government consider the desirability of allowing ration under the scheme to every householder who has no stock of rice and has to purchase it from the market"—মন্ত্রীমহাশয় যে উত্তর দিয়েছেন তাতে ধরে নিয়েছেন has no stock মানে যাদের ঘরে চাল নাই, আমি তা মনে করিনি, আমার প্রশ্নটা ভাল করে পড়ে দেখুন।

The Hon'ble PRAFULLA CHANDRA SEN: আমার বক্তব্য মনে হয় এবং যা বুঝলাম তাতে ধান বা চাল না থাকলেও যদি তাদের ক্রয়শক্তি থাকে তাহলে তাঁরা বাজার থেকে কিনতে পারেন।

Sj. CHARU CHANDRA BHANDARI: Supplementary question, Sir, আমার প্রশ্ন হচ্ছে এই অতিরিক্ত ধানচালের দাম উঠলেও তাদের সম্পর্কে কোন modified ration দেবেন কিনা?

The Hon'ble PRAFULLA CHANDRA SEN: বিশেষ বিশেষ ক্ষেত্রে আমরা দিয়ে থাকি। এমনকি "C" Class লোককেও modified ration দিয়েছি অনেক ক্ষেত্রে।

Firing incident in Dhubulia Camp

*4. **Sj. JYOTI BASU:** Will the Hon'ble Minister in charge of the Home Department be pleased to state—

(a) whether there was firing on refugees in the Dhubulia Camp;

(b) if so, what were the casualties; and

(c) whether the Government consider the desirability of instituting a non-official enquiry into the incident?

MINISTER in charge of the HOME DEPARTMENT (the Hon'ble Dr. Bidhan Chandra Roy): (a) The refugees of the Dhubulia Camp got annoyed with the Superintendent of the Camp and thereafter surrounded his office and attacked him. The police personnel stationed there tried to rescue him. During this, one armed constable got separated from the others and was surrounded by angry refugees who tried to snatch away his rifle. In the scuffle one round went off from his rifle.

(b) A refugee was struck by a bullet on his left wrist. This was not a serious injury. But the same man had a gaping wound on his stomach. He expired. Medical opinion was that the stomach wound was the cause of his death and that it was a stab wound caused by a sharp weapon.

(c) Government did not consider it necessary to appoint a non-official enquiry committee for enquiring into the incident. Government, however, appointed a board of three doctors, viz., Lt.-Col. J. C. De, I.M.S. (retired), Lt.-Col. B. G. Maliah, I.M.S. (retired), and Dr. K. Hossain, Professor of Medical Jurisprudence, to consider the medical aspects of the cause of the death of the above refugee and their opinion was as has been indicated above.

Sj. CHARU CHANDRA BHANDARI: অতিরিক্ত প্রশ্ন, স্যার, মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি তিনি medical aspect of the case অনুসন্ধান করবার জন্য কয়েকজন ডাক্তার বন্দোবস্ত করেছিলেন—এর মধ্যে আর একটি aspect—সেইটা হচ্ছে "mechanical aspect". এখন মাননীয় মন্ত্রীমহাশয় আর একটা enquiry করবেন কি? এই যে scuffle হয়েছে তা দ্বারা বন্দুক আওয়াজ হওয়া উচিত কি না?

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: আওয়াজের চাইতেও বেশী। The supplementary answer that I can give is that the Commandant Mr. Mukherji was suspended because some refugees had complained that Mr. Mukherji had taken a *kukri* from one of the guards and had also taken a gun and had fired. He was prosecuted on two charges—one of these was under section 304, I.P.C., for culpable homicide not amounting to murder in connection with the death of the refugee named Anukul Brahma and the other under section 342, I.P.C., on the allegation that he had unlawfully arrested and kept four of the refugees confined in the Control Building where they were also assaulted. Both the cases have ended in favour of the Commandant who was discharged by the Magistrate under section 209, Cr. P. C., in the case under section 304, I.P.C., and acquitted under section 258, Cr. P. C., in the case under section 342, I.P.C. During the trial the Commandant was kept under suspension. He has since been reinstated in service.

Sj. HEMANTA KUMAR BASU: Supplementary question, Sir, মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি গুলিটা আপনি বেরিয়েছিল না গুলি ছোড়া হয়েছিল, এই সম্বন্ধে অনুসন্ধান করবেন কি?

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: এমন কোন প্রমাণ পাওয়া যায়নি।

Sj. JYOTI BASU: Will the Hon'ble Chief Minister be pleased to state as to who made the Government enquiry with regard to this incident?

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: The Commandant was prosecuted. All evidence was placed before the court and the court made the necessary enquiry.

Sj. JYOTI BASU: Is the Hon'ble Minister aware that such a terror was instituted in the camp after this incident that nobody dared give any evidence.

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: I do not agree with my honourable friend.

Sj. JYOTI BASU: Will the Hon'ble Chief Minister even at this stage make a Government enquiry into the matter as to whether terror was instituted in the camp or not?

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: I am perfectly sure that no terror was instituted in the camp.

Sj. JYOTII BASU: My question is whether the Chief Minister, instead of himself being sure of things, will make an enquiry.

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: I say that after enquiry.

Sj. JYOTI BASU: That is the question I asked at the beginning as to who exactly made the enquiry on behalf of the Government.

(No reply.)

Sj. JYOTI BASU: My question has not been answered.

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: I have given all the answers that I could give.

Sj. JYOTI BASU: I asked you another question—who is the officer who made the enquiry on behalf of the Government?

Mr. DEPUTY SPEAKER: He has said that at the beginning.

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: I want notice regarding the name of the officer.

Sj. HARIPADA CHATTERJEE: Supplomentary question, Sir, মাননীয় মন্ত্রীমহাশয় কি বল্‌বেন পেটের ঐ যে আঘাতটা, সেটা bayonetর খোঁচা কি না।

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: আমি সেটা বল্‌তে পারব না। আমি ৩ জন experienced ডাক্তার Lt.-Col. J. C. De, Lt.-Col. B. G. Maliah, and Dr. K. Hossainকে appoint করেছিলাম তদন্ত করবার জন্য। তারা যা বলার বলেছেন তার অতিরিক্ত আমি কিছু বল্‌তে পারি না।

Sj. HARIPADA CHATTERJEE: মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি সেখানকার সকলেই জানেন যে ওটা bayonetর খোঁচা।

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: সেই সকলের মধ্যে যদি হরিপদ বাবু থাকেন, তবে সে আলাদা কথা।

Sj. HARIPADA CHATTERJEE: সেখানে যারা উপস্থিত ছিলেন, তারা সকলেই বলেন যে bayonetর খোঁচায় সে মারা গেছে।

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: হরিপদবাবু উপস্থিত না থেকেও এ সম্বন্ধে certain হলেন কি করে?

Sj. HARIPADA CHATTERJEE: মাননীয় মন্ত্রীমহাশয় যে বলেছেন তিনি এ বিষয়ে অনুসন্ধান প্রয়োজন আছে বলে মনে করেন না, তবে কি এটা আকাশ থেকে পড়েছিল?

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: হয়ত তাই পড়ে থাকবে। (laughter).

Accidental death of a woman rice smuggler, Kubri, at Debipur railway station on East Indian Railway

*5. **Sj. DEBENDRA NATH SEN:** (*a*) Will the Hon'ble Minister in charge of the Home Department be pleased to state if it is a fact that—

(*i*) a woman smuggler, Kubri by name, was pushed out of the railway compartment forcibly by the police on 11th March, 1951, near Debipur railway station on the Howrah-Burdwan Chord line of East Indian Railway;

(*ii*) the said woman while pushed out of the compartment was run over then and there by an Up-Burdwan local train coming at a top speed; and

(*iii*) the said woman met with her death then and there in consequence?

(*b*) If the answer to (*a*) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state what action Government propose to take against the officer or officers concerned?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: (*a*) No policeman was involved in the incident. The facts of the case are that on 11th March, 1951, at 11·02 hours when S 112-Down train was leaving the Debipur railway station, the train was stopped by some patrollers of the Food Department by pulling the alarm chain as some smugglers suspected of carrying rice were in the train. Sm. Kubri was detected carrying some rice in a bundle which was seized by one of the patrollers and thrown to the ground on the off-side of the train which was between the up and the down lines. The woman got down from the train with a view to pick up the bundle of rice. She was quickly followed by one of the patrollers. By that time, S 105-Up train entered Debipur railway station, and the engine of the train knocked down the woman, as a result of which she died instantaneously, while the patroller received a slight injury.

(*b*) A case under section 304A, I.P.C., was started against the patroller concerned. He was, however, discharged by the court on 29th September, 1951, upon consideration of the evidence adduced against him.

Sj. CHARU CHANDRA BHANDARI: মাননীয় মন্ত্রীমহাশয় অনুগ্রহ করে জানাবেন কি যে তিনি এই যে এখানে উত্তরে বলেছেন "Sm. Kubri was detected carrying some rice in a bundle which was seized by one of the patrollers and thrown to the ground on the off side of the train, etc." এই যে চাল seize করা হয়, সেই চাল কি ফেলে দেওয়ার নিয়ম আছে?

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: ফেলে দেওয়া হয়, বা পকেটে করে নেওয়া হয়, সে প্রশ্নের উত্তর আমি দিতে পারব না।

Sj. CHARU CHANDRA BHANDARI: এই যে এখানে উত্তরে রয়েছে—ফেলে দেওয়া হয়েছে এটা নিয়ম কি না আমার জিজ্ঞাস্য।

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: যা ঘটেছিল, তা উত্তরেই রয়েছে। বুঝতে পারছেন না? চালের bundleটা নিয়ে ট্রেনের বাইরে ছুড়ে ফেলা হয়েছিল। মেয়েটা ট্রেন থামবার আগেই নেবে পড়েছিল এবং ট্রেন চাপা পড়ে মারা গিয়েছিল। এই হ'ল ব্যাপার।

Adjournment motion.

Sj. HEMANTA KUMAR BASU: Mr. Deputy Speaker, I gave notice yesterday of an adjournment motion the subject matter of which was to impress on the Government to release the political prisoners a good number of whom had been returned to the State Assembly by a great majority of votes.

Mr. DEPUTY SPEAKER: You need not read the adjournment motion. I am told that you could not hand over your adjournment motion by 12 noon.

Sj. HEMANTA KUMAR BASU: I again gave a notice yesterday that I would move this resolution today.

Mr. DEPUTY SPEAKER: I am afraid you cannot take that subject up again; once it is gone, it is gone for ever. The rule is there and the rule is definite.

Sj. HEMANTA KUMAR BASU: As I was informed that the adjournment motion was delivered at late hours, so I again informed the Secretary that I would want to move the motion today.

Mr. DEPUTY SPEAKER: You cannot do it. The motion is rejected, and, therefore, you cannot move it again.

Sj. HEMANTA KUMAR BASU: Why should it be rejected?

Mr. DEPUTY SPEAKER: You could not deliver the adjournment motion to the Secretary by 12 noon.

Sj. HEMANTA KUMAR BASU: Have I not the right to move the adjournment motion today after giving proper notice yesterday

Mr. DEPUTY SPEAKER: No. Once it is rejected, it is rejected once for all. You cannot bring it again.

Sj. HEMANTA KUMAR BASU: But I gave notice of that motion for moving today, and in time I gave it.

Mr. DEPUTY SPEAKER: Have you submitted a second motion today? My information is that you did not submit any adjournment motion today.

Sj. HEMANTA KUMAR BASU: But the same motion I submitted to the Secretary yesterday and I informed him that I would move it today. It should be considered as a fresh motion.

Mr. DEPUTY SPEAKER: That is irregular. You cannot submit it again today.

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: Sir, the point seems to be that one motion was placed before the Speaker and he has rejected it. He says "I will move it again today". Sir, he has no right to move once the Speaker has rejected it.

Sj. HEMANTA KUMAR BASU: It was rejected on the ground that I gave notice at a late hour. But yesterday I again gave notice to the Secretary that I would move it as a fresh adjournment motion today. I think Mr. Deputy Speaker will allow me to do that.

Mr. DEPUTY SPEAKER: No, no. You cannot do that. The Hon'ble Mr. Speaker rejected that adjournment motion yesterday. You cannot raise the same issue today. That is irregular.

Sj. JYOTI BASU: Mr. Deputy Speaker, Sir, the point is that notice of a motion was given yesterday but not in time. Notice of the same motion with the same wording was given again. It should be treated as a separate motion for today and, if necessary, you can reject it today.

Mr. DEPUTY SPEAKER: No, no. Assembly Secretary has not received any adjournment motion today.

Sj. HEMANTA KUMAR BASU: But the Secretary received a notice again in the afternoon yesterday that I would move this adjournment motion today.

Mr. DEPUTY SPEAKER: You should have delivered the adjournment motion before noon today, but you did not do that. Do you want me to make the sun go back? I cannot do that;

Sj. HEMANTA KUMAR BASU: Can't I submit a notice of it a day before?

Mr. DEPUTY SPEAKER: No.

Sj. HEMANTA KUMAR BASU: Why not?

Mr. DEPUTY SPEAKER: No, you cannot do that. The rule is against it. Please take your seat.

Sj. HEMANTA KUMAR BASU: I ask your permission to move it today as a fresh adjournment motion, or may I move it tomorrow?

Mr. DEPUTY SPEAKER: That I will consider tomorrow, not today.

Non-official business.

Sj. CHARU CHANDRA BHANDARI: On a point of privilege, Sir, আমার চারটে resolutionর নোটিস দেওয়া আছে এবং সেই notice দেওয়ার পর ২১ দিন হয়ে গেছে। সুতরাং আমি একটা non-official day চাইছি এবং এই session ভিতর যে কোন শুক্রবার আমি আশা করি সেটা fixed হবে—যে দিন non-official business will have precedence over Government business.

Mr. DEPUTY SPEAKER: I shall inform this thing to Hon'ble Speaker. I am not in a position now to say anything in this matter.

GOVERNMENT BILLS.

The Waste Lands (Requisitioning and Utilization) Bill, 1951.

Message from His Excellency the Governor under Article 201 read with Article 200 of the Constitution of India.

Mr. DEPUTY SPEAKER: The Waste Lands (Requisitioning and Utilization) Bill, 1951, was passed by the West Bengal Legislative Assembly on the 22nd February, 1951, and was presented to His Excellency the Governor under Article 200 of the Constitution of India. His Excellency the Governor reserved the Bill for the consideration of the President under Article 200 of the said Constitution.

2. The President has been pleased to direct His Excellency the Governor in pursuance of the proviso to Article 201 of the said Constitution

to return the Bill to the West Bengal Legislative Assembly with a message requesting that the Assembly will reconsider the provisions of the Bill and consider the desirability of introducing the amendments set out below.

3. Accordingly, I recommend to the West Bengal Legislative Assembly that the Waste Lands (Requisitioning and Utilization) Bill, 1951, be amended in the manner stated below and I appoint the Hon'ble Sri Rai Harendra Nath Chaudhuri, Minister in charge of the Land and Land Revenue Department, to be the member in charge of the Bill.

4 In pursuance of the provisions of the proviso to Article 201 read with the provisions of the first proviso to Article 200 of the Constitution of India, I, Harendra Coomar Mookerjee, Governor of West Bengal, do recommend to the West Bengal Legislative Assembly that they do amend the Waste Lands (Requisitioning and Utilization) Bill, 1951, by the adoption of the following amendments, that is to say—

(*1*) For clauses 8 and 9 the following shall be substituted, namely:—

"8. *Compensation.*—(*1*) Where the possession of any waste land is delivered or taken under section 5, every person interested in such land shall be entitled to compensation for so long as his interest subsists but in no case beyond the date of the release of such land from requisition under section 10, the amount of such compensation being determined in the manner and in accordance with the principles hereinafter set out.

(*2*) As soon as may be after the date of the delivery of possession or the taking of possession of any waste land under section 5, the Collector shall determine—

(*a*) in respect of any waste land which on the said date was in the occupation of a tenant or a lessee—

(*i*) the annual rent and cesses, if any, payable by the tenant or the lessee in respect of such land, and

(*ii*) the average net annual income derived from such land by the tenant or lessee during the three years immediately preceding the said date, or if no income was derived from such land by the tenant or lessee during the said three years, the sum equivalent to three *per cent.* of the market value of the interest of the tenant or of the lessee in such land on the date of the notification under section 3;

(*b*) in respect of any waste land which on the said date was in the occupation of a proprietor, the average annual income derived from such land by such proprietor during the three years immediately preceding the said date, or if no income was derived by such proprietor during the said three years, the sum equivalent to three *per cent.* of the market value of such land on the date of the notification under section 3;

(*c*) in respect of any waste land in which any person other than a tenant or a lessee or a proprietor in occupation is interested, the average net annual compensation derived from such land by the person in occupation thereof during the three years immediately preceding the said date, or if no income was derived by such person during the said three years, the sum equivalent to three *per cent.* of the market value of such land on the date of the notification under section 3.

(3) The Collector shall by order direct that there shall be payable by the State Government as compensation on each anniversary of the date of the delivery of possession or the taking of possession under section 5, and for the duration referred to in sub-section (*1*),—

(*a*) in respect of such waste land as is referred to in clause (*a*) of sub-section (*2*),—the amount determined under sub-clause (*i*) of that clause to the landlord or the lessor, and the amount determined under sub-clause (*ii*) of that clause to the tenant or the lessee;

(*b*) in respect of such waste land as is referred to in clause (*b*) of sub-section (*2*),—the amount determined under that clause to the proprietor; and

(*c*) in respect of such waste land as is referred to in clause (*c*) of sub-section (*2*),—to every person interested in such land such sum as may be apportioned to him by the Collector, out of the amount referred to in that clause, having regard to the nature and extent of his interest.

Explanation.—For the purpose of this section the expressions 'landlord', 'propiretor' and 'tenant' have the same meanings as in the Bengal Tenancy Act, 1885 (VIII of 1885), and the expressions 'lessor' and 'lessee' have the same meanings as in the Transfer of Property Act, 1882 (IV of 1882).

9. *Payment of compensation to be a full discharge.*—The payment of any compensation in accordance with an order under section 8 shall be a full discharge of any liability of the Collector and of the State Government to pay compensation to any person who may have a rightful claim thereto, but shall not prejudice any right in respect thereof which may be enforced by any person by due process of law against the person to whom the compensation is so paid."

(*2*) In sub-clause (*1*) of clause 11, for the words, "or by the determination of compensation under section 8 or by an order of apportionment under section 9" the words "or by an order under section 8", shall be substituted.

(*3*) In clause 15, for the word and figures "4, 8 or 9" the word and figures "4 or 8" shall be substituted.

HARENDRA COOMAR MOOKERJEE,
Governor of West Bengal.

CALCUTTA,
The 2nd January, 1952.

Laying of Ordinance.

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: Sir, with your permission I beg to lay before the Assembly the West Bengal Police (Temporary Powers) Ordinance, 1951 (West Bengal Ordinance No. IX of 1951), under article 213(*2*)(*a*) of the Constitution of India.

Laying of (West Bengal Premises Rent Control) Rules, 1950.

The Hon'ble Rai HARENDRA NATH CHAUDHURI: Sir, I beg to lay before the Assembly the amendments to the West Bengal Premises Rent Control Rules, 1950.

Supplementary Estimates of expenditure for 1951-52.

The Hon'ble NALINI RANJAN SARKER: Sir, I beg to present before the Assembly a statement of Supplementary Estimates of Expenditure for the year 1951-52, under the provision of article 205 of the Constitution of India. The total amount covered by the present supplementary estimate is Rs. 17,94,80,000 of which voted items account for Rs. 4,77,82,000 and charged items Rs. 13,16,98,000. The whole of this however does not represent additional charge. In fact, out of the provision of Rs. 13,11,00,000 under the head "Public Debt", Rs. 13,10,00,000 does not reflect any new or additional expenditure at all. If this item be disregarded, the total extra demand comes to Rs. 4,84,80,000. The Hon'ble Ministers in charge of different departments will move the demands of their respective departments separately and also explain them in further details at the time of moving each demand. They will each explain the reasons why this extra expenditure has been incurred in their respective departments.

With these words, Sir, I present the estimates of the Supplementary Budget for the year 1951-52.

Amendments to the motion of address in reply to the Governor's speech.

Mr. DEPUTY SPEAKER: We shall now take up the amendments to the motion of thanks to His Excellency the Governor.

Sj. HARIPADA CHATTERJEE: Sir, I beg to move that the following be added at the end of the address in reply, viz.:—

"But regret that no effective measures are contemplated for—

(1) releasing all detenus and political prisoners;

(2) increasing food production in the State;

(3) stopping harassment of cultivators particularly in connection with procurement of food grains;

(4) assuring to the cultivators a fair and equitable price;

(5) eradicating corruption;

(6) rehabilitating Hindu refugees and evacuee and displaced Muslims; and

(7) preventing general lawlessness in many parts of the State in spite of huge expenditure on police."

Sj. HEMANTA KUMAR BASU: Sir, I beg to move that the following be added at the end of the address in reply, viz.:—

"But regret the omission of any mention of policy for the improvement of—

(*a*) policy regarding 'Grow More Food';

(*b*) policy regarding 'Minor Irrigation Scheme';

(*c*) policy regarding 'Deep Sea-Fishing Operations';

(*d*) policy regarding 'Calcutta Municipal Bill';

(*e*) policy regarding 'Exodus of Refugees from East Pakistan';

(*f*) policy regarding 'Law and Order and Preventive Detention';

(*g*) policy regarding 'State Transport';

(*h*) policy regarding 'Universal and Compulsory Primary Education';

(*i*) policy regarding 'Medical Relief in rural areas'; and

(*j*) policy regarding 'High Price of Food Grains'."

Sj. CHARU CHANDRA BHANDARI: Sir, I beg to move that the following be added at the end of the address in reply, viz.:—

"But regret the omission of—

(*a*) any reference to the tyranny and oppression by the Food Grain Procurement Officers upon the villagers;

(*b*) any indication whether any change of policy is contemplated by the Government in the procurement of paddy and rice from cultivators in view of frequent firings resorted to by the Procurement Party;

(*c*) any indication about whether or how the Government are going to alleviate the distress of the poorer classes of the people in rural areas, on account of failure of paddy crops due to drought;

(*d*) any indication about the improvement of the lot of the *bargadars;* and

(*e*) any indication about whether or when the Government propose to bring in a Bill to provide for the restoration of properties to the displaced Muslims who did not migrate to Pakistan, on account of the communal disturbances."

Sj. JYOTI BASU: Sir, I beg to move that the following be added at the end of the address in reply, viz.,—

"But regret that the speech makes no reference—

(1) to the worsening food situation;

(2) to the anti-people procurement policy;

(3) to the continued attack on civil liberties—the refusal to release political prisoners, the continued detention of people without trial including elected representatives;

(4) to the failure of the Government to undertake an all-comprehensive policy for refugees both Hindus and Muslims and the renewed attack on the conditions of life of the refugees;

(5) to the lack of any policy of the Government to improve the conditions of the workers, kisans and the middle class; and

(6) to the lack of any policy to industrialise West Bengal and improve business."

Sj HARIPADA CHATTERJEE: সহ-স্পীকার মহোদয়, দেশের এই সঙ্কট সময়ে মনে করা গিয়েছিল যে অন্ততঃ বিদায় কালে মন্ত্রিগণ সকলকে ডেকে আমাদের খাদ্যসমস্যা, পুনর্বসতিসমস্যা—এই সমস্ত গুরুতর বিষয় সম্বন্ধে সকলে মিলে বসে একটা ব্যবস্থা করবার চেষ্টা করবেন, কিন্তু তাঁদের মরণকালে বিপরীত বুদ্ধি হয়েছে, মরণ কেন অনেকে মৃত হয়েই গিয়েছেন এবং এখানে তাঁদের condolence করা উচিত ছিল। সকলে মিলে খাদ্যসমস্যা, পুনর্বসতিসমস্যা, একসাথে আলোচনা করা দূরে থাক হারা মন্ত্রীরা, পৃথিবীর ইতিহাসে যা কোথাও পাওয়া যায় না, এমন একটা নজির দিয়ে এখনও এখানে বসে, বিনা বিচারে বন্দী করছেন তাদের, যাঁরা আজকে সহস্র সহস্র লোকের ভোট পেয়ে নির্ব্বাচিত হয়েছে। সরকার পক্ষকে পরাজিত করে বহু সংখ্যক ভোটে নির্ব্বাচিত যে প্রতিনিধি, তাঁদের এই মৃত মন্ত্রিগণ, বিনা বিচারে আটক রেখে দিয়েছে। কে না জানে যে এই দেশে বিনা বিচারে বন্দী সম্বন্ধে বহুবার কি বিরাট আন্দোলন হয়েছে। নীতি হিসাবে কোন দেশে কোন দিনই কোন মনিষীরাই এইটা সমর্থন করেনি। বৃটিশ আমলেও—আমার মনে পড়ে তখন আমি ছাত্রাবস্থায় ছিলাম, বহুদিনের কথা, Lord Carmichaelএর সময়—"Modern Review"তে condemned

unheard বলে একটা প্রবন্ধ বেরিয়েছিল। তা নিয়ে সমস্ত দেশে একটা সাড়া পড়ে গিয়েছিল। আমার আজো মনে পড়ে যে তদানীন্তন বাংলার গভর্ণর Lord Carmichaelকে লক্ষ্য করে লেখক বলেছিলেন যে পৃথিবীর কোন সুধী মানুষই কাউকে বিনা বিচারে বন্দী করা সমর্থন করেন না। এই প্রবন্ধে এই কথা বলা হয়েছিল যে Oxford University, Cambridge University, Berlin University, Sorbonne University বা Harvard Universityর কোন Professor বা কোন সুধীজনকে, Lord Carmichael যদি জিজ্ঞাসা করেন বিনা বিচারে বন্দীনীতি সমর্থনযোগ্য কিনা তাহলে তাঁরা সকলেই বলবেন কখনই নয়। একজন খুনী, একজন ডাকাত যে মহা অন্যায় কাজ করে তারও বিচার পাওয়ার অধিকার আছে। আর আজ যাঁরা আমাদের দেশের নির্বাচনে নির্বাচিত হয়েছেন যাঁদের উপর দেশের জনগণ পরিপূর্ণ আস্থা জানিয়েছেন তাঁরা আজকে বিনা বিচারে বন্দী হবেন এটা ভাবাই যায় না। এই সরকারী Benchএ যাঁরা বসে আছেন তাঁরা সকলেই জানেন যে কংগ্রেস এই বিনা বিচারে বন্দীনীতির বিরুদ্ধে চিরদিনই আন্দোলন করে এসেছে। এমন কি পণ্ডিত নেহেরুর আত্মজীবনীতেও দেখা গিয়েছে যে কি তীব্র ভাষায় এই বিনা বিচারে বন্দী করার নীতিকে তিনি নিন্দা করেছেন। এই সেদিনও তিনি খান আব্দুল গফুর খাঁর বিনা বিচারে বন্দী করাকে নিন্দা করেছেন (Sj Jyoti Basu: ওটা পাকিস্তানের ব্যাপার, এখানকার নয়।) অথচ তাঁরা নিজেরাই এই কাজ করছেন। আমি নজির দিতে পারি যে তাঁরা নিজেদের মতলব সিদ্ধির জন্য এই ঘৃণ্য কাজ করছেন। আমাদের মুর্শিদাবাদের নবনির্বাচিত পার্লামেণ্টের প্রতিনিধি শ্রীত্রিদিব চৌধুরী, তিনি একটা ঘটনা উল্লেখ করে আমার কাছে পাঠিয়ে দেন যে মুর্শিদাবাদের জনৈক মুসলমান ভদ্রলোক, তার নাম করতে চাই না, তিনি কংগ্রেসের বিরুদ্ধে ভোট সংগ্রহ করছেন এই ধারণায় তাঁকে বিনা বিচারে বন্দী করা হয় এবং তাঁর অপরাধসংক্রান্ত কাগজপত্র পর্যন্ত আজও Reviewing Authorityকে পাঠান হচ্ছে না। মুর্শিদাবাদের এই ভদ্রলোককে বিনা বিচারে আটক করে রেখে দিয়েছেন। হয়ত তারা এই অজুহাত দেবেন যে তিনি smuggling করবার চেষ্টা করছিলেন অথচ ঘটনা ঠিক তার উলটো। Smuggling করা দূরে থাক তিনি নিজে smuggling ধরার কাজে পুলিসকে সাহায্য করেছেন। শ্রীত্রিদিব চৌধুরী, M. P. এ সম্বন্ধে বিস্তারিত আমায় জানিয়েছেন। মতলবী কার্যসিদ্ধির জন্য এমন কোন অন্যায় কাজ নাই যা এই সরকার না করতে পারেন। আমি বলতে চাই যে যারা বিনা বিচারে বন্দী ও যারা রাজনৈতিক বন্দী তাদের প্রত্যেককে সর্বাগ্রে মুক্তি দেওয়া উচিৎ ছিল। আমাদের দেশ নূতন শাসন ব্যবস্থার সম্মুখীন হয়েছে, আশ্চর্য্যের বিষয় এই নির্বাচিত সদস্যদের পরাজিত মন্ত্রীরা বন্দী করছেন। বিনা বিচারে বন্দী রাখার নীতি কেবল প্রধান মন্ত্রীর নয় বর্তমান ক্যাবিনেটের। এই নীতির জন্য সকল মন্ত্রীরাই দায়ী সুতরাং পরাজিত মন্ত্রীরা যাদের নিকট পরাজিত হয়েছেন তাদেরই গায়ের জোরে বন্দী করছেন; পৃথিবীর কোথাও এর নজির নাই। বিদায়কালেও মন্ত্রীদের সুবুদ্ধি হল না। খাদ্যসমস্যা সম্বন্ধে কথা বলতে গেলে আমাদের প্রথমেই দেখতে হবে যে খাদ্য সম্বন্ধে দেশকে স্বয়ংসম্পূর্ণ করতে আমরা কোন ব্যবস্থা করছি কি না? আজকে খাদ্য সমস্যা সমাধান সম্বন্ধে কোন উপযুক্ত আয়োজনই নাই। আজকে খাদ্য উৎপাদন বাড়াবার জন্য খালি বড় বড় scheme হচ্ছে। আজকে দেখলাম ammonium sulphate তৈরির জন্য বিরাট আয়োজন। সিন্ধিতে বিরাট কারখানা স্থাপন করা হয়েছে সেখানে প্রতি বৎসর কয়েক লক্ষ টন এমোনিয়াম সালফেট তৈরী হবে। লক্ষ লক্ষ টন সে সার দেশে ছড়িয়ে পড়বে। কিন্তু আজ গরীব চাষীদের যারা খাদ্য সমস্যা সমাধানের যন্ত্র স্বরূপ, তাদের কোন জিনিস দিয়ে প্রথম সাহায্য করা দরকার সেদিকে নজর নেই। যে কোন বৈজ্ঞানিক জানেন যদি জমিতে যথেষ্ট calcium phosphate না থাকে তাহলে সেই জমিতে এমোনিয়াম সালফেট দিলে জমি নষ্ট হয়ে যায়। এই সার ব্যবহারে উল্টো ফল হয়। ক্যালসিয়াম ফসফেটের প্রধান সামগ্রী হচ্চে হাড়--এই হাড় বিদেশে চালান হয়ে যাচ্ছে সেটা বন্ধ করার কোন আয়োজন কিছু নাই। এঁরা আরম্ভ করলেন ammonia sulphate উৎপন্ন করার ব্যবস্থা। ভারত সরকারের সঙ্গে যুক্ত হয়েই এই ব্যাপার হচ্চে। যেমন ভারত সরকার তেমনি এরা। চিন্তাধারাতেই গোলমাল। চাষীর প্রতি নজর থাকলে প্রথমে চাষীকে প্রয়োজনীয় জৈবিক সার দিতেন। বিদেশে হাড়গুলি চালান দেওয়া বন্ধ করতেন। ছোট ছোট সেচ পরিকল্পনায় দেশ ছেয়ে ফেলতেন। চাষীর খাজনা সম্পূর্ণ মকুব করে দিতেন। পৃথিবীর কোন কোন দেশে land revenue নেওয়াই হয় না। এখানেও সেই রকম খাজনা আদৌ না নিয়ে যে সব চাষীর আয় আছে তাদের কাছ থেকেই কেবল কৃষিকর agricultural income-tax নেওয়া যেতে পারত। ছোট ছোট সেচ পরিকল্পনার আশু প্রয়োজন, সে দিকে নজর দিলে খাদ্য সমস্যারও সমাধান হত। আমেরিকার কাছে দেশকে বাঁধা দিতেও হত না। চাষী যাতে উৎপন্ন ফসলের ন্যায্য দাম পায় সে দিকে সরকারের নজর আদৌ নেই বরং তাঁরা সস্তা দর না দিয়ে চাষীর ধান কেড়ে নেন। চাষীদের এই অত্যাচার

থেকে বাঁচান দরকার। আমি আগেও বলেছি এখনও বলছি--প্রত্যেকের শ্রমলব্ধ বিত্ত ভোগ করবার অধিকার আছে। সেটা আমাদের গঠনতন্ত্রেই দিয়ে দিয়েছে। তাহলে চাষীরা কেন উৎপন্ন দ্রব্যের ন্যায্য দাম পাবে না? কণ্ট্রোলের দরে যখন বাজারে কেউ ধান পায় না। এমনকি সরকার নিজেই যে বাজার দর প্রকাশ করেন, তাও কণ্ট্রোল দরের থেকে অনেক চড়া তখন কাজেই চাষীর কাছে থেকে--বাজার দর উচু থাকা সত্ত্বেও--নিম্ন দরে জোর করে কেন ধান কেড়ে নেবেন? একে অত্যাচার ছাড়া কি বলা যায়? Procurementএর যারা আছেন তাদের ক্ষুধিতের অন্ন কেড়ে নেওয়া ছাড়া আর কি কিছুই নাই? এই যে মারধোর হচেছ, চাষীর মুখের গ্রাস কেড়ে নেবার জন্য গুলি পর্য্যন্ত চলছে এর কি কোন প্রতিকার নেই? অত্যাচারের যেন সীমা নাই। অনেক নজির দিয়েছি এখনও সেসব কাণ্ডকারখানা চলছে। আমি জানি একজন লেকের হাজার টাকার ধান নিয়ে নেওয়া হয়েছে কিন্তু তার দাম পায়নি। যদিও P. D. Agent টাকা দিয়ে দিয়েছে অথচ সে লোকটি টাকা পেলনা। Procurement কর্ম্মচারীরা এরকম দস্যুতা করে। আমি এই ঘটনাটা District Magistrateকেও জানিয়েছি, সকলকেই বলেছি কিন্তু কোন ফল হয়নি। কত রকম যে অত্যাচার চলছে তা বলবার নয়। Government এরকম বলেছেন যে এত বিঘা জমি থাকলে ধান নেওয়া হবে না। কিন্তু তা থেকে যদি দুই এক বিঘা অতিরিক্ত থাকে তার উপর অত্যাচার হয়। বড় বড় চাষীদের কাছ থেকে টাকা নিয়ে ছেড়ে দিচেছ অথচ যত জুলুম হচেছ ছোট ছোট চাষীদের উপর। সেদিন খগেন বাবু একজন উচচপদস্থ রাজকর্ম্মচারীর সাথে এ সমস্ত বিষয় নিয়ে আলাপ করছিলেন, বলছিলেন তাঁর জেলায় ঘুষের টাকা পেলেই বড় বড় জোতদারদের ধান আর Procurement কর্মচারীরা ধরে না যত জুলুম গরীবের উপর। আমায় দেখিয়ে উচচপদস্থ রাজকর্ম্মচারী খগেন বাবুকে বললেন এর সামনে বলবেন না, ইনি opposition member. এরকম অত্যাচার যে চলছে তা সকলেই জানেন। তাছাড়া সরকারের মিতালি কেবল বড় বড় পুঁজিপতিদের এবং শিল্পপতিদের সাথে। আজকে দেশে দারুণ এক সমস্যা এসেছে। কারণ চাষীর উৎপন্ন জিনিষপত্রের দাম পড়ে যাচেছ। ৩০ টাকা করে মুসুরী ধান কেনে এখন তার দর মাত্র ৯৲। এই রকম অন্যান্য সব জিনিষের বেলাতেও। আশ্চর্য্যের বিষয় আমাদের প্রধান মন্ত্রী নিজেকে জনসাধারণের মন্ত্রী বলে গর্ব্ব বোধ করেন না। নিজেকে বুর্জোয়া বলেন। তিনি শিল্পপতিদের লোক। তিনি প্রায়ই বলেন এবং সেদিন Bengal National Chamber of Commerceএর সভাতেও বলেছেন, কত বাহাবাও পেয়েছেন--তিনি বলেছেন সমস্ত Industry শিল্পপতিদের হাতে তুলে দেবেন। তিনি বলেছেন Government which was in a position to help the industrialists in many ways in industrialising the country, was not in itself a fit agency for trading purposes. তারপর cheers followed when he announced that he was looking for the day when the industrialists of the country would come up and take over the industries and trade in which Government was taking initiative at present. তিনি আরও বলেছেন—And you and I will join together in maintaining law and order. প্রধানমন্ত্রী যাদের নিয়ে law and order রাখতে চান তাদের স্বরূপ খুব ভাল করেই জানা দরকার। আমাদের চাষীর প্রত্যেক জিনিষের দাম বেঁধে দেওয়া উচিত ছিল। উৎপন্ন ফসলেই Rock bottom price বেঁধে দেওয়া উচিত ছিল। কিন্তু সরকার পাটের বেলায় উচু দর বেঁধে দিলেন কিন্তু নিম্ন দর বাঁধলেন না। সরকার পাট, পাটজাত দ্রব্যের উপর export duty কমিয়ে দিলেন। তাতে লাভ হল শিল্পপতিদের। চাষীর জন্য সরকার কিছু করলেন না। চাষীদের উৎপন্ন ফসলের দাম অত্যন্ত কমে গেল কিন্তু চাষীকে রক্ষার জন্য সরকার ত কিছুই করলেন না। তাছাড়া চাষী উৎপন্ন জিনিসের দাম না পেলেও মধ্যবিত্ত শ্রেণীর এতে বিশেষ কোন সুবিধাই হয়নি। এক তেলের দাম যা একটু কমেছে অন্য জিনিষের দাম কমল না। (THE HON'BLE DR. BIDHAN CHANDRA ROY: কেন পালং শাক?) মধ্যবিত্ত শ্রেণীরা চড়া দামে জিনিস কিনবে চাষীরাও জিনিস পত্রের দাম পাবে না, সরকারের সেদিকে কোন নজরই নেই। অথচ বড় চোরাকারবারী শিল্পপতিদের দিকে নজর ঠিক আছে। Indian Central Jute Committeeতে ভারত সরকার বৎসরে ১২ লক্ষ টাকার উপরে দেন। সেখানে কিন্তু পাটচাষী বা শ্রমিকদের কর্ত্তৃত্ব নেই। কর্ত্তৃত্ব হল পাট কলের মালিকদের। এখানে Indian Jute Mills Associationএর Chairman K. D. Jalan Bengal Chamber of Commerceএর বাৎসরিক সভায় ২৭শে ফেব্রুয়ারী যা বলেছেন তার থেকে উদ্ধৃত করে দিচ্ছি। Jalan বলছেন "The Indian Central Jute Committee is certainly the Government constituted body charged with the problem: its management, however, is to a great extent within the hands of the various jute trade and industrial interests."

Devaluation হল সরকার export বাড়াবেন বলে। কিন্তু পাট ও পাটজাত দ্রব্যের বেলায় ব্যাপারটা কি হল দেখা যাক। এরা কি করলেন পাটের দাম, উচ্চ দাম বেঁধে দিলেন। কিন্তু নিম্ন দর বেঁধে দিলেন না। পাটকলের মালিকেরা চাষীকে ঠকিয়ে এদেশে সস্তা দরে পাট খরিদ করলেন। আমেরিকায় এজেন্সি খুললেন আমেরিকায় control নাই অর্থাৎ trade operating at the other end. সমস্ত সুবিধা হল কয়েকজন পাটকলের মালিকের। এরা আমেরিকাতে পাটজাত দ্রব্য পাঠাতে লাগল। আর Devaluationএর পর devaluationএর পূর্ব্বে আমেরিকাতে যে পাটজাত দ্রব্যের দাম ছিল তার থেকে অনেক চড়া দামে বিক্রী করতে লাগল। আজকে যে substitute বেরিয়েছে, পাটের বদলে paper bags সেই স্থান দখল করছে। কিন্তু এর জন্য দায়ী পাটকলের মালিকরা। তাদের লোভের জন্য exportও বাড়ল না, substitute এনে বাজার দখল করল। তারা জানে ১৫ লক্ষ চাষীকে ফাঁকি দিতে, ৩ লক্ষ শ্রমিককে ফাঁকি দিতে এমন কি তারা share-holderকেও ফাঁকি দিচ্ছে, মাত্র কয়েকজন মালিক লক্ষ লক্ষ ডলার পকেটে পুরছে। আমি এখানে The "Capital", Calcutta Stock Exchange official year book থেকে দেখাচ্ছি--বাংলা Governmentএর যে আয় তার থেকে অনেক বেশী আয় এই পাট কলের মালিকরা করছে। Listed mills আছে ৯৩টা যার মূলধন সাড়ে সাতাশ কোটী টাকা (২৭·৫ কোটী)। ১১৩টি পাটকলের মধ্যে ১০০টি পশ্চিম বাংলায়, ১২টি United Provinceএতে--১টি বিহারে, নেপালে, সেইটা না হয় বাদ দিলাম। এ সব মিলের আয় কোটি কোটি টাকা। আপনারা জানেন--সম্প্রতি দুইজন পাটকলের Director (Jardine and Handerson group of millsএর) ছয় মাসে ৮০ লক্ষ টাকা পকেটে পুরেছে। ধরা পড়ে অবশেষে তাদের resign করতে হয়েছে। এরা কৃত্রিমভাবে দাম বাড়িয়ে ৮০ লক্ষ টাকা নিজেদের পকেটে ভরেছে। কেবল export dutyর দোষ দিচ্ছে, পাটকলের শিল্পপতিরা এই export duty কমিয়ে শিল্পপতিদের সুবিধা করা হল কিন্তু পাটচাষী বা শ্রমিকের কি সুবিধা হল। আমাদের প্রধান মন্ত্রী বাহবা চান--তিনি ১৫ লক্ষ চাষীর প্রধান মন্ত্রী হতে চান না, ৩ লক্ষ শ্রমিকের বাহবা পেতে চান না, তিনি চান কয়েকজন মুষ্টিমেয় শিল্পপতিদের প্রধান মন্ত্রী হতে। তা না হলে এমন করে সত্যিকারের জনসাধারণের প্রতিনিধিদের বিনা বিচারে আটকে রাখতেন না। Central Jute Committeeতে চাষীদের তরফ থেকে যে সব প্রতিনিধি চাষীদের কথা বলতেন আমাদের দুর্ভিক্ষ মন্ত্রী তাদের নাম কেটে তাড়িয়ে দিলেন। তাদের পাঠাবার মালিক বাংলা সরকার তাই শিল্পপতিদের মনোমত প্রতিনিধিই তাঁরা পাঠান। "And you and I will join together in maintaining law and order" না বলে পাট শিল্পকে যদি জাতীয় করণ করতেন, Industrial management যদি নিজেরা নিতেন, তাহলে দেশের মধ্যে একটা উৎসাহ সৃষ্টি হতো। যে পাট শিল্প বাংলা দেশের এত বড় শিল্প যে শিল্পে ১৫ লক্ষ চাষী ও ৩ লক্ষ শ্রমিকের ভাগ্য জড়িত, যার আয় বাংলা Governmentএর আয়ের বহুগুণ, সেটা আজ শিল্পপতিরা নিজেদের ব্যক্তিগত স্বার্থের জন্য ব্যবহার ক'রে দেশের লোকের সর্বনাশ করছেন। কি বলবো--এই স্বরাজের জন্য কি প্রস্তুত ছিল, দেশবাসী? (The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: এত দুঃখ করবেন না।) দুর্নীতি সকল ব্যাপারেই ঢুকেছে। Government বড় বড় বুলি আওড়াচ্ছেন--inflation বন্ধ করবেন কিন্তু control of purse করছেন না। পাটকল মালিকরা কোটী কোটী টাকা পকেটস্থ করছে এর কিছু হয় না। অথচ চাষীকে এক টাকা করে ধানের দাম বেশী দিলেই মুদ্রাস্ফীতি হয়। এ বিষয়ে যারা প্রতিবাদ করবে তারাই violence করে বলে বিনা বিচারে আটক করে রাখবে। কিন্তু এ জিনিষ কখনও ঠেকিয়ে রাখা যায় না। রাশিয়াতেও Czarএর আমলে এ জিনিষ হয়েছিল। এ যদি অবস্থা হয় তাহলে লোকের অধিকার আছে violence করার। কারণ সব লুটপাট করে নিয়ে যাবে আর চুপ করে বসে বসে দেখবো এ রকম অহিংসার নজির ইতিহাসে নাই। আমেরিকার বিপ্লবে, ফরাসী বিপ্লবে, চীনদেশের বিপ্লবে যা হয়েছিল দরকার হলে সব কিছু এ দেশেও ঘটবে জনসমাজের মঙ্গলের জন্য। Control of purse যুদ্ধের পরে inflation বন্ধ করার জন্য। Russiaতে কিভাবে করা হয়েছিল তা Reserve Bank থেকে পড়ে ইতিপূর্ব্বে আমি এই এসেম্বলিতেই দেখিয়েছি। তারা আইন করে যার Bankএ যা আছে তা $\frac{1}{10}$th করে দিল বাকী টাকা seize করে নিল। আমাদের দেশেও ছয় মাসে যারা ৮০ লক্ষ টাকা রোজগার করল, তাদের সব টাকা কেড়ে নেওয়া দরকার যারা চাষীকে, শ্রমিককে ফাঁকি দিল; দেশকে ফাঁকি দিল তাদের টাকা কেন কেড়ে নেব না? যারা অস্বাভাবিকভাবে টাকা রোজগার করল কোটি কোটি, তাদের টাকা কেড়ে না নিলে মুদ্রাস্ফীতিই বা বন্ধ হবে কি করে।

তারপর আমি বলছি দুর্নীতির কথা। দুর্নীতি সকল স্তরে ছড়িয়ে পড়েছে। শিল্পপতি হতে আরম্ভ করে সরকারী কর্ম্মচারী কেউ বাদ নেই। একটা ছোট উদাহরণ দিই। মুর্শিদাবাদের একটা ঘটনা——

Mr. DEPUTY SPEAKER : How long will you take ? You have already taken 20 minutes.

Sj. HARIPADA CHATTERJEE : যথেষ্ট সময় রয়েছে।

Mr. DEPUTY SPEAKER : I wai t to know how long will you take ?

Sj. HARIPADA CHATTERJEE : আমি একঘণ্টা বলব--বিশ মিনিট মাত্র বলেছি। আমার অনেক বলার আছে।

Mr. DEPUTY SPEAKER : I can allow you 45 minutes.

Sj. HARIPADA CHATTERJEE : 45 minutes, দেখা যাক যদি এর ভিতর সারতে পারি নতুবা আরও সময় দিতে হবে। বিদায়ী মন্ত্রীরা চলে যাচেছন-- তাদের এসব শোনা উচিত।

আমি বলতে যাচিছলাম একটা নীচের নিরীহ কর্ম্মচারীর উপর কি অত্যাচার হয়েছে, তারই সম্বন্ধে। মুর্শিদাবাদের Agricultural Departmentর কতকগুলি বিষয় anti-corruption অর্থাৎ দুর্নীতি দমন বিভাগের বিচারাধীন আসে। এবং সেখানকার কালিপদ দাস নামক একজন কর্ম্মচারীর উপর সন্দেহ হল সেই নিশ্চয় খবরগুলি দিয়েছে। সে একজন ঐ Agriculture Departmentর নিম্ন কর্ম্মচারী। সে একজন political sufferer এবং জেলও খেটেছে। আমরা জানি সে একজন ভাল ছেলে। তাকে করলে কি? Suspendও করলে না, dismissও করলে না,--তার মাইনে বন্ধ করে দিলে--এবং জোর করে forced leave নেওয়ালে। ভদ্রলোক আবার curbuncleএ আক্রান্ত হলেন ক্রমাগত: চিঠির পর চিঠি লিখলেন আমি কি রোগে ভুগে ও না খেয়ে উপোস করে মরব ? তার স্ত্রীও লিখলেন উপরওয়ালার কাছে। কোন সাডাশব্দ নেই। খবরের কাগজেও সেই চিঠি বেরিয়েছে। আমার বিশ্বাস হয়ত আপনারা অনেকেই সেটা পড়েছেন। "গণবার্ত্তা" মুর্শিদাবাদের একটা কাগজে বেরিয়েছে। তারপরে তার শিশু কন্যারও typhoid হল। তার স্ত্রী উপরে জানালেন যে তার স্বামীর বেতন না দিলে তার আত্মহত্যা করা ছাড়া আর কোন উপায় থাক্‌বে না। কিন্তু কিছুতেই উপর-ওয়ালার টনক নড়ল না। এবং শেষ পর্য্যন্ত তার স্ত্রী পারুল বালা দাসীকে আত্মহত্যা করতে হ'ল। যখন কার্ব্বঙ্কলে শয্যাশায়ী কপর্দকহীন তখন এই কর্ম্মচারীকে ঘাটালে transfer করা হল স্ত্রীর আত্মহত্যা করা ছাড়া উপায় কি? কোন রকম বিচার বিবেচনা কোন সরকারের থাক্‌লে এ রকম হয় না। একজন লোককে জোর করে কাজ থেকে বাইরে থাক্‌তে বাধ্য করা--মাইনে বন্ধ করা--কি তার অপরাধ বিচার না করে, এবং তারই ফলে তার পরিবারকে মরণের পথে ঠেলে দেওয়া এর চেয়ে অমানুষিক হৃদয়হীনতা ও অবিচার আর'কি থাক্‌তে পারে? বেশ সে যদি অন্যায় করেই থাকে, তার বিচার হোক; বিচারে দোষী সাব্যস্ত হলে তাকে suspend করা হোক। জোর করে তাদের উপবাসে রাখা--না খাইয়ে মৃত্যু বরণ করতে বাধ্য করা--এটা এই সরকারের পক্ষেই একমাত্র সম্ভব। আর তারা বলেন law and order--আইন ও শৃঙ্খলা—বজায় রাখ্‌তে হবে। যদি এই জন্য ব্যবস্থা অবলম্বন কর্‌তে হয় তাহলে দুর্নীতিপরায়ণ কর্ম্মচারী, চোরাকারবারী এবং মুনফাকারী দেশের শিল্পপতিদের উপর করা দরকার কারণ তারাই এই বিশৃঙ্খলা--এই অরাজকতা সৃষ্টি কর্‌ছে। তা ওঁরা কর্‌বেন না--নিরীহ গরীবদের উপর যত জুলুম—law and order—বজায় রাখার কথা ওদের মুখে শোভা পায় না।

তারপর, বাস্তুহারাদের পুনর্বাসন সম্বন্ধে--এই ব্যাপারটাকে আজকে বাংলাদেশের সব থেকে বড় সমস্যা বলে আমি বলব। বাংলা partitionর জন্য এই বাস্তুহারারা দায়ী নয়। এজন্য এই কংগ্রেসী গভর্ণমেণ্টের মোড়লরাই দায়ী। লক্ষ, লক্ষ অগণিত লোক আজ গৃহহারা, সর্বহারা। এরজন্য দায়ী কে ? দায়ী ঐ মোড়লরা। সুতরাং বাস্তুহারাদের আজ State guest করা উচিত। সরকারের অতিথিরূপে তাদের রাখতে--যে পর্য্যন্ত তাদের পুনর্বসতি না হয়--সরকার ন্যায়ত: ধর্ম্মত: বাধ্য। কিন্তু পুনর্বসতির নামে যা আজ হচেছ সে একটা উপহাসের ব্যাপার ছাড়া আর কিছু নয়। এর আগেও আমি ২।১ বার বলেছি--বর্ত্তমানে এই বাস্তুহারাদের মধ্যে ঘুরে যা আমি দেখেছি, শুনেছি ও বুঝেছি, তাতে আমি বলতে চাই, শাস্ত্রী পাহারার মধ্যে না থেকে--শিল্পপতিদের মধ্যে তাঁদের সঙ্গে কাঁধে কাঁধ মিলিয়ে law and orderর ফাঁকা বুলি মুখে না কপচিয়ে, আমাদের মন্ত্রীপুঙ্গবরা--বিশেষত: পুনর্বসতি ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় যেন এই সব বাস্তুহারাদের মধ্যে গিয়ে বাস করেন। ঐ যেসব colony

তাঁরা করছেন, সেখানে তাদের মধ্যে যেয়ে বাস করতে অভ্যাস করুন। সেখানে তারা যে অবস্থায় আছে, স্বচক্ষে দেখুন--দরকার হলে তাদের সঙ্গে উপবাস করুন। নিজে আচরণ করে অপরকে শিখাতে হয়। বাস্তুহারারা যদি দেখে তাদের মন্ত্রী তাদের সঙ্গে দুঃখ ভোগ করতে প্রস্তুত তা হ'লে কাজ অনেকখানি এগিয়ে যাবে। নইলে যিনি নিজে প্যাণ্ট না পরে অন্যকে পরতে উপদেশ দেন সেই মন্ত্রীর মত হবে। কেউ তার কথা শুনবে না। তাহেরপুরে যে একটা colony করেছেন, তাতে ৩০।৪০ হাজার লোক জমা হয়েছে। সেখানে আমাদের মন্ত্রীবর কখনও গিয়াছেন্ কিনা জানি না। যে মন্ত্রী বাস্তুহারাদের in chargeএ আছেন তিনি যদি দয়া করে একবার সেখানে যান, তবে দেখতে পাবেন সেখানে মানুষকে কিভাবে অপমান করা হয়েছে। সাড়ে বারশো টাকা করে যে house-building loan দেওয়া হয়, সে সম্বন্ধে কিছু বলি। বাল্কুমা ও বীরনগরের মধ্যে যে জায়গা এমনকি stationর ধারে ভাল যে জায়গা, তার দাম বিঘা প্রতি ১০।১৫ টাকার বেশী নয়। সেখানে আজ তার দাম দিচ্ছেন সরকার ৩৫' টাকা বিঘা প্রতি। যেমনি বাস্তুহারাদের house-building loan দেওয়া হয়, সঙ্গে সঙ্গে যেটুকু জায়গা তাদের দেওয়া হয় তার দাম বিঘা প্রতি ৩৫' টাকা করে জমিদারের ঘরে জমা পড়ে। এগুলি জমিদারের জায়গা। জমিদার পুনর্বসতি মন্ত্রীর পেয়ারের লোক। দরিদ্র বাস্তুহারাদের loanএর টাকা থেকে অতি চড়া দামে—১০।১৫ টাকা বিঘার জমি ৩০০ টাকা বিঘা দরে জমির দাম দেওয়া হয়। আর এই loan টাকাও দালালের through দিয়ে পেতে হয়। নইলে পাওয়া অনেক বিড়ম্বনা। আমি নিজে গিয়ে দেখেছি এবং একথা আমি সমস্ত দায়িত্ব নিয়ে বলছি। তারপর দেখি ৪ শত পরিবার যারা Coopers Camp থেকে গিয়েছে তারা ration cardই পায় নি। এবং যারা ration card পায় তারা আবার অনেক সময় ration পায় না। সুতরাং ৩০।৪০ টাকা দরে চাল কিনে খেতে হয়। ফলে House-buildingর টাকা তারা প্রায় খেয়ে ফেলে। উপায় কি? House-buildingর loan নেওয়া হল অথচ house হল না। আগে বাঁচতে হবে ত। House ত পরে। সরকারী ব্যবস্থায় তারা চাল পায় না। সে চাল পায় কি করে শুনুন। গাড়ী যখন ছাড়ে কৃষ্ণনগর থেকে, তখন ট্রেনে *bona fide* passenger যতজন থাকে তার চাইতে অনেক বেশী থাকে smuggler. তারা cordon area থেকে কোন রকমে চাল নিয়ে এসে non-cordon areaএতে বেচে। এই যে অরাজকতা এর জন্য দায়ী এই সরকার। এটা হতে পারছে সুষ্ঠু পুনর্বসতির বিধি-ব্যবস্থা নেই বলে। লোকে করবে কি--খাবে কি? উপায় কি--কোনরকম উপজীবিকার উপায় তাদের নেই। সুতরাং প্রত্যেক বাড়ীতে চাল নিয়ে industrial area না বেচা ছাড়া আর কোন উপায় তাদের নেই। এই যে অরাজকতা হচ্ছে এর গুরুঠাকুর হচ্ছে এই সরকার (laughter). যে কাজে তারা হাত দিচ্ছেন, তাতেই কিস্তিমাৎ। তার পর বেথুয়াডহরীতে যে একটা Co-operative Colony করলেন, District Relief Officer হচ্ছে তার সভাপতি। পনর লক্ষ টাকা সেখানে ব্যয় হয়েছে। আমি নিজে এখানকার একজন উচ্চপদস্থ Agriculture Departmentর কর্মচারী--তার নাম প্রকাশ নাই করলাম--তাকে সঙ্গে করে সেখানে গিয়েছিলাম। তিনি দেখে বললেন--এই জায়গাটায় পুনর্বসতি করবার কল্পনা কি করে মাথায় এলো, আমি তা বুঝতে পারি না। এখানে চার আঙুল তলে বালি। এখানে মানুষের বসতি কিছুতেই হতে পারে না। অথচ ১৫ লক্ষ টাকা খরচ হল সরকারের পক্ষে। এখন আবার তাদের gratuitous relief দিতে হচ্ছে। সেখানের Vice-Chairman and Secretary পলাতক এবং Chairman resign করেছেন। Tractor কেনা হল--রাস্তা করা হল--সবই হল কিন্তু সবই রইল পড়ে। মাঝখান থেকে সব টাকা খেলো দালালরা।

নদীয়ার অনুরূপ আর একটা scheme হচ্ছে--এই সাড়ে পাঁচ হাজার বিঘা জমি নিয়ে জয়ঘাটা Scheme বলে আর একটা Scheme. এতে test relief, gratuitous reliefএ যে টাকা খরচ হচ্ছে, যদি তার ভেতরকার খবর নেওয়া যায় তবে বহু লোকের হাতে হাতকড়া দেওয়া দরকার হবে। প্রধান মন্ত্রীকে আমি এইসব কথা ভাল করে শুনতে বলছি। এইভাবে সরকারী টাকার অপব্যয় করা হয়। এরূপ হওয়া আমরা কিছুতেই উচিত মনে করি না। জয়ঘাটা Colony সম্বন্ধে বলছি শুনুন। সেখানে এক ব্যক্তি তার নাম করব না--সে আগে পুলিসের spy ছিল। এখন সে একজন বড় কংগ্রেসী হয়েছে; সেই হল জয়ঘাটা কোঅপারেটিভের সর্বেসর্বা। দশহাজার টাকা দাম নিয়ে একখণ্ড জমি যার দাম কিনা পাঁচ টাকা বিঘা হবে না এরূপ খারাপ কিছু জমি co-operativeএর ঘাড়ে চাপিয়েছে। একটা মিটিং ডেকে পর্য্যন্ত দাম সাব্যস্ত করেনি। আমার যা খবর তাতে দেখা যাচ্ছে যে এই যে সমবায় সমিতি গঠিত হয়েছে আজ পর্য্যন্ত ১॥০ বৎসর মধ্যে কোন সাধারণ সভা আহ্বান করা হয় নাই। অথচ সমিতির সম্পাদক যথোপযুক্ত রসিদ ছাড়াই টাকা আদায় করে। আমি District Magistrateএর কাছে এই নিয়ে দরবার করেছি কিন্তু কিছুই ফল হয়নি। হবে কি করে? যত সব বড় বড়

সরকারী কর্মচারী সেখানে যান, তার বাড়ীতেই তারা উঠেন। তারফলে এই যে সব কুকীর্ত্তি হচ্ছে তা অব্যাহতই থাকবে। খাতাপত্র কিছুই audit হয় না। এই সমবায় সমিতির সম্পাদকের হাত দিয়েই অন্ততঃ ৫০ হাজার টাকা relief বাবদ খরচ হয়েছে--তার ২৫ হাজার টাকা সে খরচ করেছে কিনা সন্দেহ। সরকারী তহবিলের সবটাই এইভাবে চুরি হয়ে যায়। সেখানে একজন Relief Officer ছিলেন--M.A. পাশ করা ভাল ভদ্রলোক--তাকে transfer করা হল--সত্য report দিয়েছেন এখানকার ঘটনা সম্বন্ধে এই তার অপরাধ। আর কত বলব। এই যে house-building loan, agricultural loan, maintenance allowance--এ সব কিছুই দলীয় ব্যাপার হয়ে দাঁড়িয়েছে। এই যে co-operative society করা হচ্ছে--সবই তাদের হাতের লোক নিয়ে। আমার যে অনুরোধ যে স্থানীয় লোকদের তার অন্তর্ভুক্ত করা হোক--তা হবে না। যাদের জয়ঘাটা Schemeএ ঢোকান হচ্ছে তাদের অনেকের ঐ অঞ্চলে একছটাক জমি নেই। অনেকে অন্য স্থানের বাসিন্দা এবং চাষীরাও নন। অথচ স্থানীয় চাষী যারা বাস্তহারা হবার পর ঐখানে চাষ আবাদ করে স্থানীয় চাষী হয়েছে তাদের আবার দ্বিতীয়বার বাস্তহারা করার ব্যবস্থা হচ্ছে। সরকার যাদের ঐ জমির উপর maintenance allowance দিয়েছেন, house-building loan দিয়েছেন তাদের আবার উৎখাত করার ব্যবস্থা করছেন। এই সমবায়ের মধ্যে কি তাদের ঢুকিয়ে নেওয়া যায় না? যারা agricultural loans পেয়েছিল দুই বৎসর ধরে জায়গা জমি কিনে বাড়ী তৈরী করে বসবাস করছিল, তাদের সব উঠিয়ে দিয়ে, তাদের সেখান থেকে পাঁচ মাইল দূরে এক বালু জমিতে বসাবার ব্যবস্থা হচ্ছে। এইভাবে সব উল্টে পালটে কাজ করছেন। যে ভদ্রলোক এই কোঅপারেটিভের কর্ত্তা তিনি উচ্চ কর্মচারী দারোগা পুলিস সব হাত করে পুকুর চুরি আরম্ভ করেছেন। এই সমিতির খাতাপত্র অনতিবিলম্বে audit করা উচিত। সেদিন এই ভদ্রলোকের বাড়ী Central I. B. থেকে search করা হয়। তার বিরুদ্ধে লুণ্ঠনের অভিযোগ করা হয়। দাদার জোরে এই লুণ্ঠনের অভিযোগ থেকে তিনি নিষ্কৃতি পান। তার নাম আমি উল্লেখ করতে চাই না, প্রধানমন্ত্রী মহাশয়কে বলছি যে তিনি এই জয়ঘাটা Scheme সম্পর্কে একটু তদন্ত করে দেখুন। নদীয়ার জেলা Magistrateকেও তিনি একটু ভাল করে অনুসন্ধান করে দেখবার আদেশ দিতে পারেন। যে কংগ্রেসী নেতাটি এই জয়ঘাটা Schemeএর সম্পাদকের সমর্থক তাকে ঘাটাতে কেউ সাহস করে না। মন্ত্রীরা এই কংগ্রেসী নেতাটির হাত-ধরা। মন্ত্রীরা জানেন ম্যাজিষ্ট্রেট গেলে ম্যাজিষ্ট্রেট পাওয়া যাবে কিন্তু কংগ্রেসী নেতা বিগড়ালে ত আর দ্বিতীয় কংগ্রেসী নেতা পাওয়া যাবে না। অতএব কংগ্রেসী নেতাটী আমাদের জেলার *de facto* Governor. যদি প্রধানমন্ত্রী নদীয়ার জেলা ম্যাজিষ্ট্রেটকে অভয় দেন এবং নিরপেক্ষ তদন্ত করতে বলেন তা হ'লে অনেক চুরি ধরা পড়বে। বেশী কিছু বলতে চাই না তবে জয়ঘাটা Schemeএ ঐ অঞ্চলে যে সমস্ত বাস্তহারা আছে তাদের জীবন বিপন্ন হয়েছে সে বিষয়ে সন্দেহ নাই। এই ত গেল আমাদের হিন্দু ভাইদের ব্যাপার এবার মুসলমান ভাইদের কথা একটু শুনুন। তারা আজ দুই বৎসর ধরে গাছতলায় না খেয়ে পড়ে আছে, তারা বাড়ীঘর জায়গা কিছুই পেলো না। তারা নিজের জমিতে ঘোটখেত। আমি দুস্থ মানুষের ভিতর জাতিভেদ করি না, হিন্দু-মুসলমান বলে বিবেচনা করি না। আজ বড়ই দুঃখের এবং দুর্ভাগ্যের বিষয় যে আমাদের দেশ বিভক্ত হয়ে গরীব জনসাধারণের কষ্টের সীমা নাই। সাম্প্রদায়িকতা দুই দেশেই বিরাজমান। বিবেচনা বলে কিছু নেই। লীগের নেতা, কংগ্রেসের নেতা সাম্প্রদায়িকতায় সায় না দিলেই বিপদ। এখানেও যা পাকিস্থানেও তাই। গরীবের কষ্টের সীমা নাই। আবুল হাসেম সাহেব যিনি এখানে ছিলেন তিনি আজ পাকিস্থানের জেলে আটক হয়ে আছেন। আমিও সেখানে গেলে হয়ত আটক হয়ে যাবো। কাজে কাজেই আপনারাও যা তারাও তাই। তারাও ইস্পাহানীর মত ব্যবসাদারদের কথায় চলে। (The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: আপনার election officeও ত ঐখানেই ছিল) এই কথা যে সত্য নয় তা আমি আগেও অনেকবার বলেছি। আমার জেলার কংগ্রেসী নেতাকে চ্যালেঞ্জ করেছি। তিনি চ্যালেঞ্জের উত্তর দিতে পারেন নি, আপনাকেও চ্যালেঞ্জ করছি। যদি প্রমাণ করতে পারেন ত আমি পদত্যাগ করতে প্রস্তুত আছি। আপনাকেও এই issueতে নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করতে প্রস্তুত আছি। আজ পাকিস্থানে দোহা সাহেব যে জিগির দিচ্ছেন তাতে বেশ বোঝা যাচ্ছে যে সেখানে কি অবস্থা। আমরা উভয়সঙ্কটে পড়ে গিয়েছি। কি পাকিস্থানে কি ভারতে সাম্প্রদায়িকতা ধ্বংস করতে না পারলে গরীব জনসাধারণের কোন কল্যাণই হবে না। তাই আমরা অসাম্প্রদায়িক,--আমরা সাম্প্রদায়িকতার চরম শত্রু। সাম্প্রদায়িকতা দ্বারা বিপ্লব আনা যায় না। বীর সতীন সেন যিনি সাম্প্রদায়িকতার বিরুদ্ধে শেষ সংগ্রাম ঘোষণা করেছেন, যাঁর কথা আমি "মাভৈঃ"এ লিখেছি তিনি আজ পাকিস্থানের জেলে বন্দী। তিনি বন্দী হলেও সত্য ধ্বংস হবে না। সত্যকে কেউ চেপে রাখতে পারে না। সত্য যা তা সত্যই। মহাত্মা গান্ধীর কাছে যদি কিছু শিখে থাকি।

প্রবের আসল নীতি যদি কিছু বুঝে থাকি তাহলে এই সত্যকে স্বীকার করাই সব থেকে বড় বলে মনে করি। এবং এই জন্য এই দেশে মুসলমান চাষীদের--আমাদের নাগরিকদের কষ্টের কথা জানান কর্ত্তব্য বলেই মনে করি। আজকে যারা গাছতলায় পড়ে আছে তারা দরখাস্ত করেও Ration Card পাচেছ না কেন? এরা কি আমাদের দেশের মানুষ নয়? আপনাদের এখানে চুপ করে বসে থাকলে চলবে না, আপনারা পূর্বে প্রতিশ্রুতি দিয়েছিলেন যে মুসলমান displaced personsদের সম্বন্ধে যারা পাকিস্থানে যায় নি আপনারা চার সপ্তাহের মধ্যে একটা Ordinance এনে ব্যবস্থা করবেন কিন্তু তা আজও করেননি। পণ্ডিত জহরলাল নেহেরু সাম্প্রদায়িকতাকেই দেশের সব চেয়ে বড় শত্রু বলে বলেছেন কিন্তু কথা ও কাজে এত পার্থক্য কেন? এই জন্য অরুণা আসফ আলি তাঁকে বলেছেন যে তিনি একজন political film star, যেখানে তিনি যান সেখানেই তাঁকে দেখতে ভিড় জমে যায় আর তিনি শুধু বড় বড় বক্তৃতা দেন আসলে রাজ্য শাসন করে পুঁজিবাদীরা ও সাম্প্রদায়িকরা। আজ ঘরে ঘরে বিপ্লব বাসা বাঁধছে, সমস্ত ধ্বসে ভেঙ্গে পড়বে, একথা কেউ অস্বীকার করতে পারবেন না। আজকে এই পুঁজিপতিদের দিন ঘনিয়ে এসেছে। আজকে যে হাঁস সোনার ডিম পাড়ছে তার ডিম পাড়ার দিন শেষ হয়ে এসেছে কেন না অতি লোভে তার পেট চেরা হয়েছে। যে বিপ্লব আসছে তাতে হিন্দু-মুসলমান সমস্ত বাস্তহারারা এক হয়ে যাবে। আপনারা বাধা দিয়েও ঠেকাতে পারবেন না।

আজকে হাজার হাজার বিঘা জমি চারিদিকে পড়ে রয়েছে অনাবাদি হয়ে। অধিক খাদ্য ফলান আন্দোলনের সবটাই ভূয়ো। কার গোয়ালে কে ধোঁয়া দেয়। যা কিছু হচেছ সব স্বজন পোষণের আয়োজন। এরা সব compost সার দিচেছন। আমি দেখাব যে তারা কি রকম false compost সার বিলি করছেন। হরিণঘাটায় কয়েক হাজার টাকা খরচ হ'ল ঐ থানার যাঁরা compost সার তৈরী করেছেন তাদের মধ্যে পারিতোষিক বিতরণ উপলক্ষে। মন্ত্রীবর গেলেন খুব জাঁক জমক হল কিন্তু compost সারের গাদা আর খুঁজে পাওয়া গেল না। যা পাওয়া গেল তা কোথাও তিন ইঞ্চি পুরু নয়। কিন্তু পারিতোষিক স্বজনদের দিতেই হবে অতএব দেওয়াও হল। নদীয়ার কংগ্রেসী নেতা মন্ত্রীকে যা বললেন তিনিও তাই করলেন। একমন সারও জমিতে পড়ল না কিন্তু কয়েক হাজার টাকা খরচ হয়ে গেল পারিতোষিক বিতরণ উৎসবে। খাতিরে, লোকেরা বেশ দু'পয়সা পেলেন। এই অনাচার দেখে বিরক্ত হয়ে প্রতিবাদে অনেক কংগ্রেস memberরা পর্যন্ত কংগ্রেস থেকে resign দিয়ে দিয়েছেন। আপনারা চাষীদের উপর অত্যাচার বন্ধ না করলে উৎপাদন কখনও বৃদ্ধি করতে পারবেন না। হাজার হাজার জমি অনাবাদি হয়ে পড়ে রয়েছে কেন? নদীয়ার অনেক চাষী তার জমি ও বাড়ী থেকে উৎখাত হয়ে গাছতলায় রয়েছে আজ ২ বৎসর অথচ সেই চাষীকে বাকী খাজনা দিতে হচেছ কেন? চাষীকে মারপিট করে কেউ কখনও খাদ্য উৎপন্ন করতে পারে না। এক করিমপুরে দেদার মাঠে ছয় হাজার বিঘা জমি অনাবাদি হয়ে পড়ে আছে। উৎকৃষ্ট জমি অথচ সেখানে চাষী নাই। যাদের জমি সেই সব চাষী নিকটেই আছে। জমির বাকী খাজনাও টানছে কিন্তু নিজের জমিতে গিয়ে চাষ করবে তার উপায় নেই। অথচ এই জমিতে আবাদ হলে করিমপুর থানার অন্ততঃ দু'টী ইউনিয়ন স্বয়ংসম্পূর্ণ হতে পারে। মোক্তারপুরের মাঠে অত্যন্ত উর্বরা অনাবাদী পড়ে আছে। চাষী গাছতলায় রাস্তায় মাটি দেওয়ার কাজে মুনিষ খেটে নিজের জমির বাকী খাজনা টানে কিন্তু জমি চাষ করতে পায় না। জমি জঙ্গল হয়ে আছে। লাট সাহেব অনেক policyর কথা বললেন কিন্তু চাষীদের কথা কিছু বললেন না। যাক আমি বেশী কথা বলতে চাই না কারণ বেশী কথা বলতে গেলেই সত্য কথা চলে আসবে। তবে বলতে পারি যে সত্যই বড়। আজকে দোহা সাহেব ও নুরুল আমিন সাহেব যা বলে বেড়াচেছন তা পৃথিবীর কোন লোকই সমর্থন করতে পারবে না। আজ আবুল হাসেম সাহেবকে জেলে পচতে হচেছ এর চেয়ে দুঃখের বিষয় আর কি হতে পারে? (Blue light was lit.) সর্বশেষে আমি বলছি যে আপনারা দয়া করে খাদ্য-সমস্যা, বাস্তহারা-সমস্যা, পুনর্বসতি-সমস্যা সম্বন্ধে এক হয়ে কাজ করবার চেষ্টা করুন। জন সাধারণ না বাঁচলে কেউ বাঁচবে না। গাছের গোড়া কেটে তার উপর জল ঢাললে কিছুই হবে না। আপনারা যে নীতি নিয়েছেন তাতে শিল্পপতির হাতের পুতুল হয়ে নাচেছন। Bernard Shawর "Man, Superman"এর সেই কথাটা মনে পড়ছে। এক ডাকাত ধনীর মোটর গাড়ী থামান। ধনী জিজ্ঞাসা করল "তুমি কে"? ডাকাত উত্তর করল "I am a dacoit, I live by plundering the rich". ডাকাতের কৌতুহল হ'ল সে জিজ্ঞাসা করল "তুমি কে বট হে?" ধনী উত্তর দিল "I am a gentleman, I live by robbing the poor". আমরা যারা বড় লোকদের হাতের পুতুল তারা অনেকেই এই রকম gentleman, একথা যেন না ভুলি।

Sj. HEMANTA KUMAR BASU: ডেপুটি স্পীকার মহাশয়, Governmentএর Grow More Food Schemeএ বাংলা দেশে যে খাদ্যসমস্যা সমাধান হয় নি সে আমরা জানি। Governmentএর Grow More Food Schemeএ দেখা যায় যে বীজ চাষীদের মধ্যে বিতরণ করা হয়েছে, Governmentএর Agriculture Departmentএর অনভিজ্ঞ officerরা যে সময় যে জমিতে আমন বীজ দেওয়া উচিত ছিল সেখানে আউশ বীজ দিয়েছে আর যেখানে আউশ বীজ দেওয়ার কথা সেখানে আমন বীজ দিয়েছে। যদি সত্যি সত্যিই Governmentএর ইচ্ছা থাকতো যে বাংলা দেশের জনসাধারণের খাদ্যসমস্যা সমাধান করবে তা'হলে এই সমস্যা সমাধান করা শক্ত হ'ত না। বিলাতে যুদ্ধের সময় তারা এক ইঞ্চি জমিও ফেলে রাখে'নি, সেই জমি দিয়েই যাতে খাদ্য সমস্যার সমাধান হয় সেই ব্যবস্থা করেছে। আমি ৩।৪ দিন আগে কলিকাতার আশেপাশে—দমদম, উল্টাডাঙ্গায় গিয়ে দেখেছি যে সেখানে অনেক জমি পড়ে আছে। মহিষবাথানে গিয়ে দেখেছি যে সেখানে প্রায় হাজার দু'হাজার বিঘা ভাল জমি প'ড়ে আছে। কলিকাতার আশেপাশে বহু বাস্তহারা রয়েছে যারা মুসলমানদের ঘরে রয়েছে তাদের এই সমস্ত জমি দিয়ে খাদ্য উৎপাদনের জন্যই হ'ক্ বা পুনর্বসতির জন্যই হ'ক্, কাজে লাগান যায়। বাংলা দেশে আরো অনেক জমি প'ড়ে আছে। যদি হিসাব করে দেখা যায় তা হ'লে দেখা যাবে যে বাংলা দেশে হাজার হাজার বিঘা জমি প'ড়ে আছে। আমার কাছে একজন একটা scheme নিয়ে এসেছে যে "বগুলার" আশেপাশে ৩০ খানি গ্রামে যদি minor irrigation scheme নিয়ে কাজ ক'রে দেওয়া হয় তা হ'লে এখন যা ধান হচ্ছে তার দ্বিগুণ ধান হবে। Grow More Food Schemeএ দেখা যায় যে কর্মচারীদের বেতনে যা খরচ হয়েছে তার তুলনায় ফলন কিছুই বাড়ে নি। কাজেই Grow More Food Scheme যে সম্পূর্ণ বিফল হয়েছে তা আর বলতে হবে না। যদি সত্যি সত্যিই সরকার দেশের খাদ্য-সমস্যা সমাধান করতে চায় তা হ'লে যেখানে যত জমি প'ড়ে আছে সেই জমিগুলি গ্রহণ করা উচিত। অনেক জায়গায় জমি আছে চাষী নাই। কিন্তু আমি জানি যে এই সমস্ত বাস্তহারাদের মধ্যেই অনেক চাষী আছে। এক হেলেঞ্চায় চারশত ঘর চাষী আছে। এখান থেকে বহু লোক এসেছিল প্রধানমন্ত্রীর কাছে তাদের দুঃখের কথা জানাবার জন্য। শেষে প্রধানমন্ত্রীর সাথে দেখাও করেছিল এবং বলেছিল যে তাদের যে ১৫ বিঘা ক'রে জমি দেওয়ার কথা ছিল তা তারা পায় নি এবং তাদের যে ঋণ দেওয়ার কথা ছিল তাও তারা পায় নি। এই সব চাষীদের এই যে সমস্ত জমি প'ড়ে আছে তা যদি দিয়ে সাহায্য করা যায় তা হ'লে খাদ্য উৎপাদন বাড়ান যেত এবং সেই সাথে সাথে পুনর্বসতিরও কাজ হ'ত।

অনেক সময় অনেক report পাওয়া যায় যে বাস্তহারারা loan নিয়ে এখান থেকে চলে গিয়েছে বা টাকাটা অন্যভাবে খরচ ক'রে ফেলেছে। এটা সবসময় ঠিক নয়। কারণ একজনের ঘরবাড়ি সব কেড়ে নিয়ে তাদের গৃহহীন করে যদি মোট ৫০০ টাকা দেওয়া যায় তা হ'লে তারা কি করে এই ৫০০ টাকায় পুনর্বসতি করতে পারে? আপনার সমস্ত সম্পত্তি কেড়ে নিয়ে শুধু ৫০০ টাকা দিলে আপনি ছেলেপিলে নিয়ে কি ক'রে এই পুনর্বসতি করবেন? আমি প্রধানমন্ত্রী মহাশয়কেই জিজ্ঞাসা করি যে আজকে যদি তাঁর সমস্ত সম্পত্তি কেড়ে নিয়ে তাঁকে মাত্র ৫০০ টাকা দেওয়া যায় তবে তিনি ছেলেপিলে নিয়ে কি করবেন? অবশ্য আমাদের প্রধান মন্ত্রী মহাশয় বিবাহই করেন নাই, তাঁর কথা আলাদা কিন্তু এখানে আরো মন্ত্রীমহাশয়রা আছেন তাঁরা এটা বিবেচনা করবেন। যে টাকা ঋণ দেওয়া হয়েছে সে টাকা খরচ ক'রে অনেকেই চেষ্টা ক'রে এই সমস্যা সমাধান করতে পারে নি তখন তারা দুঃখের বোঝা নিয়ে গিয়ে প্রধানমন্ত্রী মহাশয়ের কাছে উপস্থিত হয়েছে। এদের যেভাবে loan দেওয়া হচ্ছে যে প্রথমে ১০০ টাকা দিল আবার তিন মাস পরে ১০০ টাকা দেয় এতে তারা অভাবে প'ড়ে অনেক সময় খরচ ক'রে ফেলে। এ ছাড়া টাকা নিয়ে পাকিস্তানে চ'লে গিয়েছে এরকম সংখ্যা খুবই কম। কাজে কাজেই এইগুলি বৈজ্ঞানিক দৃষ্টি নিয়ে দেখা দরকার। তাঁরা যে ঋণ পাচ্ছে তা দিয়ে যদি একটা ভাল লোককে দিয়ে একটা ভাল scheme তৈরী ক'রে যে সমস্ত জমি পড়ে আছে তাতে যদি এই সমস্ত লোকদের বসিয়া দেওয়া যায় তা হলে Grow More Foodএর আর কোন অসুবিধা হয় না। বহু জমি প'ড়ে রয়েছে জমিদারের হাতে। কিন্তু আমাদের এই সরকার এই সমস্ত জমিদার ও শিল্পপতিদের দিকে দৃষ্টি রেখে শাসনকার্য্য পরিচালনা করেন, সেইজন্য এই Grow More Food সব রকমেই বিফল হয়েছে। অনেক irrigation scheme যেগুলি আজো সম্পূর্ণ করেন নি যেমন "গুড়গুড়ে" নদী, সেটা কেটে দিলে অনেক জমি চাষ করতে পারতেন। এবং এতে অনেক পরিমাণে খাদ্য-সমস্যার সমাধান হ'ত। সরকারের প্রথম কর্ত্তব্য হ'ল যে যদি তাঁরা সত্যি সত্যি খাদ্য

উৎপাদনের দরকার ব'লে মনে করেন তা হ'লে তাদের এই সমস্ত ছোট ছোট minor irrigationগুলি হাতে নেওয়া উচিত ছিল। অবশ্য যেগুলি বড় বড় নদী নালা না কেটে কোন লাভ হবে না সে আলাদা কথা। এবং অনেক জমি প'ড়ে আছে সেগুলি সংগ্রহ ক'রে নিয়ে এই পুনর্বসতির কাছে লাগান হ'ক।

মালদহে এই সব ২০ হাজার refugeeকে মুসলমানদের বাড়ীতে বসিয়ে দেওয়া হয়। এখন অনেক মুস্লিম-ফিরে এসেছে। এখন এইসব refugeeরা কোথায় যাবে? এমন জায়গায় এই সমস্ত refugeeদের ঘরবাড়ী দেখান হচ্ছে যেখানে গ্রীষ্মকালেও ১০।১২ হাত জল। অথচ refugeeদের notice দেওয়া হয়েছে, কি অমানুষিক কাণ্ড। পুনর্বসতি করা যেটা সরকারের উচিত ছিল সেটা করেনি। Chandipur (?) Colonyতে একজন ভাল officer সত্যি ছিলেন যিনি refugeeদের দরদী ছিলেন। তিনি সত্যি খুব ভাল কাজ করছিলেন কিন্তু তাকে হঠাৎ অভিযোগ দিয়ে ওখান থেকে সরিয়ে দেওয়া হ'ল। এই সব refugeeদের এমন সব জায়গায় বসিয়ে দেওয়া হয়েছে এবং ৫০০ টাকা loanও দেওয়া হয়েছে কিন্তু সেখানে কিছু ক'রে খাওয়ার কোন সুবিধাই নাই। এবং ব্যবসা বাণিজ্য করে খাবে এমন কোন উপায়ও নাই। এই সব refugeeদের মধ্যে অনেক মধ্যবিত্ত যুবক আছেন, যারা খাটতে রাজী কিন্তু কোন সুবিধাই নাই। আমি সেদিন বাঁকুড়াতে গেছলাম। সেখানে দেখলাম বাস্তুহারাদের এক এক বিঘা করে জমি দেওয়া হয়েছে কিন্তু সে জমি—এমনই সেগুলি—বালিমাটীতে পূর্ণ সেখানে কিছুই উৎপন্ন হতে পারে না। সেখানে Cottage Industry, যেমন তাঁত প্রভৃতি ক'রে কিছু কিছু লোক সামান্য উপার্জন করছে বটে কিন্তু বাকী যাঁরা তাদের কি উপায় হবে? ব্যবসা-বাণিজ্যেরও সুখ-সুবিধা নাই, এসব কি করে বাঁচবে সেদিকে সরকারের দৃষ্টি নাই। সেদিন বর্দ্ধমান থেকে ফেরার সময় দেখলাম ট্রেনে করে বহু লোক চাল নিয়ে আসছে। Civil Supply Inspector তাদের ধরে কিছু কিছু নিয়ে ছেড়ে দিচ্ছে। আমি এদের একজনের সঙ্গে আলাপ করলাম। এরা বল্লে এই ২।৪ সের চাল বিক্রী করে এনেই আমাদের মা-বোনদের কোনরকমে একবেলা করে খাওয়াচ্ছি। আমরা কি করবো আমাদের এছাড়া কোন উপায় নাই। এদের মধ্যে অনেকেই matriculation পাশ পর্য্যন্ত আছে। আমি বলবো এই সব যে দুর্নীতি হচ্ছে এরজন্য সরকারই দায়ী। এদিকে আশ্চর্য্যের বিষয় আজকাল আমাদের প্রধানমন্ত্রী নিম্ন মধ্যবিত্তদের জন্য দুঃখ প্রকাশ করেন, তিনি কিন্তু বক্তৃতা ছাড়া আর কিছুই করছেন না। এইসব মধ্যবিত্ত পরিবারের যেসব যুবক এইভাবে জীবন যাপন করছে তাদের জন্য কি কিছুই করা যায় না? নানা রকম শিল্প গড়ে তুলে এই সব হাজার হাজার শিক্ষিত যুবককে সহজেই কাজে লাগান যায়। দেশের সম্পদও বাড়ে। কিন্তু জনসাধারণের দিকে সরকারের কোন দৃষ্টি নাই।

তারপর deep-sea fihsingএর কথা। বাংলার অধিবাসীর প্রধান খাদ্য মাছ কিন্তু কত মাছই যেন আমার খাচ্ছি? লক্ষ লক্ষ টাকা খরচ করে ট্রলার এনে বিদেশী experts আনিয়ে প্রচুর সময় নষ্ট করা হল আজ পর্য্যন্ত কোন ফল আমরা দেখলাম না। শুনতে পাই এই যে expert এক একজন নাকি লাট সাহেবের মত মাইনে পায়। কিন্তু এত সব করে কি যে কাজ হল জানি না। কোন জনকল্যাণকর planএর কথা বল্লেই সরকার বলেন টাকা নাই। কিন্তু এই বেলা কোথা থেকে টাকা আসে? জনসাধারণের সত্যিকারের হিত কিসে হবে সেদিকে Governmentএর দৃষ্টি নাই। এই মন্ত্রিমণ্ডলীর কেবল লক্ষ্য হচ্ছে তাদের আত্মীয়-স্বজনরা কি করে এইসব বড় বড় plan মারফৎ টাকা পাবে, সেদিকেই লক্ষ্য এছাড়া আর কি বলবো।

Contaiতে যেসব জমি পড়ে আছে সেখানে সমবায় পদ্ধতিতে salt manufacture হতে পারে। দেশের বহু যুবকের সংস্থান হতে পারে। কিন্তু তা না করে বিলাত থেকে expert আনিয়ে, বড় বড় scheme করা চাই, লক্ষ লক্ষ টাকা জলের মত খরচ করা চাই কাজ কি হল বা হবে না হবে সেদিকে কোন লক্ষ্যই নাই। এই সব না করে পশ্চিমবাংলায় যে সব বড় বড় বিল পড়ে আছে, দিঘী পড়ে আছে, তা সংস্কার করলে মাছের সমস্যা অনেক মিটত, দেশেরও উপকার হত। এসব না করে কেবল বড় বড় scheme কাজেই মন্ত্রীরা এই সবেতে interested ছাড়া আর কি বলব।

(At this stage blue light was shown.)

Mr. DEPUTY SPEAKER: আর পাঁচ মিনিট বলুন।

Sj. HEMANTA KUMAR BASU: আমি আরও ২০।২৫ মিনিট বলেই শেষ করবো।

তারপর Calcutta Municipal Billএর কথা বলছি। এই বিল আনা হয়েছিল যাতে বড় বড় দুর্নীতিপূর্ণ ব্যাপারে সংশ্লিষ্ট কর্ম্মচারীদের দোষ চাপা পড়ে। যারা এত দোষী তাদেরকে রেহাই দেয় আর যেসব কর্ম্মচারী নির্দ্দোষ এবং নিরীহ তাদেরকে অল্প দোষে এবং অনেক সময় বিনা দোষে কোন না কোন অভিযোগ চাপিয়ে চাকুরি হইতে dismiss করে। গরীব দরিদ্র কর্ম্মচারীদের suspend করে রাখা হয়। আর বড় বড় কর্ম্মচারীর বিরুদ্ধে কত অভিযোগ আছে, কত টাকা তারা under-assessment ক'রে দেশের ক্ষতি করছে, কিন্তু তাদের কিছু হয় না। দেশের জনসাধারণের মতের বিরুদ্ধে এই বিল আনা হয়েছে এবং দেশের জনমতকে গলা টিপে মারা হয়েছে। এরকম করলে জনসাধারণ সহ্য করবে না, বিপ্লবের পথে আপনিই এগিয়ে যাবে। ইতিহাস কখনও মিথ্যা হতে পারে না।

তারপর Preventive Detention Actএ বহুলোককে আটকে রাখা হয়েছে। হরিপদবাবু যে কথা বলেছেন তার আর পুনরুক্তি করতে চাই না। ১৯২৭ সালে সকলেই জানেন শ্রদ্ধেয় সুভাষ চন্দ্র বসু যখন নির্ব্বাচন প্রতিদ্বন্দ্বিতায় জয়লাভ করেন তিনি তখন জেলে ছিলেন কিন্তু নির্বাচিত হওয়ার কিছুদিন পরে তাহাকে কারামুক্ত করা হয়। তখন বিদেশী Government ছিল, এত যে খারাপ সেই বিদেশী Governmentও জনমতকে শ্রদ্ধা দেখাল কিন্তু আমাদের এই সরকার দেশী স্বাধীন সরকারের আমলে কি দেখছি—নির্ব্বাচন হয়ে গেল, স্বাধীনতার পর adult franchise নীতিতে ভোট হল, তারা হাজার হাজার লোকের ভোটে এসেম্ব্লীতে ও পার্লেমেণ্টে নির্ব্বাচিত হলেন, বিনা বিচারে আটক রাখার বিরুদ্ধে জনসাধারণ লক্ষ লক্ষ প্রতিবাদ জানাল কিন্তু তারা আজও জেলেই আটকে রইলেন।

(At this stage the House was adjourned for fifteen minutes.)

(After adjournment.)

Sj. HEMANTA KUMAR BASU: আমি Prevention of Detention Act সম্বন্ধে বলছিলাম এবং যাদের ধরা হয়েছে গত নির্ব্বাচনের সময়। কোন জায়গায়ই কোন গণ্ডগোল ঘটেনি, সব peacefully এবং শান্তিপূর্ণভাবে সমাধান হয়েছে। এবং এর পূর্ব্বে কোন দিন দেশে কোন গণ্ডগোল ছিল না; যদিও আমরা মনে করি যে যাদের আটক রাখা হয়েছে তারা যদি কোথাও কোন গণ্ডগোল করে থাকে, তারজন্য যতখানি সরকার দায়ী, ততখানি তারা দায়ী নয়। বৃটিশ গভর্ণমেণ্টের আমলে দেখা গিয়েছে যারা অরাজকতা করেছে তাদের দুই-বছর, তিনবছর ধরে রাখবার পর ছেড়ে দেওয়া হয়েছে। কর্ত্তৃপক্ষ যখন কোথাও দেখেছেন কোন গণ্ডগোল হচ্ছে তখন যাদের আটকান দরকার বলে মনে করেছেন তাদের আটক করেছেন। আবার যখন normal condition ফিরে এসেছে, তখনই তাদের ছেড়ে দেওয়া হয়েছে। কিন্তু, এখন বর্ত্তমান গভর্ণমেণ্ট কোন অজুহাতে দেশের জনসাধারণের ভোটের দ্বারা যারা নির্ব্বাচিত হয়েছেন, যাদের উপর শ্রদ্ধা দেখিয়ে জয়যুক্ত করেছেন; জনসাধারণ যাঁদের উপর আস্থা রেখে তাদের প্রতিনিধি করে Assemblyতে পাঠিয়েছেন, তাদের কি কারণে জেলে নিয়ে যাওয়া হল? এর কোন কারণই খুঁজে পাওয়া যায় না এর একমাত্র কারণ দেখা যায় যে এদের গায়ের জোরে আটক রাখা হয়েছে। এঁদের মনে গণতন্ত্রের প্রতি, জনসাধারণের প্রতি যদি একটু মাত্রও শ্রদ্ধা থাকে তাহলে যারা গত নির্ব্বাচনে নির্ব্বাচিত হয়েছেন তাদের ছেড়ে দেওয়া উচিত এবং সমস্ত রাজনৈতিক বন্দীদের অচিরে মুক্ত করে দেওয়া উচিত ও Preventive Detention Act তুলে নেওয়া উচিত।

জনসাধারণের যাতায়াতের সুবিধার জন্য State Transportকে সৃষ্টি করা হয়েছিল, কিন্তু এতে জন-সাধারণের সুবিধা যে কতখানি হয়েছে সে বিষয় সন্দেহ আছে। দেখা যায় বহু অনভিজ্ঞ লোক, এদের গুণ না থাকলেও এখানে এনে বসান হয়েছে। গাড়িগুলির অবস্থাও শোচনীয় সেগুলি ভালভাবে পরিষ্কার পর্য্যন্ত করা হয় না। গাড়িগুলির এমন অবস্থা, যে অনেক সময় গাড়ি রাস্তায় চলতে চলতে খারাপ হয়ে বন্ধ হয়ে যায় তারপর মোটা মোটা মাইনা দিয়ে বহু কর্ম্মচারী রাখা হয়েছে, যত সংখ্যা দরকার তারচেয়েও বেশী আমি দেখেছি। এই সমস্ত conductorsদের মধ্যে অনেকেই matriculate বা I. A. fail ছেলে। আমি তাদের জিজ্ঞাসা করেছিলাম "তোমরা কত মাইনে পাও", তারা বললে "আমরা মাত্র ৮৫ টাকা পাই"। এবং আটঘণ্টা করে পরিশ্রম করতে হয়। এই সমস্ত ভদ্রলোকের ছেলেরা টিকিট বিক্রয় করে আট ঘণ্টা করে খাটছে। এবং অনেক সময় এরা যা মাইনা পায় তারচেয়েও averageএ প্রায় ১৫-২০ টাকা করে কমে যায়। তার কারণ, অনেক সময় টিকিট বিক্রয়ে ভুল হয়ে যায়। যার ফলে তাদের পকেট থেকে এই দণ্ড দিতে হয়। মাত্র ৮৫ টাকা

মাইনে, এবং আট ঘণ্টা করে খেটে, কি করে তাদের স্বাস্থ্য রাখা সম্ভব? এই সমস্ত conductors ও drivers যারা অতিরিক্ত পরিশ্রম করে তাদের দিকে সরকারের দৃষ্টি নেই। সরকারের দৃষ্টি হচ্ছে তাঁদের হাতের লোককে, তাদের উপযুক্ত qualification থাক বা না থাক তাদের মোটা মাইনা দিয়ে কাজে বসান হচ্ছে। এইজন্য দেখা যায় যে প্রত্যেকটি private bus গড়ে হাজার টাকা করে লাভ করে। আর আমাদের West Bengal State Transportএর লাভত হয়ই না, বরং প্রত্যেকবারই লোকসান হচ্ছে। কেন হয় না? Nationalisation মানে এ নয় যে জনসাধারণ tax হিসাবে যে টাকা গভর্ণমেণ্টকে দেয়, সেই টাকা নিয়ে অপব্যয় করা। State Transportএর ব্যয় বাদেও কিছু টাকা সরকারের তহবিলে জমা হওয়া উচিত ছিল, কিন্তু তা হয়নি। সরকারের দেখা উচিত যে এই সমস্ত conductors ও drivers যারা অতিরিক্ত পরিশ্রম করে তাদের বেতন যাতে বৃদ্ধি হয়।

এখন আমাদের দেশে বাধ্যতামূলক Free Primary Education প্রবর্ত্তন হয়েছে। গভর্ণমেণ্ট এক মাইলের ভিতর একটা করে স্কুলের ব্যবস্থা করেছেন। কিন্তু অনেক জায়গায়, দেখা গিয়েছে যে বড় বড় গ্রাম এক মাইলের ভিতর আছে, সেখানে ছাত্রসংখ্যা বেশী বলে দু'টী স্কুল না করলে চলে না। কারণ যে উদ্দেশ্যে এই স্কুলের ব্যবস্থা করা হয়েছে সেখানে মাইল মেপে স্কুল না করে, বড়, বড় গ্রামে যেখানে ছাত্রসংখ্যা বেশী সেখানে দু'টী স্কুল না করলে গভর্ণমেণ্টের এই চেষ্টা ব্যর্থ হয়ে যাবে। আপনারা জানেন এই primary schoolএর বই নিয়ে publishersরা, যারা মধ্যবিত্ত লোক বইয়ের ব্যবসা করে খেত, সরকারের নূতন পরিকল্পনার ফলে তাদের কি দুরবস্থা হয়েছে। বর্ত্তমানে গভর্ণমেণ্ট "কিশলয়" বলে বইখানা monopoly করেছেন। সে বই সকলের কেনবার উপায় নেই। কয়েক মাস পূর্ব্বে মফঃস্বল থেকে একজন ভদ্রলোক পয়সা খরচ করে কলকাতায় এসেছিলেন এই বইখানি কেনবার জন্য কিন্তু বইয়ের দোকানে এসে শুনলেন স্কুলের হেডমাষ্টারের certificate ব্যতিত এই বই দেওয়া হবে না। তিনি পূর্ব্বে জানতেন না যে ঐ বইখানি কিনতে গেলে হেডমাষ্টারের সার্টিফিকেট আবশ্যক। সাধারণের কেনবার জন্য এ-বই বাজারে পাওয়া যায় না। সেইজন্য একটা প্রাথমিক স্কুল, যারা গভর্ণমেণ্টের standardএ পড়াবে ঠিক করেছিল বলে, এই বইয়ের জন্য চেষ্টা করেছিল, কিন্তু তাঁরা সে বই পেলেন না। তাহলে দেখা যাচ্ছে যে সরকারের যারা অনুগৃহীত বা উপকৃত লোক তারা ছাড়া আর কেউ এই বই পাচ্ছে না। এই বইগুলি তাদের অনুগৃহীত publisherদের দ্বারা ছাপান হয়। পূর্ব্বে বহুলোক এই বই published করত, কিন্তু এখন তাদের জীবনধারণের পথ বন্ধ করে দিয়েছেন। আজ সরকার যে নীতি অবলম্বন করেছেন তাতে সরকারের হাতে ক্ষমতা এসেছে বটে কিন্তু, জনসাধারণ সরকার বিরোধী হয়ে উঠেছে। আজকে যখন বিভিন্ন press আছে তখন সরকারের উচিত ছিল এই সমস্ত pressএ বই ছাপান। সরকারের উচিত ছিল একটা শুধু syllabus ঠিক করে দেওয়া। আপনারা জানেন যে তৃতীয় ও চতুর্থ শ্রেণীর ছাত্রেরা এই বই পড়ে বুঝতে পারে কিনা সে বিষয় চিন্তা করা উচিত। বঙ্কিম চন্দ্র থেকে আরম্ভ করে রবীন্দ্রনাথ প্রভৃতি অনেকের লেখা এর মধ্যে আছে কিন্তু ছাত্রদের পক্ষে এইগুলি পড়ে বুঝা খুবই শক্ত। এমনকি প্রাথমিক স্কুলের শিক্ষকদেরও এই বই পড়ে তাদের বুঝিয়ে দেওয়া খুব শক্ত, কারণ তাদের পড়াশুনা করবার সময় ও সুযোগ খুব কম।

বর্ত্তমানে প্রাথমিক শিক্ষকদের মাইনে এত কম যে তাতে তাদের সংসার চালন অসম্ভব, আবার তারা এত দামে বই কিনে পড়বে কি করে? তারা যাতে সস্তা দামে বই কিনতে পারে তার ব্যবস্থা করতে হবে। এই বইয়ের দাম সাড়ে দশ আনা হতে পারে কিন্তু আপনারা বেশী করে দৃষ্টি দিয়েছেন নিজেদের publishersদের সুবিধার দিকে। কিন্তু যদি এমন ব্যবস্থা করা হত যাতে দুই আনার বেশী দাম না হ'ত, তাহলে দেশের জনসাধারণ, গরীব চাষী সকলেই এই বই কিনে পড়তে পারত।

বছরের পর বছর একঘেয়ে বই পড়তে হবে। যদি syllabus ঠিক করে দিতেন তাহলে সেখানে নানা রকম বই থাকত। পাঁচ রকম বই দেখে সরকার একটা ভাল বই ঠিক করতে পারতেন। তা না করে তাঁরা এই বই করেছেন যেন made to and paid to. অর্থাৎ একটা mediumএর মধ্য দিয়ে সকলকে বেরতে হবে এই রকম ব্যবস্থা করা হয়েছে। আমার মনে হয় এতে শিক্ষার উন্নতি হবে না।

(Blue light was lit.)

আমি শেষ করে এনেছি। আর দু-একটী কথা বলে আমি শেষ করছি।

তারপর medical relief—অনেক গ্রামে দেখেছি যে health centre খোলা হয়েছে। এই সমস্ত জায়গায় মাত্র ৩০ টাকা মাসিক ঔষধের ব্যবস্থা করা হয়েছে। কিন্তু এই ৩০ টাকায় ঔষধে একটা ইউনিয়নের কিছুই হয় না। তারপর medical reliefএর এমন অব্যবস্থা যে রামপুরহাটের একটা গ্রামে কলেরায় ৫০-৬০ জন লোক মারা গেল। সেখানকার district boardএর অফিসাররা চিঠি লিখে, telegram করে, তিনমাসের মধ্যেও সেখানে limp বা injectionএর কোন ব্যবস্থা করতে পারে নি। অথচ সহরে যথেষ্ট মাইনা করা কর্ম্মচারী রয়েছে। সুন্দরবন এলাকায় হাসনাবাদে কলেরা আরম্ভ হল, সেখানে এমন অবস্থা হ'ল যে লোকে ঘরে ঘরে মরে পড়ে আছে, কিন্তু তার কোন ব্যবস্থা হচ্ছে না। সেখানে যে সমস্ত Health Officerরা ছিলেন তাঁরা কিছুই করতে পারলেন না। এই রকমভাবে rural reliefএর যে ব্যবস্থা, সেটা সম্পূর্ণ অব্যবস্থার দিকে হচ্ছে। মাননীয় মন্ত্রীমহাশয় এই দিকে বিশেষ করে নজর দেন না। তারপর আপনারা দেখছেন অন্য জিনিষের দাম কমে যাচেছ কিন্তু খাদ্যের দাম কমছে না। যে সমস্ত জিনিষের দাম কমে যাচেছ সেগুলি কিনবে কে? চাল দু'বেলাত পাওয়াই যায় না। বাড়ীতে সব সময় অর্দ্ধেক রুটি ও ভাত হয়। এই চালের বদলে আটা খেয়ে গরীব জনসাধারণ কোন রকমে জীবনধারণ করছে। আটা ও গমের দাম বেড়ে গিয়াছে। এই যে food price বেড়ে গিয়েছে তাতে দেশের লোকের যথেষ্ট ক্ষতি হয়েছে। যাতে দেশে খাদ্য উৎপাদন হয় এবং জনসাধারণ দু'বেলা পেটভরে খেতে পায় সেদিকে সরকারের বিশেষ করে দৃষ্টি দেওয়া উচিত।

Government যেটুকুও সাহায্য দিচেছ, tractor প্রভৃতি আনাচেছ তাতে যাতে কাজ হয় তা দেখা উচিত চাষীরা যে পরিমাণ সাহায্য পাওয়া উচিত এবং যেটুকুও পেয়েছে তা যদি সময়মত পেত এবং সকলে পেত তাহলে খাদ্য আরও কিছু বেশী উৎপন্ন হত এবং দামও এতটা বাড়ত না কিন্তু সেদিকে Governmentএর দৃষ্টি মোটেই নাই এবং এই সরকার সেদিকে দৃষ্টিও দিচেছ না।

SJ. PRAMATHA NATH BANDYOPADHYAY: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, His Excellency the Governor যে address দিয়েছেন, তাতে আমাদের অনেক আশার কথা শুনিয়েছেন। আমাদের Government যে Grow More Food—অধিক খাদ্য ফলাও আন্দোলন-নীতি গ্রহণ করেছেন সেসব আমরা ছবি, কাগজে ও পত্রিকায় পাই। কিন্তু এতে যারা খাদ্য বাড়াবে তাদের মনে উৎসাহ সঞ্চার করতে পারছে না যতই খাদ্য বাড়াবার জন্য চেষ্টা করছেন। আমরা চাষীদের যে পরিমাণ সাহায্য ও সম্মান করা উচিত সেটা করি না। চাষী এই কথাটাই যেন অসম্মানসূচক হয়ে দাঁড়িয়েছে। যারা এত কষ্ট করে মাথার ঘাম পায়ে ফেলে উৎপন্ন করে, তারা যখন উৎপন্ন খাদ্যদ্রব্য নিজের বাড়ী আনবার চেষ্টা করে তখন Governmentএর Procurement বিভাগ খাদ্য আনবার সময় যে বাধা সৃষ্টি করে, সে বাধা Grow More Food করবার পক্ষে মনে উৎসাহ মোটেই সঞ্চার করতে পারে না, বরং বিরক্তিজনক হয়। চাষীর মুখে এমন কথাও শুনেছি, ধান চাষ করে বিপদে পড়েছি। বিভিন্ন গ্রামের মাঠে ধান চাষ করে এবং সেই ধান যখন গ্রামে নিয়ে আসে, তখন Procurement বিভাগীয় কর্ম্মচারীরা পথে সেই ধান ধরে আটক রাখে, কেড়ে নেয়, ঘুষ নেয়। Procurement বিভাগের কর্ম্মচারীদের —ধরুন গড়ে প্রায় শতকরা ৯৮।৯৯ জনই ঘুষখোর হয়েছে, সেই বিষয়ে কোন সন্দেহ নাই। সেজন্যই বিরক্ত হয়ে চাষীরা বলে, ধান চাষ না করে পাট চাষ করলে, পাট আনবার জন্য সারারাত আমাদের রাস্তায় বসিয়ে রাখত না।

কয়েকদিন পূর্ব্বে কাঁথিতে Food Advisory Meeting হ'ল। আশ্চর্য্যের বিষয় সে মিটিং S. D. O.র খাসকামড়ায় ডাকা হল। আমি S. D. O.কে জিজ্ঞাসা করলাম এ মিটিং কি করে আপনার খাসকামড়ায় ডাকা হ'ল। তিনি উত্তর দিলেন স্থানীয় কংগ্রেস Secretary আগে মিটিং ডেকে পরে আমাকে জানিয়েছেন। আমি বল্লাম Congress Secretary কি করে ডাকলেন? আপনি জানেন এখানে বিভিন্ন রাজনৈতিক দল আছে, অন্যান্য দলের যদি কেহ না বলে আপনার খাসকামড়ায় মিটিং ডাকে তাহলে অনুমতি দেবেন কি? সেখানে District Magistrate উপস্থিত ছিলেন তিনি বল্লেন যদি জনহিতকর হয় তাহলে অনুমতি দেবেন। যদিও জানি কোন দিনই খাসকামড়ায় স্থান দেবে না। যাই হোক এরকমভাবে S. D. O.র খাসকামড়ায় স্থান হবে এটা ঠিক নয়। আমি তখন জিজ্ঞাসা করলাম কাঁথি Subdivision control করে রাখা হয়েছে, কাজেই এক গ্রাম থেকে আর এক গ্রামে ধান নিয়ে যেতে বাধা নাই। তা হ'লে বাধা দেওয়া হয় কেন? তাঁরা উত্তর দিলেন তা নইলে ধান চাল smuggle হয়ে যাবে। আমি বল্লাম আপনারাতো border protect করছেন, সেখানে patrol পার্টি আছে। এরকম কোন আইন আছে নাকি? তাঁরা বল্লেন আইনে এরূপ কিছু নাই। তবে এটা

preventive measure হিসাবে নিচ্ছি। যাই হোক S. D. O. এবং জেলা Magistrate আমার কথাই সমর্থন করলেন। তাঁরাও বল্লেন যে এক গ্রাম থেকে যদি অন্যগ্রামে কোন চাষী ধান চাল নিয়ে যায়, তা হ'লে বাধা দেওয়া অন্যায়।

আমি দেখেছি এই সমস্ত সরকারী কর্ম্মচারী দেশের কি করে মঙ্গল হবে, কি করে হিত হবে, সেদিকে কোন লক্ষ্য নাই। কেবল কি করে তাদের উপরি আয় হবে এবং কি করে চাষীদের হয়রাণ করবে সেদিকেই লক্ষ্য। লোক মরুক, দেশ বাঁচুক আর নাই বাঁচুক তাতে তাদের কিছু আসে যায় না। আমার মনে হয় সমস্ত সরকারী কর্ম্মচারীদের--শুধু Procurement বিভাগই নয়--নিজেদের স্বার্থের দিকে লক্ষ্য। এজন্য Governmentএর সমস্ত কাজেই একটা vicious circle সৃষ্টি হয়েছে সেজন্য Governmentএর কোন measureই successful হবে বলে আমার মনে হয় না। গোড়ায় কোন measure না নিলে বা নিতে পারলে, কোন measureই সফল হবে না। Grow More Food Government যতই করতে চান কোন কিছু বিশেষ ফল হয় না। আমরা দেখি রাঢ় অঞ্চলের বড় বড় দীঘী বাঁকুড়া, মেদিনীপুরের অনেক বড় দীঘী এখনও যদি সংস্কার করা যায় তাহলে সেসব থেকে জলসেচের ব্যবস্থা হতে পারে এবং লক্ষ লক্ষ জমিতে ফসল উৎপাদনে সুবিধা হয়। শুধু তাই নয়, এসব দীঘীর সংস্কার হলে তাতে মাছেরও চাষ হতে পারে কিন্তু দুঃখের বিষয় এই সব দীঘীর বেশির ভাগই সংস্কারের অভাবে নষ্ট হয়ে যাচ্ছে। Government কেবল বড় বড় scheme করেন, Damodarএর মত বড় scheme যে কবে কার্য্যকরী হবে আমরা জানি না কিন্তু এসব ছোট ছোট minor scheme যেমন ধরুন "শুভঙ্করের দাঁড়া" প্রভৃতির দিকে যদি আমরা নজর দিই তাহলে অনেক কাজ হয়। এবং তাতে যে শুধু ধানই হবে তা নয় তা হ'লে এই যে deep-sea fishing করা হচ্ছে তা না করলেও প্রচুর পরিমানে মৎস্য সমাধানে সক্ষম হব। যে সমস্ত irrigation scheme আছে Governmentএর তা অচিরে গ্রহণ করা উচিত।

তারপর co-operativeএর কথা। Co-operative basisএ কাজ করায় আমাদের দেশের লোক খুব অভ্যস্ত নয়। এবং Governmentও এই কাজে বিশেষ উৎসাহ দেয় না। পূর্ব্ববর্ত্তী বক্তা বন্ধু হেমন্তবাবুও এসম্বন্ধে বলেছেন।

কাঁথিতে আমরা দেশপ্রাণ লবণ শিল্প নামে একটা সমবায় প্রতিষ্ঠান গড়ে তুলবার চেষ্টা করছি। সেজন্য আমরা একটা pocket Governmentএর কাছে চেয়েছিলাম এতে প্রচুর পরিমাণ লবণও উৎপন্ন হত এবং দেশের অনেক ছেলেপিলেদের কাজেরও একটা সংস্থান হত। কিন্তু তা না করে Government French experts এনে বড় বড় scheme করবার চেষ্টা করছেন। তাতে সরকার যে কতটা সফলকাম হবেন সেটা আমরা সরকারের State Transportএর দিকে তাকালেই বুঝতে পারি। State Transportএর মত নুনের কারখানাও হবে, অনেক টাকা খরচই হবে কিন্তু নুন তৈরী হবে না। আমরা বরাবর দেখেছি ব্যক্তিগত প্রচেষ্টার ভিতরে যেমন প্রাণ থাকে এবং তাতে লাভও হয়, Government যে সমস্ত schemeএ হাত দেন তাতে তেমন প্রাণও থাকে না এবং লাভও হয় না। সেজন্য আমি আবার অনুরোধ করি কাঁথিতে যে সমবায় ভিত্তিতে যে ব্যবসার ব্যবস্থা করা হয়েছে সেটাকে Governmentএর সম্পূর্ণ সুযোগ দেওয়া উচিত এবং এটা কার্য্যকরী হলে Government পরে নিজের হাতে নিতে পারবেন এবং তাতে কোন বাধা হবে না। আজকে এই কাজে যদি Government সুযোগ দেন তা হ'লে আগামী বৎসরেই নুন তৈরী হতে পারে। Primary Education সম্বন্ধে একটা বিশেষ Education Board হয়েছে। এবং সব জায়গায় যদিও compulsory না হোক free educationএর ব্যবস্থা হচ্ছে। কিন্তু এর ভিতর ৩--৫ বছরের ছেলেদের শিক্ষার ব্যবস্থা নাই। কেবল ৬ বছরের ছেলেদের ব্যবস্থা হয়েছে। ৩--৫ বছরের মধ্যে শিশুকে যদি শিক্ষা দেয়া যায় তাহলে তাদের মনের উপর সহজে ছাপ পড়ে, সুতরাং আমি দুঃখের সঙ্গে বলতে বাধ্য হচ্ছি, ৩--৫ বছরের ছেলেদের জন্য কোনো নার্সারি স্কুল বা কিণ্ডারগার্টেন স্কুলের কোনই ব্যবস্থা নাই। তারপরে Basic Education যেটা সেটা সম্বন্ধেও গভর্ণমেণ্টের কোন অভিজ্ঞতা নাই। এসম্বন্ধে সেদিন রাষ্ট্রপতি যা বলেছেন তাতে দেখা যায় যে Basic Education এর উপর তাঁর বিশ্বাস নাই। কাজেই মহাত্মা গান্ধির যে scheme সেটা যে কার্য্যকরী হবে সে বিশ্বাস এখন আর আমার নাই। তারপর আমাদের মেদিনীপুরে Primary School Boardএর যাঁরা Member হয়েছেন তাঁদের অধিকাংশই শিক্ষা সম্বন্ধে কোন কিছু নাড়াচাড়া করেন নাই। তাঁরা একটা বিশেষ রাজনৈতিক প্রতিষ্ঠানের

সঙ্গে যুক্ত রয়েছেন বলেই যোগারযন্ত্র করে এর ভিতর ঢুকেছেন। ফলে স্কুলের শিক্ষক যাঁরা তাঁরা একটা রাজনৈতিক দাবা খেলার মধ্যে পড়ে কাদের মনস্তুষ্টি করতে পারলে স্কুলের grant বজায় থাকবে সেই চিন্তা করে একবার এঁর দুয়ারে আবার ওঁর দুয়ারে যাচ্ছে।

তারপর স্কুল ছাটাই ব্যাপারটা পল্লী অঞ্চলে একটা বিভীষিকার সঞ্চার করেছে। স্কুল ছাটাইয়ের কি কারণ থাকতে পারে আমিত বুঝি না। কাঠ, খড় বা টিন যোগার করে দেশের লোক তাদের প্রয়োজনবশত স্কুল তৈরী করেছে। এবং দরকার ছিল বলেই এ তারা করেছে। এখন ওঁরা নিয়ম করেছেন এক মাইলের মধ্যে দু'টো স্কুল রাখবেন না। কিন্তু এক একটা স্কুলে ২০০ করে ছেলে রেখে স্কুলে অনেক ভিড় করার চেয়ে অনেকগুলি স্কুল যদি থাকে তাতে অল্প দূর থেকে ছোট ছোট ছেলেদের যাতায়াতেরও সুবিধা হয় এবং মাষ্টারও কিছু বেশী সংখ্যা maintain করা চলে। সুতরাং স্কুলগুলি তুলে দেওয়া আমি সমর্থন করি না। আর একটা কথা হচ্ছে এই যে childrenদের জন্য Primary Educationএর যে scheme হয়েছে এতে বিশিষ্ট শিক্ষাবিদ্‌দের বড় একটা নেয়া হয় নাই। সুতরাং আমার মতে এটা প্রকৃত শিক্ষাবিদ্‌গণের দ্বারাই গঠন করা উচিত এবং রাজনৈতিক দলাদলির আবর্ত্ত থেকেও এটাকে সম্পূর্ণ মুক্ত রাখা উচিত। তা যদি হয় তবেই এর দ্বারা আমাদের দেশের উপকার হবে, নচেৎ বিশেষ কিছুই লাভ হবে না। এই কথা বলে আমি আসন গ্রহণ করলাম।

Mr. DEPUTY SPEAKER: I think it is the desire of the House not to continue any longer today. The House stands adjourned till 3-30 p.m. tomorrow.

Adjournment.

The House was accordingly adjourned at 6-35 p.m. till 3-30 p.m. on Friday, the 14th March, 1952, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Friday, the 14th March, 1952, at 3-30 p.m.

Present:

Mr. Speaker (the Hon'ble ISWAR DAS JALAN) in the Chair, 13 Hon'ble Ministers and 56 members.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

Dacoity and robbery cases in Bankura district in 1950

*6. **Sj. KANAI LAL DE:** Will the Hon'ble Minister in charge of the Home (Police) Department be pleased to state—

(ক) ১৯৫০ সালের মধ্যে বাঁকুড়া জেলায় গভর্ণমেণ্টের প্রাপ্ত খবর অনুসারে robbery ও dacoityর সংখ্যা কত ;

(খ) উহার মধ্যে বাঁকুড়া সহরে robbery ও dacoityর সংখ্যা কত ; এবং

(গ) সহরে এবং জেলায় কতগুলি case detected হইয়াছে এবং কতগুলির বিচার হইয়াছে এবং বিচারে কতগুলির শাস্তি হইয়াছে ?

MINISTER in charge of the HOME (POLICE) DEPARTMENT (the Hon'ble Dr. Bidhan Chandra Roy): (ক) ছাপ্পান্নটি robbery ও ১৫৮টি dacoity.

(খ) একটি robbery ও ২টি dacoity.

(গ) ছাপ্পান্নটি robbery case এর মধ্যে ১৪টিতে detection হইয়াছে। ঐ ১৪টির বিচার শেষ হইয়াছে ও ৮টি case এ অপরাধীর শাস্তি হইয়াছে ; ১৫৮টি ডাকাতি caseএর মধ্যে ১৭টি detected হইয়াছে, ১৬টির বিচার শেষ হইয়াছে ও ৪টি caseএ শাস্তি হইয়াছে।

Sj. CHARU CHANDRA BHANDARI: মাননীয় মন্ত্রী মহাশয় (গ)তে যা উত্তর দিয়েছেন, তাতে বলেছেন যে ৫৬টি robbery caseএর মধ্যে ১৪টিতে detection হয়েছে এবং ১৫৮টি ডাকাতি caseএর মধ্যে ১৭টি detected হয়েছে, এই যে মাত্র সামান্য কয়েকটি case detected হয়েছে, এ সম্পর্কে মাননীয় মন্ত্রী মহাশয় পুলিশ কর্ত্তৃপক্ষকে তিরস্কার করেছেন কি না ?

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: আমি শুনতে পেলাম না, আপনি কি প্রশ্ন করেছেন।

Sj. CHARU CHANDRA BHANDARI: আমার প্রশ্নটা হচ্ছে এই যে ৪৬টি robbery caseএর মধ্যে ১৪টি detected হয়েছে এবং ১৫৮টি ডাকাতি caseএর মধ্যে ১৭টি detected হয়েছে, এ সম্পর্কে মাননীয় মন্ত্রী মহাশয় পুলিশ কর্ত্তৃপক্ষকে কোন তিরস্কার করেছেন কিনা যে এত কম সংখ্যক detection কেন হ'ল ?

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: না, এখনও তিরস্কার করবার সময় আসেনি।

Sj. CHARU CHANDRA BHANDARI: এখনও সময় আসেনি? সেটা কবে আসবে বলবেন কি?

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: যখন আসবে তখন বলব।

Sj. CHARU CHANDRA BHANDARI: এটা ১৯৫০ সালের ঘটনা। সুতরাং আর কতদিন পরে বলবার সময় আসবে তা, মাননীয় প্রধান মন্ত্রী মহাশয় বলবেন কি?

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: তা হবে। কিন্তু এখন কবে সময় আসবে তা বলতে পারি না।

Sj. HEMANTA KUMAR BASU: ১৫৮টি ডাকাতি caseএর মধ্যে মাত্র ১৭টি detected হয়েছে, এটা কি পুলিশ কর্মচারিদের অকর্মণ্যতার পরিচয় নয়?

(No reply.)

Sj. HEMANTA KUMAR BASU: মাননীয় প্রধান মন্ত্রী মহাশয় আমার প্রশ্নের উত্তর দিলেন না।

Mr. SPEAKER: That is a matter of opinion.

Grievances of non-registered medical practitioners

***7. Sj. HEMANTA KUMAR BASU:** Will the Hon'ble Minister in charge of the Medical Department be pleased to state—

(*a*) if it is a fact that on the 5th May, 1951, the Non-Registered Medical Practitioners' Association (58, Upper Circular Road, Calcutta—9) made a representation to the Hon'ble Minister;

(*b*) if so, what were their grievances; and

(*c*) what steps Government propose to take to remove their grievances, if any?

MINISTER in charge of the MEDICAL DEPARTMENT (the Hon'ble Dr. Bidhan Chandra Roy): (*a*) Yes.

(*b*) Their grievances will be found as detailed in the statement enclosed.

(*c*) Government have already informed the Association of their disapproval of the proposal, in Medical and Public Health Department's letter No. Medl.-4595/6A-20/51, dated the 7th August, 1951. Registration of a

medical practitioner is not a mere formal matter, but is based on qualifications considered essential for the profession. It has always been the policy of Government to fix a certain minimum standard of medical education for the purpose of registration, in the interest of the sick who cannot be left to an unqualified or ill-qualified practitioner.

Statement referred to in reply to clause (b) of starred question No. 7

THE GRIEVANCES OF THE NON-REGISTERED MEDICAL PRACTITIONERS' ASSOCIATION

(1) The non-registered practitioners with proper course of training, in non-affiliated institutions now practising for over 5 years, be given Diploma and the Registered Number straightaway.

(2) Those practising for less than 5 years after completion of training be given a short refresher course not exceeding 3 months prior to their recognition.

(3) Those practising but did not attend any medical institution and have gained considerable experience through practice for over 5 years be given a refresher course not exceeding 6 months prior to their recognition.

(4) Those practising for less than 5 years without any training in medical institutions be given a long refresher course not exceeding 9 months prior to their recognition.

(5) All these refresher courses be completed within a specified length of time, e.g., 3 years.

(6) After these being completed no other case is to be entertained.

(7) Legislation to stop this in future should be adopted.

Sj. HEMANTA KUMAR BASU: Statement of grievancesএর মধ্যে তাঁরা যে suggestion দিয়েছেন non-registered Medical Practitioners' Associationদের minimum qualification সম্বন্ধে, সেটা কি মাননীয় মন্ত্রী মহাশয় গ্রহণ করতে পারেন না ?

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: না পারি না। প্রথমে grievancesএ তাঁরা বলেছেন the non-registered practitioners with proper course of training, in non-affiliated institutions now practising for over 5 years, be given diploma and the registered number straightway কিন্তু বেশীর ভাগ লোকই, যাঁরা দরখাস্ত করেছেন তাঁরা কি course of training পেয়েছেন তার কোন record দেখাতে পারেন নি। তাদের কোন register বা syllabus নেই। কাজে কাজেই এই যে proper course of training, তা, তাঁরা পেয়েছেন বলে আমি মনে করি না।

Sj. HEMANTA KUMAR BASU: যে তাদের একটা minimum standardএ training দিয়ে তাদের একটা পরীক্ষা করে নেওয়ার ব্যবস্থা করাটা কি অসম্ভব ?

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: এদের তিনবার পরীক্ষা নেওয়া হয়েছে যখন প্রথম এদের caseগুলি considered করা হয়, কিন্তু যাঁরা এই তিন বারেও পারলেন না এবং কোন প্রমাণ দেখাতে পারলেন না যে তাঁরা কোন proper course of training পেয়েছেন, তখন আর তাদের বিষয় কিছু করা গেল না।

Number of ration cards and purchase and sale prices of rationed articles in the State

***8. Sj. DEBENDRA NATH SEN:** Will the Hon'ble Minister in charge of the Food Department be pleased to state—

(*a*) what was the number of ration cards on December 31 of 1948, 1949 and 1950, respectively;

(*b*) what was the sale price of different rationed articles of food in 1948, 1949 and 1950; and

(*c*) what was the purchase price for the years 1948, 1949 and 1950 of—

(*i*) "A" grade paddy,

(*ii*) "B" grade-paddy,

(*iii*) "A" grade rice, and

(*iv*) "B" grade rice?

MINISTER in charge of the FOOD DEPARTMENT (the Hon'ble Prafulla Chandra Sen): (*a*) Number of ration cards (both registration and effective) in respect of the Statutory Rationed Areas of West Bengal is given below:—

	Registration*.	Effective cards*.
	Lakhs.	Lakhs.
For the week ending on 2nd January, 1949 ...	59·83	51·68
For the week ending on 1st January, 1950 ...	62·76	54·02
For the week ending on 31st December, 1950 ...	62·99	57·79

Since 31st December, 1948, and 31st December, 1949, are not ration week-ending dates, figures of the nearest week-ending date have been furnished.

(*b*) A statement of sale price of different rationed articles of food in 1948, 1949 and 1950 is placed on the Table.

(*c*) The statement of the purchase price of rice and paddy for 1948, 1949 and 1950 is also placed on the Table.

*Statutory rationing was not in force in Asansol and Kharagpur areas during 1948. Statutory rationing was reintroduced in those areas from 14th February, 1949.

Statement referred to in reply to clause (b) of starred question No. 8

SELLING PRICES OF COMMODITIES

				C. R.		E. R. A.									
Commodity.	From.	To.	Flour mills.	Appointed retailer.	Government stores.	Other than Budge Budge.	Budge Budge.	Urban Rationed Areas.	Non-rationed Areas.	B. C. C. and C.C.F.S.O.	Bulk allottees in Urban Rationed Areas.	Other ex-C. S. Ds.		Retail.
			Rs. as.	Rs. as.	Rs. as.	Rs. as.	Rs. as.	Rs. as.	Rs. as.	Rs. as.	Rs. as.	Rs. as.	Rs. as.	Rs. as.
Wheat ..	15-8-47	30-6-48	11 7	..	..	..	..	..	..	..	..	..	..	..
Do ..	1-7-48	..	14 10	..	..	..	..	..	..	..	..	..	..	..
Do ..	16-8-48	30-8-49	14 10	18 4	18 12	17 14	18 1	..	..	..	..	..	..	18 12
Do ..	1-9-49	..	14 10	17 8	18 2	..	..	..	..	..	..	..	17 2	18 2
Barley ..	15-8-47	30-6-48	11 7	..	..	..	..	..	..	..	..	..	..	..
Do ..	1-7-48	..	14 10	..	..	..	..	..	..	..	..	..	..	..
Do ..	16-8-48	30-8-49	14 10	18 4	18 12	17 14	18 1	..	..	..	..	..	..	18 12
Do ..	1-9-49	..	14 10	13 12	14 6	..	..	..	..	..	..	..	13 6	14 6
Maize ..	15-8-47	31-12-47	Nil	..	..	..	..	..	..	..	..	11 0	11 0	..
Do ..	1-1-48	..	..	..	..	..	..	..	..	..	..	17 0	17 0	..
Flour ..	15-8-47	30-6-48	11 7	14 6	15 0	13 14	14 3	..	14 0	14 0	..	..	..	15 0
Do ..	1-7-48	28-8-49	14 10	23 2	23 12	22 10	22 15	22 12	22 12	22 14	22 14	22 14	..	23 12

Commodity.	From.	To.	Flour mills.	C. R. Appointed retailer.	C. R. Government stores.	E.R.A. Other than Budge Budge.	Budge Budge.	Urban Rationed Areas.	Non-rationed Areas.	B. C. C. and C. C. F. S. O.	Bulk allottees in Urban Rationed areas.	Other ex-C. S. Ds.		Retail.
			Rs. as.	Rs. as	Rs. as.	Rs. as.	Rs. as.	Rs. as.	Rs. as.	Rs. as.	Rs. as.	Rs. as.	Rs. as.	Rs. as.
Flour ..	29-8-49	..	14 10	21 14	22 8	21 6	21 11	21 8	21 8	21 8	21 10	21 8	21 8	22 8
Do (local) ..	20-4-49	..	..	..	21 4	..	..	..	..	..	..	..	20 0	21 4
Atta ..	15-8-47	30-4-48	..	13 2	13 12	12 10	12 10	..	12 12	..	..	..	..	13 12
Do ..	1-5-48	30-6-48	..	14 6	15 0	13 14	14 3	..	14 0	..	..	..	..	15 0
Do ..	1-7-48	..	..	18 2	18 12	17 10	17 15	17 12	17 12	17 8	17 12	17 12	..	18 12
Do ..	..	..	..	..	..	..	..	..	..	..	..	..	..	..
Groundnut cake ..	8-10-49	..	..	..	12 8	..	..	..	..	..	..	..	12 4	12 8
Semolina ..	May, 1949	..	..	31 14	32 8	31 6	31 11	31 8	31 8	31 8	..	..	31 8	33 8

SELLING PRICE OF WHEAT AND WHEAT PRODUCTS

			Price payable by wholesalers in E.R.A. (Per maund.)	Price payable by wholesalers in Budge Budge. (Per maund.)	Price payable by retailers in I. A. and E. R. A. (Per maund.)	Price payable by consumers. (Per maund.)	Price payable by consumers. (Per seer.)
			Rs. a. p.	Rs. a. p.	Rs. a. p.	Rs. a. p.	Rs a. p.
Calcutta Initial and Extended Rationed Areas including Budge Budge.	Flour	from 19-6-50 to 4-2-51 ..	20 2 0	20 7 0	20 10 0	21 4 0	0 8 6
	Wheat	from 5-2-51 .	21 6 0	..	21 14 0	22 8 0	0 9 0
		from 19-6-50 to 4-2-51 ..	14 12 0	14 15 0	15 2 0	15 10 0	0 6 3
		from 5-2-51 ..	14 12 0	..	15 2 0	15 10 0	0 6 3
	Atta	from 19-6-50 to 4-2-51 ..	16 8 0	16 11 0	16 14 0	17 8 0	0 7 0
		from 5-2-51 ..	19 0 0	..	19 6 0	20 0 0	0 8 0

			Price payable by wholesalers in E R.A. (Per maund.) Rs. a. p.		Price payable by wholesalers in Budge Budge. (Per maund.) Rs. a. p.	Price payable by retailers in I. A. and E. R. A. (Per maund.) Rs. a. p.	Price payable by consumers. Per maund. Rs. a. p.	Price payable by consumers. Per seer. Rs. a. p.
Flour Mills ..	Wheat	..	14 10 0	(ex-Government godown).				
B. C. C. and C. C. F. S.O.	Flour	from 19-6-50 to 4-2-51 ..	20 4 0	(ex-Government godown).				
		from 5-2-51 ..	21 8 0	Ditto.				
	Wheat	from 19-6-50 to 4-2-51 ..	14 14 0	Ditto.				
		from 5-2-51 ..	14 14 0	Ditto.				
	Atta	from 19-6-50 to 4-2-51 ..	16 8 0	(ex-mill).				
		from 5-2-51 ..	19 0 0	Ditto.				
Bulk allottees ..	Flour	from 19-6-50 to 4-2-51 ..	20 6 0	(ex-Government godown).				
		from 5-2-51 ..	21 10 0	Ditto.				
	Wheat	from 19-6-50 to 4-2-51 ..	15 0 0	Ditto.				
		from 5-2-51 ..	15 0 0	Ditto.				
	Atta	from 19-6-50 to 4-2-51 ..	16 8 0	(ex-mill).				
		from 5-2-51 ..	19 0 0	Ditto.				

			(Wholesale ex-Government godown or wagon. (Per maund.) Rs. a. p.	Price payable by consumers. Per maund. Rs. a. p.	Price payable by consumers. Per seer. Rs. a. p.
Non-rationed areas in districts.	Flour	from 19-6-50 to 4-2-51 ..	20 8 0	21 4 0	0 8 6
		from 5-2-51 ..	21 12 0	22 8 0	0 9 0
	Wheat	from 19-6-50 to 4-2-51 ..	14 14 0	15 10 0	0 6 3
		from 5-2-51 to 22-7-51 ..	17 6 0	18 2 0	0 7 3
		from 23-7-51 ..	19 4 0	20 0 0	0 8 0
	Atta	from 19-6-51 to 4-2-51 ..	16 12 0	17 8 0	0 7 0
		from 5-2-51 to 22-7-51 ..	19 4 0	20 0 0	0 8 0
		from 23-7-51 ..	21 2 0	21 14 0	0 8 9

			Price payable by large employers of labour. (Per maund.) Rs. a. p.	Price payable by wholesalers. (Per maund.) Rs. a. p.	Price payable by retailers. (Per maund.) Rs. a. p.	Price payable by consumers. (Per maund.) Rs. a. p.	Price payable by consumers. (Per seer.) Rs. a. p.
Urban rationed areas excluding Asansol group of towns.	Flour	from 19-6-50 to 4-2-51 ..	20 6 0	20 4 0	20 10 0	21 4 0	0 8 6
		from 5-2-51 ..	..	..	21 12 0	22 8 0	0 9 0
	Wheat	from 19-6-50 to 4-2-51 ..	14 14 0	14 12 0	15 2 0	15 10 0	0 6 3
		from 5-2-51 ..	..	..	17 6 0	18 2 0	0 7 3
	Atta	from 19-6-50 to 4-2-51 ..	16 10 0	16 8 0	16 14 0	17 8 0	0 7 0
		from 5-2-51 ..	..	..	19 4 0	20 0 0	0 8 0
Asansol group of towns	Flour	from 19-6-50 to 4-2-51 ..	20 6 0	20 4 0	20 10 0	21 4 0	0 8 6
		from 5-2-51 ..	21 10 0	21 8 0	21 14 0	22 8 0	0 9 0
	Wheat	from 19-6-50 to 4-2-51 ..	14 14 0	14 12 0	15 2 0	15 10 0	0 6 3
		from 5-2-51 ..	14 14 0	14 12 0	15 2 0	15 10 0	0 6 3
	Atta	from 19-6-50 to 4-2-51 ..	16 10 0	16 8 0	16 14 0	17 8 0	0 7 0
		from 5-2-51 ..	19 2 0	19 0 0	19 6 0	20 0 0	0 8 0

MILO

	Calcutta Industrial and Siliguri, Darjeeling Ration Areas. Wholesale price ex-Calcutta. Government godown. Rs. a. p.	Calcutta Industrial and Siliguri, Darjeeling Ration Areas. Wholesale price ex-Siliguri G.F.D. (Per maund.) Rs. a. p.	In all non-rationed areas. Wholesale price ex-Government godown. (Per maund.) Rs. a. p.	Retail price payable by consumers (within a distance of 5 miles from Government godown). (Per maund.) Rs. a. p.	Retail price payable by consumers (within a distance of 5 miles from Government godown). (Per seer.) Rs. a. p.
From 1-7-51 ..	12 8 0	13 0 0	13 0 0	13 12 0	0 5 6

SELLING PRICE OF RICE AND PADDY

	Price ex-Government godown per maund.				Price payable by retailers to wholesalers per maund.				Price payable by consumers per maund.			
	Prior to 9th January, 1950.		9th January, 1950, to date.		Prior to 9th January, 1950.		9th January, 1950, to date.		Prior to 9th January, 1950.		9th January, 1950, to date.	
	Rs.	a.	Rs.	a.	Rs.	a.	Rs.	a.	Rs.	a.	Rs.	a.
I. Calcutta Initial Area—												
Fine ..	25	4	25	4	..		..		26	4	26	4
Other than fine ..	16	8	16	2	..		..		17	8	16	14
Aus ..	15	4	14	14	..		..		16	4	15	10
II. Extended rationed area other than Budge Budge—												
Fine ..	24	5	24	5	25	4	25	4	26	4	26	4
Other than fine ..	16	1	15	14	16	8	16	4	17	8	16	14
Aus ..	14	13	14	10	15	4	15	0	16	4	15	10
III. Budge Budge—												
Fine ..	25	1	25	1	25	4	25	4	26	4	26	4
Other than fine ..	16	5	16	1	16	8	16	4	17	8	16	14
Aus ..	15	1	14	13	15	4	15	0	16	4	15	10
In all places other than I, II and III above—												
Fine ..	25	2	25	2	25	8	25	8	26	4	26	4
Other than fine ..	16	6	16	0	16	12	16	4	17	8	16	14
Aus ..	15	2	14	12	15	8	15	0	16	4	15	10

SELLING PRICE OF SUGAR

From 1st January, 1948, to 16th October, 1949, sugar was decontrolled.

From 17th October, 1949—

Price payable by wholesalers of E.R.A., B. C. C. and C. C. F. S. O. (ex-Government godown).	Price payable by wholesalers of Budge Budge (ex-Government godown).	Price payable by retailers of I.A. and E.R.A., large employers of labour, big establishments and others (ex-Government godown and ex-wholesalers' depot).	Price payable by consumers.	
Per maund.	Per maund.	Per maund.	Per maund.	Per seer.
Rs. a.	Rs. a.	Rs. a.	Rs. a.	As. p.
33 10	33 13	33 15	34 6	13 9

Statement referred to in reply to clause (c) starred question No. 8

DISTRICT PURCHASING PRICES PER MAUND FOR 1950 WITH EFFECT FROM 13TH FEBRUARY, 1950 (STILL IN FORCE)

	Paddy.			Rice.			
	Aman common.	*Aman* very fine.	*Aus.*	*Aman* common (*dhenki*—pound).	*Aman* common (milled).	*Aman* very fine.	*Aus.*
	Rs. as. p.	Rs. as. p.	Rs. as. p.	Rs. as. p.	Rs. as. p.	Rs. as. p.	Rs. as. p
Jalpaiguri, Siliguri subdivision of Darjeeling and Cooch Behar.	8 0 0 (inclusive of transport charges).	..	6 8 0 (for Cooch Behar only).	..	14 2 0	..	11 4 0 (for Cooch Behar only).
West Dinajpur	7 2 0	9 0 0 to 10 0 0 (according to quality).	6 8 0	12 9 0	13 1 0 (for mills of Raiganj subdivision). 14 6 0 (for mills of Balurghat subdivision) inclusive of transport charges.	15 0 0 to 16 8 0 (according to quality).	11 4 0
Malda	7 8 0	Ditto ..	6 8 0	12 12 0	12 12 0	Ditto	11 4 0
Murshidabad, Nadia, 24-Parganas, Midnapore, Burdwan, Bankura and Birbhum..	7 8 0	Ditto ..	6 8 0	12 12 0	12 12 0	Ditto	11 4 0
Hooghly	7 8 0	Ditto ..	..	12 12 0	12 12 0	Ditto	..

DISTRICT PURCHASING PRICES PER MAUND FOR F.A.G.O. STOCKS FROM 11TH FEBRUARY, 1948 UP TO 12TH FEBRUARY, 1950

	Paddy.			Rice.			
	Aman common.	*Aman* very fine.	*Aus.*	*Aman* common (*dhenki*—pound).	*Aman* common (milled).	*Aman* very fine.	*Aus.*
	Rs. as. p.	Rs. as. p.	Rs. as. p.	Rs. as. p.	Rs. as. p.	Rs. as. p.	Rs. as. p.
Jalpaiguri and Siliguri subdivision of Darjeeling (from 18th January, 1949).	8 4 0 (inclusive of transport charges).	..	..	..	14 8 0	..	..
West Dinajpur .. .	7 2 0	9 0 0 to 10 0 0 (according to quality).	6 8 0	12 3 0	14 10 0 (inclusive of transport charges).	15 0 0 to 16 8 0 (according to quality).	11 4 0
Malda	7 4 0	Ditto ..	6 8 0	12 6 0	12 6 0	Ditto ..	11 4 0
Murshidabad, Nadia, 24-Parganas, Midnapore, Burdwan, Bankura and Birbhum.	7 8 0	Ditto ..	6 8 0	12 12 0	12 12 0	Ditto ..	11 4 0
Hooghly (from 28th January, 1949)	7 8 0	..	..	12 12 0	12 12 0	..	..

The prices of *Atap* rice/paddy will be same as of boiled rice/paddy.

DISTRICT PURCHASING PRICES PER MAUND FOR F.A.Q. STOCKS WITH EFFECT FROM 8TH DECEMBER, 1947 TO 10TH FEBRUARY, 1948

District.	Paddy.			Rice.		
I move this to raise a discussion about the inefficiency and mismanagement of the Government in the matter of rehabilitation of displaced persons.

Lastly I beg to move that the demand of Rs. 30,67,03,001 on account be reduced by Rs. 100.

I move this to raise a discussion about the Food policy of the Government.

Sj. CHARU CHANDRA BHANDARI: মাননীয় স্পীকার মহাশয়, মুখ্যমন্ত্রী মহাশয় বলেছেন যে তিনি মধ্যবিত্তদের জন্য অনেক কিছু করবেন। একটা কথা আছে যে "charity begins at home". আমি দেখাব যে সেটা তিনি আগে করুন। সেটা হচ্ছে settlement কর্ম্মচারীদের বিষয়। Settlement কর্ম্মচারীরা স্বল্প বেতনভোগী কর্ম্মচারী। Settlement Department প্রায় এক শতাব্দী হ'ল চলে আসছে, কিন্তু সেই departmentএর কর্ম্মচারীরা তারা সাত বছর, পনের বছর, কেউ কেউ কুড়ি, পঁচিশ বছর পর্য্যন্ত কাজ করে আসছে। তাদের মধ্যে কেউ clerk, draftsman, আমীন, পিয়োন, compositor ইত্যাদি আছে এবং তাদের এই departmentকে এ পর্য্যন্ত temporary করে রাখা হয়েছে। যদিও প্রায় একশো বছর ধরে সেই কাজ চলে আসছে, যদিও সেই সমস্ত কর্ম্মচারীরা বহুদিন যাবৎ কাজ করে আসছে, তবুও তাদের temporary করে রাখা হয়েছে। যদি দেখা যায় যে কাজ সব সময়ই আছে, তবুও তাদের temporary দেখাবার জন্য মাঝে মাঝে সাত দিন, ১৫ দিন করে কাজ দেওয়া হয় না। ১৯৪৭-৪৮ সাল থেকে তাদের মাঝে মাঝে বহু সংখ্যক লোককে discharge করা হচ্ছে। এবং এটা শুধু এই মন্ত্রী মহাশয়ের সময়ই নয় এর আগের মন্ত্রী মহাশয়ের সময় থেকেই এই সমস্যা উঠেছে। এবং বরাবরই, এর আগেও ১৯৪৯ সালে ৬৭ জন লোককে discharge করা হয়, এবং এটা একটা অদ্ভুত ব্যাপার। যারা এখানে settlement অফিসার ও কর্ম্মচারী আছেন তাদের শতকরা ৯০ জনই পূর্ব্ববঙ্গ থেকে opt করে এসেছে। তারা ওখানকার লোক এখানে এসেছে এবং তাদের অধিকাংশ হচ্ছে refugee family. সরকার এই department রাখবেন কি রাখবেন না সে প্রসঙ্গ এখানে আলোচনা করতে চাই না। কিন্তু এই departmentএ যে সমস্ত কর্ম্মচারী আছে, তাদের ভবিষ্যৎ কি? এর পূর্ব্বে কথা উঠেছিল, এবং সংশ্লিষ্ট বিভাগের মন্ত্রী তিনি খানিকটা রাজীও হয়েছিলেন যে যদি তাদের কাজ কোন সময় কমে যায় তাহলে তাদের surplus বলে ঘোষণা করা হবে। এবং surplus বলে ঘোষণা করলে এই সমস্ত কর্ম্মচারীদের চাকরির আইন অনুসারে automatically অন্য জায়গায় কাজ দেওয়া হবে। কিন্তু তা করা হয়নি। এই প্রতিশ্রুতি ভঙ্গ করা হয়েছে। এই যে ৬৭ জন লোককে discharge করা হ'ল তার মধ্যে অনেকে অনুনয়-বিনয় করাতে মাত্র ১৫ জনকে নেওয়া হ'ল। এবং তারপর বরাবরই প্রতি বৎসর কিছু কিছু লোককে discharge করা হচ্ছে। বারবারই তাদের বলা হয় যে অন্যত্র তাদের কাজ দেওয়া হবে। কিন্তু মাত্র দু-চার জন লোককে নেওয়ার পর আর বাকিদের নেওয়া হয় না।

এই department থেকে যখন Revenue Departmentএর নূতন Revaluation office খোলা হ'ল, তখন দু-চার জন লোককে নেওয়া হল। কিন্তু বড়ই দুঃখের বিষয় যে তাদের দু-চার জনকে নিয়ে আর নেয়া হ'ল না, বাইরে থেকে অন্য লোক নেওয়া হ'ল। যাদের discharge করা হ'ল তাদের কাজ দেওয়া হ'ল না। তারা শ্রীরামপুর প্রেসে কাজ করছে এই অজুহাত দেখিয়ে তাদের নেওয়া হ'ল না। তাদের মধ্যে বহু লোক আছে যাদের ৫৫ বছর বয়স হয়ে যাওয়ায় তাদের superannuated করা হয়েছে।

আর একটা কথা যেসব কর্ম্মচারীদের ৫৫ বৎসর বয়স হয়েছে তাদেরকে ছাটাই করা হয়েছে, অথচ তাদের যে একটা gratuity দেওয়ার কথা হ'ল তার কিছু হ'ল না। আজ কয়েক বৎসর চেষ্টা করেও কিছু হয়নি, Finance Minister, Revenue Ministerএর স্থলাভিষিক্ত যিনি ছিলেন তাঁর কাছে বহু চেষ্টা করা হয়েছে

কিন্তু কোন ফল হয়নি। প্রত্যেকের ঘরে ঘরে ধর্না দিয়েছে এর জন্য, কিন্তু এসব কর্মচারীদের সম্বন্ধে কিছু করা গেল না। অনেক কথা অনেকেই বলেন, স্বল্প বেতনের কর্মচারীদের প্রতি শুধু মন্ত্রীরা নন, departmentএর বড় বড় কর্মচারীরাও এত উদাসীন যে তা অকল্পনীয়। যাদের ২০।২৫ বৎসর যাবৎ কাজে রাখা হয়েছে তারা কি করে আজ খাবে? দৈনন্দিন নিত্য নূতন লোক নেওয়া হচ্ছে তাদেরকে discharge করবার কি প্রয়োজন আছে? অথচ উচ্চ বেতনের কর্মচারীরা নিজেদের সুখ-সুবিধা বাড়িয়েই নিচ্ছে। Whereas নিম্ন বেতনের যথা ৫০।৬০ টাকা বেতনের কর্মচারী যারা তাদের প্রতি কারো নজর নাই, না Ministerদের না উচ্চ স্তরের কর্মচারীদের। Finance Department gratuity সম্বন্ধে কি করলেন কিছু জানা গেল না। ২০০।২৫০ টাকা নিয়ে কি হবে? তাদের এত বৎসরের service হয়ে গিয়েছে এখন অন্য কিছু করতেও পারবে না। বলা হয় rule নাই ruleএ বাঁধে। যদি এরূপ rule না থাকে তহোলে rule তৈরী করে নিলেই তো হয়, Cabinetএ সিদ্ধান্ত করে নিলেই হয়। কিন্তু সামান্য বেতনের কর্মচারীদের কি কষ্ট, superannuationএর পরে তাদের কি অবস্থা তা' চিন্তা করুন। যদি বড় বড় কর্মচারীদের এরূপ অবস্থা হ'ত তাহলে সংশ্লিষ্ট ব্যক্তিদের অবস্থার কথা উপলব্ধি করতে পারতেন। সেইজন্য আবেদন করছি তাদের পক্ষ থেকে, এই যে, তাদের দিকে সকলে তাকান এবং যাদেরকে discharged করা হয়, তাদেরকে কাজে রাখা যায়, কি না তারা কোথায় যাবে কি করবে। তারা কি মাইনে পায়? তাদেরকে যদি under suspension রাখা হয়, তাহলে যে কি উদ্বেগের কারণ হয় বিশেষতঃ সামান্য বেতনের কর্মচারীদের পক্ষে তা বুঝুন। কোন যোগ্যতা, দক্ষতা তাদের knowledge, technical knowledge এই সব কোন কিছুই বিবেচনা করা হয়নি; এদের প্রতি উদাসীনতা দেখানো হয়েছে, এদের একটা ব্যবস্থা করুন। এবং যারা superannuated হয়েছে, তাদের gratuityর ব্যবস্থা করুন এবং দেখুন যাতে তাদের মাস মাহিনা পেতে পারে। Service Ruleএ যদি না থাকে তাহলে Cabinet decision করে gratuity or compassionate grant এর ব্যবস্থা করুন এবং যাতে তারা সত্যই সেই টাকা পায় সে দিকে দেখুন। যাদেরকে discharge করা হয়েছে তাদের পুনরায় কাজে নিযুক্ত করা হউক।

দ্বিতীয় কথা হচ্ছে যে এই যে যারা বাস্তত্যাগী শরণার্থী refugee তাদের সম্পর্কে কিছু বলবো। সরকার বলেছেন ৪০ হাজার familyকে ইতিমধ্যে পুনর্বাসন করা হয়েছে। কোথায় পুনর্বাসন দিয়েছেন সে বিষয়ে বিচার করতে চাই না। কিন্তু আমার মনে হয় পুনর্বাসন বলে কোন ব্যবস্থাই হয়নি। যদি কিছু হয়ে থাকে তা'হলে worst ব্যবস্থাই হয়েছে। আজকে দরিদ্র চাষীদের কি অবস্থা? এই চাষীদের বহু—Diamond Harbourএ একটা জায়গায় মথুরাপুরে—বহু চাষী পরিবারকে বসান হয়েছে। সেই জায়গাটায় সরকারের reserve forest ছিল। এই সব চাষীদের বলা হ'ল যে তোমরা সেখানে গেলে, ১০ বিঘা করে জমি পাবে। আনন্দে উৎফুল্ল হয়ে তারা সেখানে গেল। গিয়ে দেখল যেতে নৌকায় ২।২॥ দিন লাগে, জমি আছে কিন্তু সে জমি আঁধার কাঁটা জঙ্গলে ভরা। এবং সেখানে কোন বাঁধও বাঁধা হয়নি। মাঝে মাঝে বাঁধ বাঁধা হয়েছে কিন্তু মাঝে মাঝে ফাঁক রেখে বাঁধ বাঁধা না বাঁধা সমান কথা। ৩।৪ বছর যাবৎ এই অবস্থা চলছে Subdivisional Officerর কাছে তারা ধর্না দিল—তারা চলে আসতে চায় কিন্তু Subdivisional Officer বলেন। থাকুন, ঠিক হয়ে যাবে সব, কলকাতায় গিয়ে কি করবেন। যারা কলকাতার আশেপাশে থাকে তারা হয়ত কিছু উপকার পায়। কিন্তু যাদের শিক্ষাদীক্ষা নাই যারা আন্দোলন সৃষ্টি করতে পারে না মানুষের চোখের আড়ালে এই সব শ্রেণীর লোক যে কষ্ট পাচ্ছে তা বর্ণনা করা যায় না।

দ্বিতীয় কথা হচ্ছে সেদিন গভর্ণরের বক্তৃতার বিতর্কে বলেছিলাম--displaced Muslim refugee—তাদের সম্পর্কে উল্লেখ করেছিলাম এই কথা বলেছিলাম evacuee propertyর যে আইন সে আইন displaced Muslim যারা পাকিস্থানে গিয়ে পুনঃ ফিরে এসেছে তাদের সম্পর্কে প্রযোজ্য। এই সব displaced Muslim এর জমি Eviction Bill যার নাম পরে Refugee Rehabilitation Bill হয়েছে তার আওতায় পড়ে। তাদের জমি তারাই ফেরৎ পাবে এই assurance কেউ দিতে পারে না। কারণ পূর্ববঙ্গ থেকে যারা এসেছে এবং এসব জমিতে বসে আছে তাদের alternative arrangement না করা পর্য্যন্ত, সে জমি থেকে তোলা যাবে না। সেজন্য সংশোধনী প্রস্তাব আনতে চেয়েছিলাম, আন্দোলন করতে চেয়েছিলাম কিন্তু সরকার পক্ষ থেকে বলা হল পৃথক বিল আনা হবে। প্রধান মন্ত্রী বলছেন, বক্তৃতা দিচ্ছেন, যে তাদের ব্যবস্থা করা হয়েছে, কিন্তু কি ব্যবস্থা করা হয়েছে, তা আমরা জানি না। এই যে বার শত পরিবার—displaced Muslim এরা

Evacuee Property Act এর আওতায় এসে পড়ে। এদের সম্বন্ধে কি ব্যবস্থা হয়েছে তা দেখা যাক। এই যে এতগুলি লোক তাদের কি ব্যবস্থা হয়েছে? Rehabilitation is vague term—এরা কেউ নিজের জমি পেয়েছে কি না একথা বলা হয়নি। কেবল বলা হয়েছে ৪½ হাজার থেকে ৬ হাজার পরিবারের যাদের নিজের বাড়ী ছিল তার মধ্যে মাত্র ২,৭০০ লোককে rented accommodation দেওয়া হয়েছে। কেউ যে নিজের বাড়ী পেয়েছে একথা বলেননি কোথাও। তার মানে তার মধ্যে একজনও নিজের বাড়ী পাননি। এর পরেও আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় বলেছেন আইন করবার প্রয়োজন নাই। সে প্রয়োজন কোথায় গেল? ছয় হাজার পরিবারের লোকের একজনকে নিজের বাড়ী ফিরিয়ে দিতে পারেননি তারা যে figure দিচ্ছেন তাতে মাত্র ২,৭০০ লোককে rented accommodation দেওয়া হয়েছে। যদি নিজের বাড়ী কেউ না পেয়ে থাকে তাহলে কি rehabilitation হল? তিনি আরও বলেছেন যে পাঁচ হাজার লোক rented houseএ বাস করতো তাদের মধ্যে ৪,৩০০ লোককে অন্য accommodation দেওয়া হয়েছে কিন্তু কিভাবে তা বলেননি।

তারপর এই ২,৪৫৫ মুস্লিম পরিবারের নিজের জমি ছিল, তাদের cultivable land ছিল, প্রত্যেক পরিবারের ১০।১১ বিঘা জমি ছিল। তাদের জমি হিসাব যদি করা যায় তাহলে এ সমস্ত পরিবারের প্রায় ২৮ হাজার বিঘা জমি ছিল। মুখ্যমন্ত্রী মহাশয় বলেছেন যা হিসাব দিয়েছেন এই ২,৪৫৫ পরিবারের মধ্যে মাত্র ৫০০ পরিবারকে alternative cultivable land ভাগচাষ দেওয়া হয়েছে কিন্তু তাদের নিজের জমি একজনও ফেরৎ পায়নি। কিন্তু তারা জমি ফেরৎ পাবে কিনা? তাহ'লে আমি ধরে নিতে পারি এই সব জমির উপর Eviction Bill যার নাম অন্য দেওয়া হয়েছে সে Bill apply করছে। এই আইনের যে প্রয়োজন গত মার্চ মাসে ছিল সে প্রয়োজন এখনও আছে। দেখতে পাচ্ছি এক বৎসর চেষ্টা করে ৪ জন officers নিযুক্ত করা হয়েছে। তিনি তো বলেছেন ৬ হাজার পরিবারের একজনকেও নিজের বাড়ী ফিরিয়ে দিতে পারিনি। ২,৪৫৫ পরিবারের জন্য যে ২৮ হাজার বিঘা জমি তার এক বিঘা তাদের ফিরিয়ে দিতে পারিনি। তা'হলে কি কাজটা হল? এই সমস্ত লোক, লোকচক্ষুর অন্তরালে আছে। এখন দেখা যাচ্ছে গত বৎসর যেমন ৬ হাজার familyর মধ্যে একটা familyকেও তাদের নিজের বাড়ী ফেরৎ দিতে পারে নি, তেমনি ঐ যে ২৮ হাজার বিঘা জমি ছিল, ২,৪৫০ family তাদের কাউকেও এক বিঘা জমিও ফেরৎ দিতে পারে নি। তারা লোকচক্ষুর অন্তরালে আছে, তাদের জন্য কেহ আন্দোলন করে না, সংবাদপত্রও তাদের কথা ছাপে না। ঐ হতভাগাদের জন্যই আমি আবেদন করছি। আপনাদের যে আইনটা রয়েছে তার সামান্য একটা clauseএ সামান্য একটা proviso যোগ করলেই আইনটা তাদের স্বপক্ষে আনা যায়। তা না করলে লোকে মনে করবে তাদের কেবল স্তোকবাক্য দিয়ে ঠকান হচ্ছে।

এর পর আমি আর একটা বিষয়ে আসব। সেটা হচ্ছে Road Transport Scheme excluding Cooch-behar Road Transport। আমাদের ত জানাই আছে যে একটা bus-route পেতে লোক কি রকম মারামারি করে এবং যে একটা bus-route পেয়েছে, তার রোজগারের জন্য আর কিছু লাগে না। কিন্তু আমরা দেখছি কি? এই কলকাতায় এবং তার আশেপাশে কুচবিহার বাদে State-busর সংখ্যা ২৩৬। এই ২৩৬ busর জন্য যে capital খরচ হচ্ছে এক কোটি ৬৭ লক্ষ টাকা, এই টাকা খরচ করে যদি কোন একজন ব্যক্তি বিশেষ কিম্বা private company বাস চালাত, তাহলে তারা কোটিপতি হয়ে যেত। কিন্তু সরকারের বেলায় আমরা কি দেখি এবং বৎসরের পর বৎসর কি দেখছি। প্রথম বৎসর যে হিসাব দিয়েছেন Commercial Account, depreciation ইত্যাদি বাদ দিয়ে সে account তা দিলেন না। Finance Minister তখন বলেছিলেন যে account করা হয় নাই। তারপর যে হিসাব আজ দিচ্ছেন, তাতে কি দেখছি সর্বনেশে সাংঘাতিক কাণ্ড। গত বৎসর যা দিয়েছেন তাতে দেখা যায় ১৭ লক্ষ ৩ হাজার টাকা loss হয়েছে এবং এ বৎসরের অবস্থা আরও শোচনীয়। সেটা দেখাবার পূর্বে একটা বিষয় আমি উল্লেখ করব। সে বিষয়টা হচ্ছে এই যে গত বৎসর, ১৯৫১ সালে, যে বাজেট পাশ করা হয় তখন revised estimateএ যা দেওয়া হয়েছিল, তাতে আশা করা হয়েছিল যে ৫ হাজার টাকা plus অর্থাৎ লাভ হবে ·5 আর বেশি নয় কিন্তু লাভ না হ'য়ে actual যা এসে পৌঁছেছে, তখন দেখা যাচ্ছে সেই লাভ উপে গিয়ে হয়েছে ১৭ লক্ষ ৩ হাজার টাকা ক্ষতি। কিন্তু এ বৎসরের অবস্থা আরও সাংঘাতিক। এ বছরে সেই অনুপাতে তাঁরা আশা করেন ২০ লক্ষ ২৭ হাজার টাকা ক্ষতি। তা হ'লে actual দাঁড়াবে অন্তত ৪০ লক্ষ টাকা ক্ষতি আগামী বৎসরে। কারণ গত বৎসর যখন দেখিয়েছিলেন

যে ৫ হাজার টাকা লাভ হবে আজ সেখানে দেখি ১৭ লক্ষ ৩ হাজার টাকা লোকসান হয়েছে। সেক্ষেত্রে এবারে যখন দেখাচ্ছেন ২০ হাজার ১৭ লক্ষ টাকা লোকসান, তা হ'লে পরের বৎসরে পূর্ব্বেকার অনুপাতে actual ৩৭।৩৮ লক্ষ টাকা লোকসান হবেই। ১ কোটি ৩৭ লক্ষ টাকা ফেলে কোন্ ব্যবসায় এত ক্ষতি হয়? বিশেষত এখন যখন ব্যবসায় boomর অবস্থা গেল। সেইজন্যই এটা ধিক্কারজনক ব্যাপার। কিন্তু সেটা কেন করছেন? তার কারণ আমার মনে হয় দেশব্যাপী লোকেরা যাতে কোন industryকে nationalise করার দাবী কখনও না তুলতে পারে, সেই মতলব ক'রেই গভর্ণমেণ্ট management এই অবস্থা দেখান হয়েছে। গভর্ণমেণ্ট management inefficient হবেই—এইটা প্রমাণের মতলব না থাকলে এই bus ব্যবসায় এমন অবস্থা হতে পারে না। ১ কোটি ৩৭ লক্ষ টাকা যেখানে invested সেখানে ৩৭ লক্ষ টাকা এক বৎসরে loss হবে, এ জিনিসটা কেহ বিশ্বাস করতে পারে না। কোথায় এর ত্রুটি। এই ত্রুটি যদি অনুসন্ধান করি, তবে প্রথমেই চোখে পড়ে যে লক্ষ লক্ষ টাকা তারা এই Transport Directorate working expensesর জন্য ব্যয় করা হচ্ছে। হাজার হাজার টাকা মাইনে দিয়ে বড় বড় officer আনা হচ্ছে। যেখানে ৩০।৪০ টাকা মাইনে দিয়ে private bus চালান হচ্ছে। এ দিকে আবার ফলাও ক'রে বলা হয়েছে যে State Transportর এমন একটা Workshop আছে যা সমগ্র Asiaর মধ্যে নাই। Workshop দেখে ব্যবসার লাভ লোকসান কি কেউ বুঝবে। ছেড়ে দিন এ ব্যবসা। আমরা nationalisation চাই। বর্ত্তমানে ভাল ক'রে এই declaration দিন যে পশ্চিমবঙ্গ গভর্ণমেণ্ট এত অপদার্থ, এত অক্ষম যে তারা কোন Commercial concernর ভার দিতে অযোগ্য। তাই ব'লে আমি কোন private লোকের হাতে দিতেও বলব না। তাঁরা ত্যাগ ক'রে এটা একটা Corporationর হাতে দিন এবং তাতে গভর্ণমেণ্ট, জনসাধারণ, labour, সকলের interest represent করার ব্যবস্থা করুন। নিজেদের অক্ষমতা, অপদার্থতা, অযোগ্যতা স্বীকার ক'রে এটাকে, সেই Corporationর হাতে ছেড়ে দিন। এ ছাড়া অন্য কোন উপায় আছে ব'লে আমি জানি না। এই জিনিসটার কোন explanation থাকতে পারে ব'লে আমার মনে হয় না। লোকে মনে ক'রে ছিল যে State bus চালালে তাতে লাভই হবে। কিন্তু কি ব্যাপার! সেদিন আমার এক বন্ধু এসে বলছিলেন State busএ আসতে হয় ব'লেই তাঁর আসতে বিলম্ব হয়। কেন এই বিলম্ব হয়? কারণ State bus ছাড়া সেখান থেকে আসার আর কোন conveyance নাই। এবং সবাই একথা আজ জানে যে private busর মত State busএর run করার কোন তাড়া নেই। State bus যারা চালায়, তারা জলযোগ না করে bus ছাড়ে না। তা ছাড়া একটা কি দু'টো থেকে ৩টা পর্য্যন্ত তাদের ছুটি আছে। তার পর এসব জিনিসের উপর top-heavy expenses আছে। Directorate ও management জন্য হাজার হাজার টাকা খরচ করছেন। এক শ' টাকায় যেটা হ'ত, সেখানে ৩।৪ হাজার টাকা মাইনে না দিলে চলছে না। তার পরে State busএ উঠলে কেউ ticket কাটতে বলে না। এই সব হ'লে কি আর হবে; সেই জন্য আমরা বলছি একটা autonomous Corporation ক'রে তার হাতে আপনারা এটা ছেড়ে দিন। নচেৎ আপনারা কিছুতেই এটা চালাতে পারবেন না।

আর একটা কথা procurementর কথা। সে সম্বন্ধে মুখ্যমন্ত্রী মহাশয় একটা ভাল কথা বলেছেন। আজকে আমি খাদ্যমন্ত্রী মহাশয়ের কাছ থেকে সেটা বের করতে চেয়েছিলাম। সাত মণ ক'রে ধান যে average ধরেছেন। তা হ'লে দরিদ্র চাষীর বেলায় কি দাঁড়াচ্ছে। খায় বেশি কারা? গ্রামের চাষীরা। তাদের জন্য ক'মণ রাখবেন? খাদ্যমন্ত্রী মহাশয় তো গ্রামে গিয়েছেন। তাঁর এ সম্বন্ধে অভিজ্ঞতা আছে। সাধারণত যাদেরই ধান কেড়ে নেবেন, তাদের বেলায় যদি ৭ মণ ধরা হয় তবে এদের বেলায় কি করবেন? ১১।১২ মণ? কিংবা এখন যদি সংগ্রহ করা হয়। তা হ'লে rest of the yearর জন্য ১০ মণের কম নয়।

আমি খাদ্যমন্ত্রীর কাছে অনেক অত্যাচারের কথা বলেছি এখানে আর একটা বলি। সেটা হচ্ছে টেংরা-কুলপি থানার Assessor-Inspector কি করেছেন। তিনি ১০ই তারিখের এক directive ১১ তারিখ জারি করে সঙ্গে সঙ্গেই তাদের অনুপস্থিতিতেই ১৩০ মণ ধান নিয়ে এলেন। তারা পাঁচ ভাই যতগুলি তাদের ধান ছিল, সবই নিয়ে এলেন। পাঁচ ভাইকে এই directive দেন নাই। আর ১১ তারিখে পৌনে আটটার সময় নিয়ে এলেন। তার পরে Diamond Harbour থানায় এক মণ ক'রেও ধান নেই। তারা টেংরা থানার থেকে ধান আনবার দরখাস্ত করেছে। কিন্তু সেখানে ধান আছে কি না তদন্ত করবার জন্য চিঠি গিয়েছে। এদিকে তাদের এখানকার ধান চ'লে গেল। সেদিন আমি বলেছিলাম একজন assistant sub-inspectorএর কাছে revolver

দেওয়া উচিত নয়। আমি সন্ধান নিয়েছিলাম। সেটা তার revolver নয়। সেখানকার District Agent যার গুদামে তিনি থাকেন তার revolver তিনি নিয়ে এসেছেন। এর থেকে বুঝতে পারবেন তিনি কি রকমের officer।

আমি এখন আর বেশি কিছু বলতে চাই না। শুধু বলি যদি ধান procurement করতে হয়, তবে চাষীর খোরাকি রেখে ধান নিন। আমি আপনাদের দুর্ভিক্ষমন্ত্রী বলতে চাই না। কিন্তু যদি এইভাবে ধান নেওয়া হয়, তা হ'লে আপনারা দুর্ভিক্ষকে ডেকে আনবেন।

Sj. HEMANTA KUMAR BASU: মাননীয় স্পীকার মহোদয়, সেদিন His Excellency Governorএর Speechএর amendmentএর উপর আমরা যে বক্তৃতা করেছিলাম বিরোধী পক্ষ থেকে তার উত্তর দেবার সময় মুখ্যমন্ত্রীমহাশয় বিশেষ বিরক্ত এবং রাগান্বিত হ'য়ে উত্তর দিয়েছিলেন। যে সমস্ত বিষয় আমরা আলোচনা করেছিলাম সে সমস্ত বিষয়ের কোনটারই তিনি সঠিক জবাব দেন নাই। বরং এমন সব বিষয়ের তিনি অবতারণা করেছিলেন যার কোন আবশ্যকতা ছিল না। অনেক বিষয় যা সরকারের করা উচিত ছিল এবং যা সরকারের কর্তব্য সেই সমস্ত বিষয়ে সরকারের দৃষ্টি আকর্ষণ করা হয়েছিল কিন্তু সরকার তার কোন সঠিক জবাব দেননি।

এটা খুবই দুঃখের বিষয় যে controlএর সময় cementএর অভাব, steel পাওয়া যায় না, সেই সময় একটা গরীব লোক একটু cementএর অভাবে ঘর মেরামত করতে পারে না। ঘুরে ঘুরেও একটু cementএর যোগাড় করতে পারে না অথচ যারা বড় লোক তাঁরা cinema house রং করবার জন্য হাজার হাজার টন cement বের করে নিয়ে যাচ্ছে। যদি বলি এদের মন্ত্রীমহাশয়দের সঙ্গে খাতির আছে তা হ'লেই আমরা ভাল না বা ঠিক কথা বললাম না। সেদিন একজন লোক, তার বাড়ী তৈরী হয়েই গিয়েছিল শুধু পায়খানাটা তৈরী করবার জন্য একটু cementএর জন্য ছয় মাস ঘুরে যোগাড় করতে পারলো না; একটিন cement তাকে দিলেন না, এমন কি সে departmentএ গেলে তাকে দেব না বলে হাকিয়ে দিল। এই সম্বন্ধে এখানে যদি আমি আপনাদের দৃষ্টি আকর্ষণ করি তাহলেই কি অন্যায় হয়ে গেল? একটা schoolএর পাকা buildingএর জন্য ইট পুড়ানর কয়লার দরকার হলে সেই schoolএর Secretary Assistant Directorএর সঙ্গে দেখা করেন। তিনি বললেন হ্যাঁ কয়লা কোথায় পাওয়া যাবে মশায়, যান যান। এই ভাবে তাকে হাঁকিয়ে দিল। ইনি একজন graduate, public work করেন, তাঁকে এই সব অকর্মণ্য officerরা অপমান করে; কাজে কাজেই আমাদের এই সব কথা বলতে হয়। এই সমস্ত public workersদের যদি অপমান করে তাহলে লোকে এই administrationএর উপর কি করে শ্রদ্ধা রাখবে? একটা public workএর জন্য materials দরকার তা তারা পাবে না? ঘুরিয়ে ঘুরিয়ে তাদের শেষ করে দিচ্ছেন। আর যারা বড় লোক, মোটা মোটা টাকা ঘুষ দিতে পাবে তারা সবই পাচ্ছে গরীবরা কিছুই পাচ্ছে, না। এই কথা মন্ত্রী মহাশয়দের বলতে গেলেই আমরা খারাপ হয়ে গেলাম; তখন তাঁরা শুধু বলেন যে হ্যাঁ, আপনারা আমাদের শুধু দোষই দেখেন, আমাদের ভাল কিছু দেখেন না।

তারপর trawler নিয়ে deep sea fishing করতে গিয়ে লক্ষ লক্ষ টাকা সমুদ্রের নীচে ফেলে দিলেন। মাছের কি ব্যবস্থা করলেন সে বিষয় জিজ্ঞাসা করলে তার কোন categorical reply পাওয়া যায় না। এই সমস্ত টাকা এই সমস্ত কাজে experiment করতে খরচ করলেন। অথচ যদি একটা গরীব কেরাণী, সে যদি ৫০৲ টাকার গোলমাল করে তাহলেই তার চাকরী গেল আর এই সমস্ত বড় বড় officerরা, যারা লক্ষ লক্ষ টাকা জলের নীচে ফেলে দিচ্ছে তাদের promotion দিয়ে দিচ্ছেন। এই administrationএর কথা বলবো না? এই গরীবদের কথা বলবো না? আর আপনারা শুনবেন না? আপনাদের শুনতেই হবে, administration আপনাদের হাতে। জনসাধারণের কাছ থেকে tax নিচ্ছেন এবং আপনারাই খরচ করছেন। কোটি কোটি টাকা rehabilitationএর ব্যাপারে নিয়েছেন, আমরা যারা member হয়ে এখানে এসেছি, আমরা Oppositionএ থেকে আপনাদের সাহায্য করছি আপনাদের দোষত্রুটি দেখিয়ে দিচ্ছি সেই অনুসারে আপনাদের উচিত আপনাদের সংশোধন করা।

আপনারা জানেন যে কলিকাতায় বহু লোক বস্তিতে বাস করে। মসজিদবাড়ী বলে একটা বস্তি আছে, সেখানে হাজার family একশত বৎসর ধরে বাস করছে। আজকে যে আইন আছে তাতে যারা বস্তির মালিক, যারা বড় লোক তাদেরই সুবিধা হয়েছে। তারা সেই আইনের সুবিধা নিয়ে courtএ decree করছে। এই বিষয়ে

আমি প্রধান মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করেছি যে এই রকম সমস্ত বস্তির জমিদার, যেখানে হাজার family প্রায় ৫০।১০০ বৎসর ধরে আছে, তাদের উৎখাত করে দিয়ে সে জমি বেশী দামে বিক্রয় করে লাভবান হওয়ার চেষ্টা করছে। কাজেই বস্তির অবস্থা খুবই খারাপ। সেখানে রাস্তাঘাট, জল, আলো, পায়খানা কিছুরই ভাল ব্যবস্থা নাই। কংগ্রেস administrationএও তারা এত কষ্ট করে বাস করছে। মধ্যবিত্ত শ্রেণীর কলিকাতা সহরে বাস করবার জন্য ঘরবাড়ীর খুবই অভাব অথচ তাদের জন্য সরকারের তরফ থেকে কোন schemeই আজ পর্য্যন্ত নেওয়া হল না। মধ্যবিত্তদের স্বাস্থ্যের দিকে নজর রেখে, তারা যাতে কলিকাতায় এবং তার আশপাশে বাড়ী করে থাকতে পারে, যেমন Governmentএর Rehabilitation Schemeএ কুড়ি বৎসরের জন্য loan দেওয়ার ব্যবস্থা আছে, সেই রকম তাদের একটা loan দেওয়ার ব্যবস্থা করে ঘরবাড়ী করে দেওয়া উচিত। অবশ্য ঘরবাড়ী করে দেওয়ার ভার সরকারকে না দেওয়াই ভাল, কারণ তারা যেরকম বাড়ী হাবরায় করেছেন তাতে অল্প আঘাত দিলেই ইট খসে আসে, এরকম reportও পাওয়া গিয়াছে। তাদের বড় বড় engineer ও building expert, তারা ঐ বাড়ী দেখে বললেন যে না কিছুই হয়নি; কিন্তু পরে সেই houseগুলি reject করা হল। কাজেই এদের হাতে বাড়ী তৈরীর ভার না দেওয়াই ভাল। এরা দেশের গরীব জনসাধারণের সুবিধার জন্য কোন কিছুই করছেন না বা করতে চান না। বড় লোকরা ইংরাজের আমলেও সুখে ছিলেন আজও তাঁরা সুখে আছেন। মহাত্মা গান্ধী বলেছিলেন যে গরীবের মুখে হাসি ফুটছে কিনা দেখ। তা না হ'লে আমরা যে স্বরাজ পেলাম তার কোনই মূল্য নাই।

Labouring population তারা যেভাবে যে রকম ঘরে বাস করে তা কল্পনা করা যায় না। তারা যেভাবে কষ্ট করে থাকে, এক ঘরের মধ্যে সমস্ত ছেলেপেলে নিয়ে থাকতে হয়। তারা যেভাবে থাকে তাতে কোন মানুষ বাস করতে পারে না। বর্ষাকালে তাদের কষ্টের শেষ নাই। এইখান থেকে tuberculosis এবং নানা রকম রোগের উৎপত্তি হচ্ছে এবং দেশে মড়কের সংখ্যা বেড়ে যাচ্ছে।

Release of political prisoners সম্বন্ধে সেদিন আমি আমার বক্তব্য বলেছি। আপনারা বলেছিলেন যে সুভাষচন্দ্রকে medical groundএ ছেড়ে দেওয়া হয়েছিল। কিন্তু আমি বলছি যে, যদি কোন রকম আন্দোলন না থাকতো তাহলে তাঁকে ছাড়া হতো না। কারণ J. M. Sengupta, জেলের মধ্যে বহুদিন high blood presureএ ভুগে মারা গিয়েছিলেন। তখন আন্দোলন করবার মত দেশে কোন লোক ছিল না। তিনি যখন জেলের মধ্যে ভুগছিলেন তখনও তাঁকে ডাক্তাররা certificate দেননি। তাই তাঁকে জেলে মরতে হয়েছিল। কিন্তু নেতাজীর সময়ের মত বাইরে যদি আন্দোলন থাকতো তাহলে তিনি ছাড়া পেতেন। সুভাষচন্দ্রের সময় বাইরে আন্দোলন ছিল বলেই শুধু যে সুভাষচন্দ্রই মুক্তি পেয়েছিলেন তাই নয়, তারপরে আরো বহু লোক মুক্তি লাভ করেছিলেন। সেই জন্য আমি বলছি যে অন্ততঃ যাঁরা জনসাধারণের ভোটে নির্বাচিত হয়ে আমাদের মত এই Assembly Houseএ প্রতিনিধিত্ব পেয়েছেন তাঁদের কিছুতেই আজকে এই রকমভাবে আটক রাখা যুক্তিসঙ্গত নয়। Electionএর সময় তাঁরা যখন বাইরে ছিলেন তখন দেশে কোন গোলমাল ছিল না এবং electionএর পরেও কোন গণ্ডগোল নাই; সুতরাং তাঁদের জোর করে আটক রাখার কি কারণ থাকতে পারে। এরা বিরোধী মতাবলম্বী বলেই এদের আটক রাখা হয়েছে। সেই জন্য অচিরে তাঁদের ছেড়ে দেওয়া উচিত।

Corporationএর Investigation Commission আপনারা নিয়োগ করেছিলেন এবং আপনারাই বলেছিলেন যে Corporationএ দুর্নীতি চলেছে, Councillorরা বড় পাজী, অতএব তাদের হাত থেকে সমস্ত ক্ষমতা কেড়ে নিলেন। কিন্তু সেই ক্ষমতা কেড়ে নেওয়ার পর আজ চার বৎসর হ'ল Corporationএর যে রূপ হয়েছে তা আমরা সকলেই জানি। যদি কেউ রাস্তা দিয়ে যান তাহলে দেখবেন যে রাস্তার দুই ধারের drainগুলি বন্ধ হয়ে আছে, অনেক জায়গায় রাস্তা নষ্ট হয়ে গিয়েছে, অথচ এইগুলি সম্বন্ধে যদি কেউ Corporationকে চিঠি লেখে তাহলে তার কোন জবাব পায় না। যারা এখন Corporationএ কাজ করছে তারা বাহাল তবিয়তেই থাকে কারণ তারা মন্ত্রীদের হাতের লোক, সেই জন্য তারা এইগুলি অগ্রাহ্য করছে। তারপর যাতে Corporationকে ভাল করে চালাতে পারেন তার জন্য এই Investigation Commission করা হয়, এই Investigation Commissionএর reportএ দেখা যায় যে বিশেষ বিশেষ Corporationএর কর্মচারীদের বিরুদ্ধে অভিযোগ করা হয়েছে। তারা, যারা বড় বড় ব্যবসাদার, তাদের বাড়ী valuation under assessment করেছে এবং এইভাবে Corporationএর বহু লক্ষ টাকা আদায় হয়নি। সেই

সমস্ত কর্মচারীদের বিরুদ্ধে কোন রকম কিছুই করা হয়নি, যদি এই কথা বলা হয় তাহলেই আপনারা বলেন যে আমরা ভাল বলছিনা। এই সমস্ত কড়া সত্য কথা বললে আপনাদের গায়ে লাগে, সুতরাং আপনারা এর সঠিক জবাব না দিয়ে একটা খেলো জবাব দেন।

(At this stage blue light was lit.)

এখনও আমার বহু কিছু বলবার আছে।

Mr. SPEAKER: আপনি এখন সময় চাচ্ছেন কেন? আপনিত পরেও বলতে পারবেন।

Sj. HEMANTA KUMAR BASU: Administration of Justice সম্বন্ধে আমি কিছু বলছি। এতে গরীব লোকদের বিচার পাওয়ার কোন উপায় নাই। যদি case lower court থেকে District Courtএ যায়, এবং সেখানে থেকে High Courtএ যায় তাহলে গরীব লোকদের পক্ষে মামলা চালান অত্যন্ত অসুবিধা হয় কারণ তারা এত টাকা পয়সা খরচ করতে পারে না। আমি শুনেছি যে রাশিয়ায় এমনভাবে এই administration of justiceএর ব্যবস্থা এমন সহজ ও সরল ভাবে করেছে তাতে সকলেই সুবিচার পায়। আমাদের দেশের গরীব লোকরা, যাতে justice পায় তার ব্যবস্থা নাই। তাদের appeal করবার ক্ষমতা নাই। সেখানে শুধু বড় লোকরাই যেতে পারে। তাই এই দিকে আপনাদের দৃষ্টি দেওয়া উচিত।

Primary Education সম্পর্কে আমি এর আগে অনেক কিছু বলেছি, আজকে শুধু একটা ঘটনার কথা বলছি। কলিকাতা সহরের উপর এমন কতকগুলি primary school আছে যাদের double grant দেওয়া হচ্ছে আবার কতকগুলিকে একটা মাত্র grant দেওয়া হচ্ছে। কতকগুলি school দুইটা grant পাচ্ছে এবং কতকগুলি school ordinary grant পাচ্ছে এবিষয় আমরা লিখিতভাবে Director of Public Instructionকে জিজ্ঞাসা করি এর কারণ কি? কিন্তু তিনি এর কোন জবাব দেন নি। অবশ্য আপনাদের জানা-শোনা, পরিচিত লোক যদি হয় তাহলে আলাদা কথা।

তারপরে registered and unregistered practitionerদের কথা বলছি। তাদের অবস্থা আজ চরমে এসে পৌঁছেছে। বিশেষতঃ পাকিস্থান থেকে যারা চলে এসেছেন তাদের অবস্থা আরও সাংঘাতিক। এঁদের মধ্যে অনেকে আছেন যাঁরা সত্যি ভাল ডাক্তার, আমার মনে হয় সরকারের উচিত এই সমস্ত ডাক্তারদের একটা refresher course নিয়ে license দিয়ে দেওয়াই ভাল, যাতে এরা অন্ততঃ জীবিকা অর্জন করে খেতে পারে। তারপরে সকলেই জানেন কলকাতা সহর tuberculosisএ ছেয়ে যাচ্ছে। এদিকে সরকার যদি দৃষ্টি না দেন তাহলে সমগ্র কলকাতা তথা বাংলা দেশের অবস্থা ভয়াবহ। আজকে যদি একটা মধ্যবিত্ত পরিবারের কারো tuberculosis হয় তাহলে যে দুই-একটি হাঁসপাতাল আছে, তাতে bed পেতে হলে তদ্বির এবং সুপারিশের প্রয়োজন। এবং এতেও যদি পাওয়া যায় তাহলে সেই bed ৫।৬ মাসের আগে পাওয়া যায় না। যদি কখন পাওয়া যায় রোগী হয়ত তখন মরে গিয়েছে এরূপ দেখা যায়। সেজন্য আমি সরকারকে অনুরোধ করছি যে তারা একটা T.B. colony scheme করুন তাতে tuberculosis রোগীদের দূরে রেখে দিলে জনসাধারণের মধ্যে এই রোগ ছড়িয়ে পড়তে পারে না, এবং এসব রোগীদেরও একটা চিকিৎসার ব্যবস্থা হতে পারে।

Sj. JYOTI BASU: Sir, it is already 7 o'clock and we have already sat for 4 hours, so instead of continuing today, may we not take a part of to-morrow's time?

Mr. SPEAKER: There are no more speakers today. So you can finish your speech today. Let us finish it today.

Sj. JYOTI BASU: মাননীয় স্পীকার মহাশয়, cut motionএর উপর বলতে কিছু অসুবিধা অনুভব করছি আজকে। কারণ হচ্ছে প্রথমেই বলেছেন এটাকে formal wayতে treat করতে। দ্বিতীয় কথা হচ্ছে আমরা যা কিছু বলছি আমাদের মন্ত্রিবর্গকে, বিশেষ করে যারা হেরে গিয়েছেন বা যারা হারেন নি, তারা পরের বার এখানে মন্ত্রী হবেন কিনা সেটা বিধান বাবুর উপরই নির্ভর করে। আমি যা বলব হয়ত তার কোন উত্তর এরা দেবেন না এজন্য বলতে বিশেষ উৎসাহ feel করছি না। বিভিন্ন মন্ত্রীরা এখানে আছেন এবং বিভিন্ন খাতে টাকাও চাওয়া হয়েছে। জানি না cut motionএর উত্তরে

সকলেই কিছু কিছু বলবেন না একজন মন্ত্রী উঠে সব বলে দেবেন। যাই হোক বিদায়ী মন্ত্রী যাঁরা, তাদের দু'চার কথা শুনান দরকার। কয়েক বছর রাজত্ব তারা করে গেলেন, কি ভাবে সুনামের সহিত রাজত্ব করলেন, সে বিষয়ে জনসাধারণকে কিছু শুনিয়ে যাওয়া উচিত।

তারপর cut motionএর উপর কিছু বলবো। সবগুলি বলব না। চারুবাবু যা বলেছেন সেগুলি বাদ দিয়ে যাব। আমরা বরাবর Assemblyতে জমিদারী প্রথা উঠিয়ে দেওয়া সম্বন্ধে আলোচনা করেছি। যখনই আলোচনা করেছি মুখ্যমন্ত্রী মহাশয় বলেছেন এ বিষয়ে আমরা একমত। কিন্তু আজকে কার্য্যত: কি দেখছি, অন্যান্য Provinceএও দেখছি—সংবাদপত্র মারফৎ যা খবর পাচ্ছি—এ বিষয়ে কিছুটা এগিয়েছে অথচ আমাদের প্রদেশে সে সম্বন্ধে কোন উচ্চবাচ্য নাই। অথচ আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় বলেছেন, জমিদারী-প্রথা উঠিয়ে দিয়েও কোন বিশেষ লাভ হবে না কারণ জমিদারদের হাতে কোন জমি নাই। বিদায় নেবার আগে অন্তত: একবারও বলে যান যে এতদিন তারা যা বলেছেন, জমিদারীপ্রথা উঠিয়ে দেবেন সে কথা তারা মানেন না। কৃষকদের হাতে জমি যতদিন না আসবে, ফসলের উৎপাদন বাড়বে না, দেশের সর্বাঙ্গীন উন্নতি কখনই হবে না। দেশের শতকরা ৮০।৯০ জন লোক চাষী, তারা গ্রামে বাস করে। যতদিন তারা পেট ভরে খেতে না পাবে, হাতে ক্রয়ক্ষমতা না আসবে ততদিন দেশের ব্যবসা বানিজ্য কিছুতেই প্রসার লাভ করতে পারে না। সেজন্য বার বার বলছি আমাদের দেশ কৃষিপ্রধান দেশ, জমিদারী-প্রথা তুলে দিয়ে কৃষকের হাতে জমি দিয়ে দিন। কিন্তু তারা কোন ব্যবস্থাই করতে পারছেন না। তাছাড়া অনেক নূতন নূতন theory শোনাচেছন যে জমিদারী-প্রথা উঠিয়ে লাভ নাই। এত খারাপ সরকার কোথায় আছে? একটা ভাল জিনিষ এদের দ্বারা হয় নি। গত ৪।৫ বছর যাবৎ কৃষকদের কোন উন্নতি হয় নি। যাও জমি তাদের হাতে ছিল তাও বেহাত হয়ে যাচেছ। তারপর তেভাগা আন্দোলনেও যা Government দ্বারা স্বীকৃত হয়েছে, সেখানেও চাষীরা কোন justice পাচেছ না। সে জন্য এই cut motion রেখেছিলাম। যে জিনিষ অনেক আগেই করা উচিত ছিল, যে জিনিষের জন্য বৃটিশ রাজত্বের সময়ে কংগ্রেসীরা এত আন্দোলন করেছে, সেই জিনিষ আজও এই সরকার করল না—কি দুঃখের কথা, লজ্জার কথা। তারপর ১৯৫০ সালে Excise মন্ত্রীমহাশয় বক্তৃতায় বলেছিলেন যে তাদের টাকা নাই সেজন্য মদ prohibition করতে পাচেছন না। কিন্তু তারা গান্ধীজীর নীতিতে বিশ্বাসী এবং উদ্দেশ্য হচেছ মদ prohibition করা। কি আশ্চর্য্যের বিষয়। টাকা নাই বলে চাষীদের মদ খাইয়ে টাকা পেতে হবে? এই হচেছ এদের action, আমার ইচ্ছা ছিল এই সম্বন্ধে কিছু বলি কিন্তু আমি তখন এখানে ছিলাম না, জেলে ছিলাম। আশ্চর্য্য হচিছ এই দেখে যে আমাদের প্রধান মন্ত্রীমহাশয়ও এরকম আলোচনা করেছেন। তাহলে মদ খাইয়ে টাকা আনতে হবে তারপর দেশের উন্নতি করতে হবে। কোথায় তারা cultural activityর দিকে মন দেবে, না দেশের লোককে মদ খাওয়াচেছ—এইতো হচেছ আমাদের সরকার।

তারপরে আমি general administration সম্বন্ধে দু'চার কথা বলতে চাই। এবং প্রথমেই বলবো release of prisoners—বন্দী মুক্তি—সম্বন্ধে। আমি প্রধানমন্ত্রী মহাশয়কে একটু correct করে দিতে চাই, তিনি যদি কোন বিষয়ে misinformed থাকেন এবং তার কোন বিষয়ে শিক্ষাদীক্ষা কম থাকে তাহলে আমাদের মত সাধারণ মানুষের বড় অসুবিধা হয়।

Mr. SPEAKER: Mr. Basu, you should not say so, it is rather insulting.

Sj. JYOTI BASU: স্বীকার মহাশয়, তিনি যদি কোন ব্যাপারে misinformed থাকেন তাহলে কি করবো। তিনি ডাক্তারী জানেন, একথাতো অস্বীকার করছিনা?

Mr. SPEAKER: You know that the Leader of the House and the Leader of the Opposition are always expected to have a little courtesy from the members.

Sj. JYOTI BASU: এতে রাগ করবার কিছু নাই। তিনি বলেছেন অন্যান্য democratic দেশেও এরকম বিনাবিচারে আটক করার আইন আছে। উনি দয়া করে বলবেন কি পৃথিবীতে কোন গণতান্ত্রিক দেশ আছে যেখানে, এক যুদ্ধের সময় ছাড়া, বিনাবিচারে আটক রাখা হয়? আমি তো অন্তত: জানি না। আমি জিজ্ঞাসা করি England, America যাকে আপনারা কথায় কথায় গণতান্ত্রিক দেশ

বলেন, আছে কি এরকম আইন, আপনাদের সেই গণতান্ত্রিক দেশে? (The Hon'ble Dr. Rafiuddin Ahmed: কেন রাশিয়াতে?) না: আপনিও কিছু জানেন না। আমি বলতে চাই এমন কি আমেরিকা, ক্যানাডা যাকে আপনারা গণতান্ত্রিক দেশ বলেন, সেখানেও বিনা বিচারে আটক রাখা যেতে পারে না।

আমি আর একটা জিনিষ বলতে চাই সেটা হচ্ছে Advisory Boardএ যারা আছে এই আইন সম্বন্ধে যারা জজ হন বিচার করার জন্য, আমি তাদের জজ বলেই মনে করি না। উনি (pointing to the Chief Minister) বলেছেন এটা কি করে হয়? জজ হন জজই। আমি একটু আইন পড়েছিলাম উনি যাকে গণতান্ত্রিক দেশ বলেন, সেখানেই আমি আইনের শিক্ষা লাভ করি। সেখানে আমি শিক্ষা পেয়েছিলাম—basic principle of jurisprudence হচ্ছে দুই পক্ষেরই কথা শুনে বিচার করতে হবে। এবং আমার অধিকার থাকবে, right থাকবে, আমার বিরুদ্ধে যে প্রমাণ এনেছে, সেগুলি যে মিথ্যা, সে বলার আমার অধিকার আছে। কিন্তু এমন যদি হয়, যেখানে আমার বলার অধিকার নাই অথচ জজ বিচার করেন এবং *ex-parte* রায় দেন, তাকে আমি জজ বলে গণ্য করি না এবং সে বিচারকে আমি গণতান্ত্রিক মনে করি না। কোন গণতান্ত্রিক দেশে সেটা হয়, তা আমি জানতে চাই। ওঁর বৃদ্ধ বয়সেও আমি ওঁকে correct করে দিতে চাই। আমরা যখন detenue ছিলাম আমরা জানি police informer বলল যে এ বোমা তৈরী করে। ব্যস, হয়ে গেল। আর কিছুই দরকার হয় না। ওঁর আর একটা কথা আমি correct করতে চাই High Courtএ যে *Habeas Corpus* হয়, তার উনি কিছুই জানেন না। আপনি রাগ করবেন না আমি Speaker মহাশয়কে address করে বলছি। উনি বলেছেন যারা জেলে আছে বিনা বিচারে, *Habeas Corpus*এর জন্য apply করে না কেন? উনি জানেন না তাই বলেছেন। দয়া করে আইনটা একটু পড়ে দেখবেন না। এই *Habeas Corpus*এর ফলেই আমি বেরিয়ে এসেছি। নইলে আজও জেলে থাকতাম। বেরিয়ে এসেছি যে সে পুলিস ইংরেজী জানে না বলে। আর কোন কারণ নেই। সেখানে কি হয়েছিল। জজ বলেছিলেন যখন কোন Charge-sheetএ এই কথা লেখা আছে যে ১২ই ডিসেম্বর বোমা তৈরী করেছিল বা ছুড়েছিল, তখন I cannot go beyond these words; I cannot judge whether the fact is correct or not. Fact correct কিনা সেটা দেখবার অধিকার—judgeএর নেই কিন্তু concrete হওয়া চাই। যেমন বারই তারিখে বোমা ছোড়া—এটা very much concrete. কিন্তু আমার সৌভাগ্যবশত: ভুল করে ওরা charge-sheetএ তারিখগুলি বসায় নি। মিথ্যা তারিখগুলি বসাতে ভুল করেছিল। তাই আমি বেরিয়ে আসতে পেরেছি। তা'ছাড়া আর কোন উপায় ছিল না। কাজেই বলছি ওঁর যদি এরূপ ভুল ধারণা থাকে, দয়া করে correct করে নেবেন। তা'ছাড়া আর একটা কথা উনি বলেছেন Advisory Board জজেরা যদি detain করে রাখতে বলেন, তবে ওঁরা কি করে ছেড়ে দেবেন; সাধু লোক কি করতে পারেন? কিন্তু একথা অনেকেই জানে যে জজ ছেড়ে দিয়েছে, বেকসুর খালাস দিয়েছেন যাকে সে High Courtর বাইরে আসতে না আসতেই High Court premises মধ্যে আবার তাকে জেলে পুরে দিয়েছে। আর এখানে বার বার বলেছেন সাধুতা দেখিয়ে জজেরা করছেন, আমরা কিছু করি না। জজেরা judgment দেন না কোন ক্ষেত্রে তারা মাত্র একটা line লিখে দেন—There is sufficient evidence against this gentlemen to keep him in detention. তারপর সে detention কতদিনের জন্য হবে—এক বছর, দু'বছর, কি দশ বছর—তা কিছুই তাঁরা লেখেন না। সেই জন্য সরকারের নিশ্চয় ক্ষমতা আছে অধিকার আছে, ছাড়বার। কারণ date fix করেন সরকার এক বছর কি ছ'মাস, কি ২ বৎসর হবে সে ঠিক করবেন সরকার। সেই জন্য দেখছি মাদ্রাজে শত শত detenueকে ছেড়ে দেওয়া হয়েছে। একমাত্র বাংলা সরকারের প্রধান মন্ত্রী ডা: বিধান চন্দ্র রায় যখন দিল্লী গিয়েছিলেন, তখন এই একটা কাজ করে এসেছেন, এই authority নিয়ে এসেছেন, যাতে political prisonersদের আটক রাখতে পারেন। মাদ্রাজে ছেড়ে দেওয়া এমন যে Travancore, Cochin যেখানে communist violenceর কথা বলা হয় সেখানে ছেড়ে দেওয়া হয়। আর এখানে যেখানে গত ৩ বৎসরের মধ্যে একটা ঘটনাও হয় নাই তাদের ছাড়া হয় না। এদের জেলে রাখবার আর কোন কারণই দেখি না একমাত্র hostage করে রাখা ছাড়া।

তারপর আমার কথা হচ্ছে, Mr. Speaker, আপনিও জানেন যে ৩ জন M.L.A. এবং একজন M.P.কে ওঁরা আটক করেছেন, জেলে নিয়ে গেছেন। এদের ওঁরা এখন ছাড়ছেন না, কারণ জজেরা নাকি বলেন নি।

কিন্তু আমি জিজ্ঞাসা করি প্রধান মন্ত্রীকে এই যে electionএর আগে ওদের ২০ দিনের জন্য ছেড়েছিলেন, সেটা কোন্ জজেরা বলেছিলেন ? কোন জজই বলেন নাই আপনারা তাদের অনুমতি নেননি। নিজের ইচ্ছায় তাদের ছেড়ে দিয়েছিলেন। এবং আজকে তাঁরা বলেছেন জজেরা বলেছেন আটক রাখতে। তারপর যে officerএর orderএ তাদের detenu করা হয়েছে তারই হাতে আবার বিচারের ভার দেওয়া হয়েছে। সেই Deputy Inspector-General,. Intelligence Branch, যার order ফলে ওরা জেলে ছিল, তাকেই বলা হল, আপনি বিচার করুন কাকে ছাড়া হবে এবং কাকে ছাড়া হবে না। এটা বিচারের একটা প্রহসন ছাড়া আর কি হতে পারে? তিনি এক token release করলেন—৪৬ জনকে ছেড়ে দিলেন। ওদের কাজের বিচার করে দেখুন—ওর কথাগুলি ঠিক নয়।

তারপর, আর একটা কথা বলতে চাই। এই যে তারা ৩ জন এই আইন-সভার সদস্য ও একজন লোক-সভার সদস্য--M. P.কে ধরে রাখলেন তাদের দেশের—লোকেরা--voterরা elect করেছে এবং সরকার তরফ থেকেও তাদের সুযোগ দেওয়া হয়েছিল এবং আমরাও voterদের বলেছিলাম যে তারা জেলে ফিরে যাবে কিনা, সেটা আপনাদের voteএই ঠিক হবে। কিন্তু গণতান্ত্রিক সরকার সেই নির্বাচিত প্রতিনিধিদের আবার জেলে পুরেছেন। এই hypocrisy কেন? আর উনি আবার সেদিন আমাদের বলেছিলেন—bad taste। এই tasteএর কথা আমাদের কি ওদের কাছে শিখতে হবে যারা নাকি নিজেরা হেরে গিয়ে নির্বাচিত না হয়েও এখানে এসে জেঁকে বসেছেন। আর যারা নির্বাচিত হল, তাদের পাঠিয়ে দিয়েছেন জেলে। এটা কোন taste আপনি জানেন Sir, এই আসন্ন Upper House electionএ আমাদের প্রত্যেকটা ভোটই জরুরি। কারণ এগুলি সব single transferable vote. সুতরাং আমাদের তিন জন সদস্য যদি অনুপস্থিত থাকেন ও ভোট না দিতে পারেন, তবে আমাদের বিশেষ অসুবিধা হবে। দেখুন কি রকম গণতান্ত্রিক সরকার। আমরা আবেদন করেছি এবং আমরা জানতে চাই তাদের ওঁরা ছাড়বেন কি ছাড়বেন না।

তারপর আর একটা কথা আগেও বলেছি এখনও বলি এই যে নির্বাচনটা হয়ে গেল সে আমরা মনে করি না free and fair election হয়েছে। কারণ সকল partyকে সমান সুযোগ দেওয়া উচিত ছিল। এই প্রথম এত বড় একটা adult franchiseএর উপর election হল। আমরা মনে করেছিলাম যেমন ইংরেজ সরকারও করত কংগ্রেসের সঙ্গে একটা কিছু "সমঝোতা" হত, অমনি তারা হাজার হাজার লোককে জেল থেকে ছেড়ে দিত। কিন্তু এঁরা তা' করেন নি। Communist Partyর অসংখ্য লোককে তাঁরা জেলেই রেখে আমাদের হাত-পা পঙ্গু করে রেখেছিলেন। তা'ছাড়া নির্বাচনের ভিতরেও গুপ্ত পুলিস আমাদের পিছনে পিছনে ফিরেছে তার একটামাত্র উদ্দেশ্য যাতে করে সাধারণ মানুষকে ভড়কে দেওয়া যায়--লোক যাতে মনে করে যে ওদের ভোট দিলে বিপদগ্রস্ত হতে পারে। এটা কি free and fair election?

তারপর আমি আর একটা motion দিয়েছিলাম--general administration ব্যাপারে। এটা আমি বহুদিন থেকে দেখছি গভর্ণমেণ্টের যে পুলিস বিভাগ, তার ক্ষমতা অপ্রতিহত। Railway employeeদের ব্যাপারে আমি তার কিছু কিছু প্রমাণ পেয়েছি। তাদের যখন চাকরি যায়, তখন তারা যতই বলে আমাদের বিচার করুন, আমরা কি অপরাধ করেছি সে বিচার কর্তৃপক্ষ কখনও করেন না। যখনই কোন police report কোন employeeর বিরুদ্ধে কোন railway authority বিরুদ্ধে গিয়েছে, তখনই তার চাকরী গেছে। আমাদের দেশে এমন কোন আইন বা protection নাই, যাতে পুলিস reportএর বিরুদ্ধে কোন প্রতিকার পাওয়া যায়। বিশ বছর যার চাকরী হয়েছে, তার চাকরিও সামান্য একজন police officerএর reportএর উপর চলে যায়।

তারপর Jail and Convict Settlement সম্বন্ধে--বছর ২।৩ আগে এ সম্বন্ধে বলেছিলাম। গত বাজেট sessionএ আমাদের প্রধান মন্ত্রী বলেছিলেন কতকগুলি reform করা হয়েছে। তদন্ত কমিটী বসিয়েছিলেন, তাদের reportর ভিত্তিতে সংস্কার করা হয়েছে। কিন্তু আমরা কিছুই দেখতে পাই না। Class 3 prisoner হয়ে যারা জেলে যায়, তাদের জন্য কিছুই হয় নি। এসকল আমরা বারবার বলেছি, ইংরেজ আমলেও বলেছি জেলগুলি reform করা উচিত--বিশেষতঃ যারা class 3 prisoners। তার প্রধান কথা ছিল তাদের মানসিক অবস্থা পরিবর্ত্তনের এমন সুযোগ দেওয়া উচিত-যাতে তারা বেরিয়ে এসে আর একথা মনে না করতে পারে যে তাদের সমস্ত জীবন অভিশপ্ত হয়ে গেছে। তাদের সঙ্গে ভাল ব্যবহার করে, জেলের ভিতর সত্যই যাতে তারা ভাল কাজ করতে পারে--technical কাজ তাদের দ্বারা মাইনে দ্বারা করিয়ে সেই টাকা জমা রেখে তারা যখন

জেল থেকে বেরিয়ে আসবে, তখন যাতে সেই টাকায় নতুন জীবন আরম্ভ করতে পারে তাদের সেই সুযোগ দেওয়া উচিত। কিন্তু এই রকম কোন প্রস্তাব jail administrationএ কোথাও দেখি নাই। এখানে একবার যে জেলে যায়, ফিরে ফিরে তাকে জেলেই যেতে হয় না মেরে আর কোন উপায় নেই।

তারপর police lock-up বলে যে জিনিষটা, সেটা একটা ভয়াবহ জিনিষ। আমাদের Home Minister মহাশয় সেসব জায়গায় গিয়েছেন কিনা এবং গেলেও একটু ভিতরে দেখেছেন কিনা জানি না। Home Minister বলেই তার সেখানে যাওয়া উচিত এবং দেখা উচিত লোকের সঙ্গে কি অমানুষিকভাবে ব্যবহার করা হয় এবং কি অবস্থায় তাদের রাখা হয়। Police lock-upএ যে একবার ঢোকে তার বুঝবার কোন উপায় নেই। অথচ এটা সর্বদা মনে রাখা উচিত যে police lock-upএ রাখা যায়, তারা বিচারাধীন--তারা যে প্রকৃত অপরাধী তা বলা যায় না; তারা বিচারাধীন মাত্র। Lock-upগুলি ছাড়পোকায় ভর্তি--সেই ধুলিময় মেঝের মধ্যে নানা রকম নোংড়া কত কি থাকে--তার মধ্যে একটা কম্বল ছুড়ে ফেলে দেওয়া হয় তাদের থাকবার জন্য। কোনরকম খাওয়ার ব্যবস্থা ত নাইই। উপরন্তু মারপিঠ আছে।

তারপর বক্সা জেল সম্বন্ধে আমি কিছু বলতে চাই। এই জেলটা তৈরী করবার মানে কি? এর একমাত্র উদ্দেশ্য যা' আমরা খুঁজে পাই সেটা হচ্ছে গভর্ণমেণ্টের একটা vindictive policy, এছাড়া আর কিছুই না। অর্থাৎ তাঁরা চান যাদের বিনা বিচারে আটক করবেন তাদের মনকে কি করে ভেঙ্গে দেওয়া যায়, তাই তাদের আত্মীয়স্বজন থেকে বহু দূরে সরিয়ে রাখা হয়; যাতে করে তারা তাদের আত্মীয়স্বজনের সঙ্গে দেখা করতে না পারে, এছাড়া আর কোন কারণ নেই। অবস্থা যদি এমন হ'ত, যে বাংলার অন্য জেলে, যেখানে মানুষ সহজে যাতায়াত করতে পারে, সেখানে জায়গা নাই, তাই বক্সা কেম্প করতে হয়েছে তা'হলে বুঝতাম। কিন্তু বাংলা দেশের অন্যান্য জেলখানায় প্রচুর জায়গা পড়ে আছে সেখানে দরকার হলে detenueদের রাখা যেতে পারে, কিন্তু তা' তাঁরা করবেন না। এই Buxa জেল এমন জায়গায় রাখা হয়েছে যে সেখানে detenueদের আত্মীয়স্বজন নয় মাসে, ছয় মাসে, একবার দেখা সাক্ষাৎ করতে যেতে পারে এবং এই যাতায়াতেও প্রচুর খরচ হয়। গভর্ণমেণ্টের উদ্দেশ্য হচ্ছে এই সমস্ত বন্দীদের আত্মীয়স্বজন থেকে দূরে সরিয়ে রেখে তাদের মনকে ভেঙ্গে দেওয়া। সেই জন্য আমি মনে করি এটা গভর্ণমেণ্টের একটা vindictive policy ছাড়া আর কিছুই নয়। গভর্ণমেণ্ট যদি তাদের আটক রাখা একান্তই প্রয়োজন বলে মনে করেন, তাহলে ঐ সমস্ত বন্দীদের ওখান থেকে সরিয়ে নিয়ে তাদের বাড়ীর নিকটবর্তী কোন স্থানে আটক রাখা উচিত ছিল। কিন্তু, সেটা আমরা দেখতে পাচ্ছি না। গতবার যখন Buxa Camp সম্পর্কে আলোচনা ওঠে তখন আমরা শুনেছিলাম যে একটা reportএ বলা হয়েছিল যে এই Buxa Camp রাখা দরকার কিনা। সেই reportএ দেখা যায় যে তাদের অনেকেরই মত ছিল যে এই Buxa Camp উঠিয়ে দেওয়া হোক। কারণ এরজন্য খরচ বেশী হচ্ছে। খরচ বেশী হোক, তবুও সেটা রাখতে হবে। কারণ এই যে, এদের মনকে ভেঙ্গে দিতে হবে।

ইংরাজের policy ছিল যে detention camp করে দেশের লোককে ধরে রাখা; এখন এরাও সেই policy চালাচ্ছেন। প্রধান মন্ত্রী মহাশয়, ইংরাজদের খুব ভালবাসেন কি না, তাই তিনিও তাঁদেরই policy চালাচ্ছেন।

তারপর পুলিশ সম্বন্ধে আমরা বিরোধী পক্ষ থেকে পূর্বে বারবার বলেছি, আজও বলছি এই পুলিশের ব্যয়বরাদ্দ কমান। একথা আপনারাও একদিন বলেছেন। এই সমস্ত ভদ্রলোক যাঁরা আজ আমাদের উল্টোদিকে বসে আছেন, তাঁরাও ত আগে যখন এইদিকে বসতেন, তখন এই ধরণেরই কথা বলতেন। যখন আমরা পরাধীন ছিলাম, তখন আমরা সবাই বলতাম ইংরাজ ও মুসলীম লীগ আমলে পুলিশের খরচ কমিয়ে educationএর খরচ বাড়ান হোক। কংগ্রেসের লোকেরা এই সমস্ত hypocritical বক্তৃতা দিতেন। আজ তাঁরা যখন নিজেদের এত বড়াই করে বলে থাকেন, যে তাঁরা জনপ্রিয় সরকার, তবে তাঁদের এত পুলিশের দরকার হ'য় কেন? কিন্তু আমরা দেখছি না রেখে উপায় নেই, কারণ তাঁরা সাধারণ মানুষ থেকে, জনসাধারণ থেকে, বিচ্ছিন্ন হয়ে গিয়েছেন। তাঁরা দেখছেন, সরকারের পিছনে জনসাধারণের—সাধারণ মানুষের—সমর্থন নেই, তবুও তাঁদের মরিয়া হয়ে পুলিশ দিয়ে, লোককে detentionএ রেখে রাজত্ব চালাতে হবে। লোককে না খেতে দিয়ে, মেরে, ঠেঙ্গিয়ে তাঁরা রাজত্ব চালাচ্ছেন। তাই এত বেশী টাকা বরাদ্দ করা হচ্ছে এ পুলিশের জন্য। আজ মাত্র শতকরা ৩৯টি ভোট কংগ্রেস পেয়েছেন। কিন্তু পূর্বে এমন অবস্থা ছিল, যখন দেখা গিয়েছে যে কংগ্রেস cent. per cent. ভোট পেয়েছে। আজ তাঁরা বলছেন যে পুলিশ ছাড়া চলবে না; কিন্তু আমরা বলি এই রকমভাবে কি রাজত্ব চালান যায়। তারা

গতন্ত্রের কথা বলেন, democracy, democracy বলে চীৎকার করেন। Finance Minister থেকে মুরু করে সকলেই বলেন democracyর কথা। কিন্তু democracyর definitionটা কি তা, তাঁরা জানেন না। সেইজন্য আমি আমার cut motion দিয়ে বলছি পুলিশের খরচটা কমান হোক।

তারপর Criminal Investigation Department সম্বন্ধে কিছু বলছি। এখন যে সমস্ত Intelligence Branch ও Special Branch পুলিশ আছে তাদের আমি কখনও ভাল কাজ করতে দেখিনি। আপনাদের দলের জন্য, অলিতে গলিতে পাহারা দেবার জন্য, Special Branch ও Intelligence Branch Department রাখা হয়। কিন্তু এদের আমরা যে সমস্ত বড় বড় রাহাজানী, ডাকাতি হয় সেগুলি কখনও ধরতে দেখিনি। তার কারণ, আমার মনে হয় এই সমস্ত লোক যারা ডাকাতি করে বেড়ায়, যারা anti-social elements তাদের সঙ্গে এদের যোগাযোগ আছে। পুলিশের বড় কর্তাদের সঙ্গেও এদের যোগাযোগ থাকে। তা না হ'লে এটা কি করে সম্ভব হয় যে এই সমস্ত ডাকাতরা ধরা পড়ে না। এদের কেন prevent করা হয় না, বা ডাকাতি করবার পর তারা ধরা পড়ে না? সেইজন্য আমার কথা হচ্ছে যে এই Criminal Investigation Department activities হচ্ছে anti-people. কারণ, বড় বড় লোক, যারা কালাবাজার সৃষ্টি করে তাদের পিছনে এরা লেগে থাকে না। কিন্তু গরীব লোক, মধ্যবিত্ত, শ্রমিক, কৃষক যারা নিজেদের দাবির জন্য আন্দোলন করে, তাদের পিছনে এরা লেগে থাকে, এই হচ্ছে একমাত্র তাদের কাজ। আমাদের পিছনে ঘুরে কি হবে? তার চেয়ে যিনি প্রধান মন্ত্রী তাঁর যে সমস্ত বন্ধু আছেন তাঁদের পিছনে যদি একটু ঘুরে বেড়াতেন তা'হলে অনেক কিছু anti-social কাজকর্ম দেখতে পাবেন। কিন্তু প্রধান মন্ত্রী জানেন না সেই order ত এদের দেওয়া হয় না। ধরুন আমাদের প্রধান মন্ত্রীর পিছনে যেমন আমার পিছনে কিছু দিন আগে মটর গাড়ী নিয়ে আমার পিছু পিছু চলেছিল, আমি যখন হেঁটে চলেছি ফুটপাত দিয়ে তখন পাঁচজন পুলিশের লোক মটর গাড়ি করে রাস্তা দিয়ে আমার পিছু পিছু চলেছে, তখন কি রকম লাগে। আমার পিছনে না ঘুরে তারা যদি Finance Minister বা প্রধান মন্ত্রীর পিছন নিতেন তাহলে অনেক জায়গার সঙ্গে তাদের পরিচয় হ'ত। কিন্তু সেগুলি তাঁরা করেন না। কেন করেন না তা আমি জানি। তারপর এদের বন্ধু যাঁরা কালাবাজার সৃষ্টি করে, কি করে তারা দেশে large scaleএ জালিয়াতি করে সেগুলিকে ধরবার জন্য এই C. I. D. পুলিশকে employ করেন না। তার জন্যই আমি এই cut motion এনেছি।

পুলিশ সম্বন্ধে আজকে congress সরকার যে policy গ্রহণ করেছে তাতে দেখা যায় যে গ্রামে গ্রামে পুলিশ ক্যাম্প তৈরী হয়েছে। ২৪-পরগণা, কাকদ্বীপ প্রভৃতি অঞ্চলে কত রকম পুলিশ ক্যাম্প রয়েছে। কিন্তু, এরা কেন রয়েছে তা কেউ জানে না। সেই সমস্ত স্থানের বাসিন্দাদের উপর এবং আসেপাশের villagersদের উপর এই সমস্ত পুলিশরা নানা রকম অত্যাচার করে। সেই সম্পর্কে তারা দরখাস্ত করেও সরকারের কাছ থেকে কোন জবাব বা সাড়া পায় নি।

তারপর আমি শিক্ষা সম্বন্ধে খুব বেশী কিছু বলতে চাই না। আমাদের এখানে দেখেছি যে শিক্ষা সম্বন্ধে কিছু বলতে গেলেই আমাদের শিক্ষামন্ত্রী মহাশয় চোটে ওঠেন এবং বলেন যে আমরা সব কিছুই করেছি, আপনাদের এই রকম অন্যায়ভাবে বড় বড় কথা বলা উচিত নয়। কিন্তু আমি বলি যে আপনারা চার বৎসর হল সরকার হাতে পেয়েছেন কিন্তু শিক্ষার ব্যাপারে আপনারা কি করেছেন? পূর্বে আমরা বলতাম যে কংগ্রেস বারবার এই কথা বলেছে যে যদি আমরা সরকার হাতে পাই তাহলে জনসাধারণের শিক্ষার ভাল ব্যবস্থা করব, কিন্তু আজ তাঁরা কি করছেন? তাঁরা এ কথা জোর করে বলতেন যে ইংরাজের আমলে মাত্র ১০-১৫ per cent লোক শিক্ষিত আছে কিন্তু আমরা যখন সরকার হাতে পাব তখন সমস্ত adultরা যাতে শিক্ষা পায় তার ব্যবস্থা করবো। কিন্তু তার তাঁরা কিছুই করেননি। মাত্র কয়েক হাজার টাকা adult educationএর জন্য রাখা হয়েছে এবং সেটা শুধু খাতায় লেখাই আছে। কিন্তু স্কুল কলেজের ছাত্রদের ছুটীর সময় কেন তাদের mobilise করা হয় না। তাদের যদি একত্র করে গ্রামে নিয়ে গিয়ে সেখানকার adultদের দু'তিন মাসের জন্যও শিক্ষা দেবার ব্যবস্থা করতেন, তাহলে তাদের অন্ততঃ বর্ণপরিচয়টা হ'ত। সমস্ত স্বাধীন দেশে এই সমস্ত জিনিষ হয় অথচ আমাদের দেশে তার কোন প্রচেষ্টা দেখতে পাওয়া যায় না। ছাত্রদের সঙ্গে সরকারের কোন যোগাযোগ নাই। আমরা শিক্ষা বিস্তার সম্বন্ধে কোন কথা বলতে গেলে শিক্ষামন্ত্রী মহাশয় হয়ত figure দেখিয়ে বলবেন যে এত লক্ষ টাকা সরকার, আমরা কোথা থেকে এই সমস্ত করব। এই ধরণের যদি কথা বলেন তাহলে জীবনে কোনদিনই কিছু হবে না। আমাদের গরীব দেশে শিক্ষিত লোক বেশী নাই

অথচ শিক্ষিত বেকার আমাদের দেশে সব চেয়ে বেশী। এই সমস্ত লোকদের কি করে social activitiesএর মধ্যে আমরা নিয়ে যেতে পারি তার কোন ব্যবস্থাই দেখতে পাই না, শিক্ষা মন্ত্রীমহাশয় এ বিষয় কোন দিন কোন কথাই বলেন না, বা চিন্তাও করেন না। কারণ ওদের শিক্ষাদীক্ষা সমস্ত বৃটিশ সাম্রাজ্যবাদের উপর নির্ভর করে কিনা। আপনারা Russiaকে অনেক গালাগালি দেন। আপনারা যে শ্রেণীর লোক, সুতরাং Russiaকে ত গালাগালি দেবেন। কিন্তু এই গালাগালি দেবার পূর্বে আমি আপনাদের বলছি যে রবীন্দ্রনাথ যে কয়েকটা কথা Russiaর চিঠিতে লিখে গিয়েছেন তাও আপনারা পড়েছেন, যদি তাঁর উপরেও আপনাদের কোন শ্রদ্ধা থাকত তাহ'লেও আপনারা কিছু করতে পারতেন। চার বৎসর ধরে আপনারা কি করলেন? আজকে আপনারা বিদায় নেবার সময় কি কীর্তি রেখে গেলেন? কিছুই না। আপনারা চলে যাচ্ছেন তার জন্য কেউ দীর্ঘশ্বাস ফেলবে না, বরং শান্তি পাবে, সবাই আশ্বস্ত হবে। (Here blue light was lit.) এরই মধ্যে বাতিটা জ্বালিয়ে দিলেন।

তারপর আমি Medical ব্যাপারে একটি হাঁসপাতাল সম্বন্ধে কিছু বলব, অবশ্য প্রধান মন্ত্রী মহাশয় এ বিষয় সব কিছু জানেন। তবুও আমি বলব ঐ যে Lake Hospital সেটা তিনি রাখতে পারলেন না কেন? প্রধান মন্ত্রী মহাশয়ও Finance Minister ইচ্ছা করলে ভারত সরকারের কাছ থেকে একটা grant আদায় করতে পারতেন এবং আমরা পুলিশ, জেল প্রভৃতির ব্যয় কমিয়ে সেই টাকা দিয়ে এই লেক হাঁসপাতালটি বাঁচিয়ে রাখতে পারতাম। এটা একটা ভাল হাঁসপাতাল ছিল কিন্তু টাকার অভাবে এটাকে তুলে দিলেন। অথচ কত টাকা defence purposeএ খরচ হচ্ছে। এইভাবে কত টাকা অপব্যয় হচ্ছে।

তারপর, bus সম্বন্ধে চারু বাবু যা বলেছেন তার উপর আর আমি বেশী কিছু বলতে চাই না, এখানেও আপনারা বহু টাকা waste করেছেন। অথচ একটা ভাল হাসপাতাল রক্ষা করতে পারলেন না। আমাদের populationএর মধ্যে অসংখ্য tubercular patients আছে এবং তাদের চিকিৎসার কত অসুবিধা তা আমরা দেখতে পাই। আমাদের Finance Ministerএর বাড়ীতে পর্য্যন্ত তাঁর আত্মীয়ের T. B. হয়েছে, তিনিও free bedএর জন্য চেষ্টা করেন, কিন্তু কোথাও কোন হাসপাতালে bed পান না। কারণ আমাদের এখানে T. B. চিকিৎসার কোন সুবন্দোবস্ত নাই। হাসপাতালে যে কয়টি bed আছে তা যথেষ্ট নয়।

প্রধান মন্ত্রী মহাশয় এই চার বৎসরে কি করলেন? অন্তত: এই লেক হাসপাতালটিও যদি তিনি রক্ষা করতে পারতেন, তাহলে তিনি গৌরবান্বিত হয়ে বলতে পারতেন যে এই জিনিষটা আমরা করেছি। কিন্তু আমরা তার কিছুই দেখতে পেলাম না।

তারপর আমি শ্রমিকদের সম্বন্ধে কিছু বলতে চাই। শ্রমিকদের Trade Uuion এ অধিকার ও তাদের খাওয়াদাওয়া, পরা এবং থাকবার ব্যবস্থা করার উদ্দেশে কতকগুলি আইন পাস হওয়া দরকার ছিল, কিন্তু তার কোন কিছুই করা গেল না। এমন কি Trade Union Act যেটা 1926এ পাস হয়েছিল তার পর্য্যন্ত honour করা হয়নি। সরকারের কাছ থেকে তারা কোনই সুবিচার পাচ্ছে না। Labour Departmentএর কাছে গিয়েও কোন সুবিধা হয় না। যেখানে যেখানে Union করা হয় বলে, লোককে তাড়ান হয়। সাহেবদের বড় বড় tea gardenএ তো ঢোকবার কোন উপায় নেই; এবং সেখানে Trade Union করবারও কোন উপায় নেই। ইংরাজ আমলে যা ছিল আজও সেই জিনিষই থেকে গিয়েছে। আমাদের self respect বলে কোন কিছু নেই। তাই পূর্বে যেভাবে কাজ চলছিল আজও সেই রকম ভাবে চলেছে।

তারপর আমি refugee সম্পর্কে চারুবাবু যা বলে দিয়েছেন তার উপর আমি কিছু বলছি। Muslim displaced person সম্পর্কে আপনারা বলেছেন যে ১২ হাজার family আছে। আমি জিজ্ঞাসা করি এই figure আপনারা কোথা থেকে পেলেন? Education Ministerএর কাছে আমি জানতে চাই আলমবাজারে যে সমস্ত লোক বাস করত তারা কোথায় গেল? তারা যখন ভোটের আগে আপনার কাছে গিয়েছিল তাদের বাড়ী ঘর ফেরৎ পাবার জন্য, তখন তাদের বলা হয়েছিল যে এক মাস পরে এর ব্যবস্থা হবে। কিন্তু এখনও তারা ঘর বাড়ী ফিরে পাচ্ছে না। তাদের ঘরবাড়ী যে বে-দখল হয়ে পড়ে আছে তার জন্য কোন ব্যবস্থাই সরকার করছেন না। এমন একটা তিক্ত অবস্থার সৃষ্টি হয়েছে উভয় শ্রেণীর মধ্যে হতে চলেছে তা আমরা দেখতে পাচ্ছি। এটা আমি শুধু propogandaর জন্য বলছি না। প্রধান মন্ত্রী মহাশয় যদি আলমবাজারে তার বন্ধুর কাছে যেতেন তাহলে তিনি দেখতে পেতেন সেখানে সেই সমস্ত লোকেরা বলত যে আমরা ঘরবাড়ী ফেরৎ পাচ্ছি না, এবং আমাদের মসজিদগুলির একটা ব্যবস্থা করা দরকার। সেজন্য

বলছি তাদের যতশীঘ্র পারেন যমবাড়ী ফেরৎ দেবার ব্যবস্থা করুন। যাই হোক শেষ করবার আগে এটুকু বলতে চাইছি যে মন্ত্রীদের অনেকেই বিদায় নিতে চলেছেন নুতন মন্ত্রী সভায় তাদের কেউ আসবেন কিনা সেটা বিধান বাবুই বলতে পারেন। কিন্তু আমি একথাও বলবো যে আপনারা মাত্র 80 per cent শতকরা চল্লিশ জনের ভোট পেয়েছেন, আপনারা অন্য হিসাব যাই বলুন না কেন এটা সত্যি কথা। আর এটাও বলছি যে এই যে election হয়ে গেল, এটা যদি fair and free election হত, তাহলে হয়ত এর চেহারা আরও অন্যরূপ হত। যাই হোক বিদায় বেলায় আপনাদের অপকীর্ত্তি সাধারণ মানুষ স্মরণ রাখবে, আপনারা দূর হউন, তার জন্য জনসাধারণ উৎফুল্ল হবে, এবং তারা celebration নিশ্চয়ই করবে।

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: আজকার দিনে আমি কিছুই বলব না ঠিক করেছিলাম, কিন্তু এই মাত্র India Government থেকে খবর পেলাম সেটা হচ্ছে The Government of India by a Notification dated the 15th March—the Ministry of Law—has now amended the relevant provision of the Representation of the Peoples Rule, 1951, enabling such M.L.As. to vote from their places of detention instead of coming down to the Assembly House to cast their votes in the ballot boxes.

কালীপদ দাসের সম্বন্ধে আমাদের প্রধান মন্ত্রী অনেক কথাই বলেছেন। উপরে সে যে একটা বিবৃতি পাঠিয়েছে তার একটা copy আমার হস্তগত হয়েছে। আমি সেটা পড়ছি। তাহলেই বোঝা যাবে কালীপদ দাসের ব্যাপারটা কি।

"Sir, I have the honour to inform you that before the partition of the Province I was attached to the Sirajganj Development Office and opted to serve in West Bengal. The Director of Agriculture after the partition of the province gave me appointments in four districts, namely, Midnapore, Jalpaiguri, Malda and Murshidabad. Since January, 1950, I have been in the last station where I have been working under the Livestock Officer as an lower division clerk.

On 23rd December, 1950, the Deputy Director of Agriculture, Eastern Range, came to Berhampore and called me to see him at the Berhampore Circuit House. I saw him according to the direction. The Superintendent of Agriculture, Berhampore, the Livestock Officer, Berhampore, and some other officers of the Agriculture Department were present with the Deputy Director when I was called on. The Deputy Director in an angry mood and rude tone asked me whether I knew of the local Anti-Corruption Officer and whether I had any information regarding a case against some officers of the Agricultural Department, Berhampore, instituted by the Anti-Corruption Department. I replied in the negative. He did not believe my word and

began to cross me in taunting languages. I repeatedly said that I had no information of any such matter. Failing to get any clue from me he threatened me of immediate transfer in a most bad station.

On 29th January 1951 I got an order of transfer to Arambagh in Hooghly district. The transfer order was however cancelled on intervention of the District Magistrate, Murshidabad, and the local Anti-Corruption Officer.

Again on 3rd September, 1951, an order of transfer to Ghatal was communicated to me. I wanted to be relieved on 7th September 1951 but the Livestock Officer did not agree to it, because of non-arrival of any substitute in my place as well as heavy pressure of work then continuing, I went on with my duties as usual. Suddenly I was attacked with bad type of carbuncles."

এই হচ্চে কালীপদ দাসের signed statement. ওরা যাই না বলুন—যতই না white-wash করবার চেষ্টা করুন—এই statement থেকে বোঝা যায়, ঘটনাটা কি।

প্রধান মন্ত্রী বলেছিলেন সে যেতে চায়নি। তাকে transfer করা হয়েছিল, সে যেতে চায়নি। কিন্তু আসলে তা নয়—সে যেতে চেয়েছিল।

Mr. SPEAKER: Mr. Chatterjee, you are speaking on West Bengal Appropriation Bill which is before the House. You are referring to one individual case concerning administration. Of course I do not want to debar you from referring to it, but I would request you not to go to such a length as would not be relevant to the subject-matter before the House.

Sj. HARIPADA CHATTERJI: Sir, বেশী লম্বা হয়নি। এই শেষ হবে এসেছে। আমি পড়ে দিচ্ছি। উনি যে কি রকম information পান, আমি তা দেখাচ্ছি।

"Suddenly I was attacked with bad type of carbuncles on my breast. My minor daughter aged about 4 years was also then suffering which turned ultimately into a case of typhoid. Due to heavy pressure of work I attended office up to 17th September 1951, with acute difficulty when my condition became very worse apart from the alarming condition of my daughter. I saw the Livestock Officer, showed wounds of my breast and also intimated the condition of my daughter. He took sympathetic attitude towards me and asked me to go on leave. Accordingly I applied for 13 days' leave with effect from 18th September 1951, on medical grounds and submitted M.C. from my attending doctor, R. C. Sen, M.B. My application for staying my transfer was favourably recommended by the Livestock Officer and Superintendent of Agriculture on grounds of illness.

On 23rd September, 1951, the Livestock Officer and the Head Clerk to Superintendent of Agriculture, Berhampore, came to my residence and saw my deteriorating condition as well as my daughter. My daughter was then passing through most critical stage and I was also totally bed-ridden.

On 26th September, 1951, I received an order from Superintendent of Agriculture, Berhampore, directing me to see the latter immediately. As I was not in a position to move from my bed I could not comply with his order.

My condition became further worse gradually and I had no other alternative than to extend leave for a further period of 4 weeks up to 28th October, 1951. All along I submitted M.C. in support of my statement.

Again I had to extend my leave because of my weak state of health up to 18th November 1951.

I requested my local officers for payment of my leave salary from 18th September, 1951 to which I was entitled under West Bengal Service Rules, Part I, but I was not favoured with any reply even.

On 28th November, 1951, to my utter surprise, I got a reply from the Livestock Officer, Berhampore, informing me that I had been relieved from this office with effect from 17th September 1951, i.e., the date of my last working day and so they could not grant my leave and could not draw my leave salary.

Due to my prolonged illness and that of my daughter and also non-receipt of my pay since 18th September 1951, I had to incur some debt from my friends and neighbours to run my family. I was then practically going on half-fed with my dependents. The condition of my family consisting of 5 members was going bad to worse—specially my daughter who had just recovered from a disease like typhoid.

I had to apply for more extension of leave as I was bed-ridden. I repeatedly asked for my leave salary to my local officers as well as to the Director but I did not get any response from any quarter. At last I sent a telegram on 21st December, 1951, to the Hon'ble Minister as well as to the Director of Agriculture, West Bengal, but no reply came. At last my wife took the matter to the press. She sent some letters containing the history of the case to some leading papers of Calcutta and Berhampore. In her letter she declared that if Government would fail to pay the dues of her husband immediately there would be no other alternative for her than to commit suicide. The letter was published in (1) "Murshidabad Samachar" (Weekly), dated 25th February, 1952, (2) "Murshidabad Sanghatan" (Weekly), dated 17th January, 1952, (3) "Swadhinata" (Daily), Calcutta, dated 21st January, 1952, but no response from any quarter was received.

On 25th January, 1952, I had to apply again for extension of leave. In that application I mentioned that death might come to me and my family members in any shape because of malnutrition, starvation and embarrassing condition due to paucity of money. But up to 6th February, 1952, I did not get any reply.

On 7th February, 1952, at night my wife took her declared step. She committed suicide by hanging.

I do not like to describe my present condition. The cup of misery is complete. My family is facing total annihilation. Little public charity that my neighbours are showing cannot save this middle-class refugee family from starvation. I am lying on bed and witnessing the scene of miseries."

প্রধান মন্ত্রীমহাশয় তার নামে Bankএ টাকা আছে বলেছেন। কোন Bankএ টাকাটা আছে দয়া করে বললে খুসী হব।

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: Post Office Savings Bankএ।

Sj. HARIPADA CHATTERJI: Bankএর নাম জানা আপনাদের পক্ষেই সম্ভব। ভাল করে enquiry করলে সে যে কি তা জানা যাবে।

এই ত তার statement; তার থেকে বোঝা যাচ্ছে যখন সে ঐরকম কাতর ছিল তখন তাকে অন্য জায়গায় যেতে বলা হয়েছিল। আমার বিশেষ অনুরোধ যদি উনি প্রকৃতই জনসাধারণের প্রধান মন্ত্রী হন, তাহলে এ সম্বন্ধে তার ভাল করে নিজেরই তদন্ত করা উচিত। অনেক সময় subordinate officerদের উপর অত্যাচার হয়। তারা কোন বিচার পায় না। তারা যদি বিচার না পায়, তবে সেটা বড়ই দুঃখের বিষয়। কিন্তু এই বিচার না পাওয়াটা অনেক সময় এই মন্ত্রীদেরই কাজ। সেটা একটা কারণ যার জন্য ওদের হাতে আর একটি পয়সাও দিতে চাই না।

ওরা গ্রামের লোকদের তুই তুকারি করা অন্যায় মনে করেন না। Procurement Officerরা ঐ রকম করে বলায় প্রধান মন্ত্রী সেদিন বললেন "তুই ত প্রিয় সম্ভাষণ" অতএব ওদের ভাষায়ই বলছি—তোরা মন্ত্রীরা দেশের লোককে বিনা বিচারে বন্দী করে রাখিস; তোরা মন্ত্রীরা গরীব মানুষের ভিটায় ঘুঘু চরাস (laughter); তোরা চাষীদের উপর অত্যাচার করিস; তোরা মন্ত্রীরা রাস্তায় মেয়েদের উপর তোদের পুলিসের দ্বারা গুলি চালাস; তোরা মন্ত্রীরা জেলখানার ভিতর গুলি চালাস; তোরা মন্ত্রীরা নিজেরা নির্বাচিত না হয়েও এখানে এসে বসে আছিস, আর যারা নাকি এখানে সদস্য নির্বাচিত হয়েছে, তাদের এখানে আসতে না দিয়ে বিনা বিচারে জেলে পুরে রেখেছিস; তোরা মন্ত্রীরা যাদের ভোট দেবার অধিকার আছে, তাদের এখানে এসে ভোট দিতে দিবি না, আবার জেলের মধ্যে থেকে postal ballot vote দেবার ব্যবস্থার কথা বলিস। এখন যখন তাদের ভোট আমাদের পক্ষে বিশেষ দরকার, তখন ঐ কথা বলে আমাদের কাটা ঘায়ে নুনের ছিটা দিস। তোদের একবার জেলে বন্দী করে বিনা বিচারে রেখে দেখিয়ে দেওয়া উচিত যে বিনা বিচারে বন্দী থাকাটা কি।

Mr. SPEAKER: Order, order. You are using the word which you should not have used.

Sj. JYOTI BASU: Sir, the Hon'ble the Chief Minister has told us that thing. That is how they would like or love a person. He used exactly that expression.

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: I do not know whether Haripada Babu likes or loves the Ministers. I hope he does.

Sj. HARIPADA CHATTERJI: Sir, আমি আর বেশী সময় নেব না। আমাদের শেষ শুভেচ্ছা জানিয়ে বলছি তোরা মন্ত্রীরা ধরাকে সরাজ্ঞান করিস, তোদের অহঙ্কার গগনস্পর্শী, তোদের অক্ষয় কীর্তি ইতিহাসের পৃষ্ঠায় চিরদিন বজায় থাকবে। তোরা মন্ত্রীরা জাহান্নামে যা। (Laughter.)

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: আমি হরিপদ বাবুকে এখানে বলছি, তিনি যে জানতে চেয়েছেন, টাকাটা কোথায় আছে—তার উত্তরে তাকে জানাচ্ছি বহরমপুর Postal Savings Bankএ ৭৯০৯০ নম্বর Pass Bookএ এক হাজার টাকা জমা আছে।

Sj. HARIPADA CHATTERJI: সেটা কি তার নিজের নামে, না আর কারও নামে- ভাল করে খবর নিয়ে বলবেন। এর আগে ত এসব বলেননি। নিশ্চয়ই কোথাও কোন গোল আছে।

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: তারই নামে—আপনার নামে নয় নিশ্চয়ই।

Sj. JYOTI BASU: Mr. Speaker, Sir, at this stage I do not wish to speak much. I have had my say on an earlier occasion and I do not feel like flogging a dead horse any further. All the same I think that this is the first time that we find the Ministry the majority members of which have been defeated in a General Election on Adult Franchise in India bringing forward a budget in advance before us and as such on principle I am opposed to this motion of the Hon'ble the Finance Minister.

Sj. HEMANTA KUMAR BASU: মাননীয় Speaker মহোদয়—আমরা কোন টাকা এই মন্ত্রীদের হাতে দিতে পারি না কারণ আমাদের যে সমস্ত অভিযোগ তার কোন উত্তর পাই না। তারা টাকা খরচ করেন কিন্তু কোন হিসাব আমাদের কাছে আগে দেখান না। পরে যখন দেখান, তখন দেখি যে লক্ষ লক্ষ টাকা নষ্ট হয়ে গেছে, চারুবাবু দেখিয়েছেন যে Road Transportএ ১৭ লক্ষ টাকা ডুবে গেছে। তার কোন সন্তোষজনক explanation দেন নাই। তারপরে deep sea fishএ লক্ষ লক্ষ টাকা বাজে খরচ হয়েছে। সেখানেও কোন সুফল দেখি না। এ ত আর গৌরী সেনের টাকা নয়—জনসাধারণের টাকা। গরীব জনসাধারণের কাছে heavy tax নিয়ে খরচ করছেন সুতরাং হিসাব দিতে তারা বাধ্য। কিন্তু সে উত্তর তারা কোন দিনই দেন না। তারপর আমাদের দেশে লবণ শিল্পটা খুব ভাল করে গড়া যায়। সে সম্বন্ধে ওরা French থেকে নাকি expert এনে ছিলেন। তার বাবদ কত খরচ হল, তাও কিছু জানালেন না। Opposition থেকে কিছু জিজ্ঞাসা করলেই তারা বলেন—এ সব ত একঘেয়ে প্রশ্ন। কিন্তু ওরাও ত এক ঘেয়ে খরচ করছেন—লক্ষ লক্ষ কোটি কোটি টাকা ডুবিয়ে দিচ্ছেন—তার কোনই হিসাব দিচ্ছেন না।

তারপর—রামপুর হাটে 17th February বসন্ত আরম্ভ হল। কিন্তু 1st March পর্য্যন্ত কোন খবরই নাই। সেখানে যখন pox হল, তখন District Health Officer বা S. D. O. তারা কি করছিলেন? 1st Marchর reportএ হঠাৎ দেখা যায় যে ৯ জন লোক মারা গেছে; 15th Marchর reportএ দেখা গেল ৩২জন মারা গেছে। সরকারের Public Health Department, Medical Department থাকা সত্বেও যদি সময়মত রোগের কোন প্রতিবিধান না হয়, তাহলে medical বাবদ কেন টাকা দেওয়া হবে? জনসাধারণ যে ওদের হাতে টাকা দিচ্ছে—তাদের অভাব অভিযোগ, খাওয়া-পরা, রোগশোকের ব্যাপারে যদি কোন ব্যবস্থা ওরা না করেন তবে ওদের হাতে কেন টাকা দেওয়া হ'বে। তারপর কানাইবাবু যে বলেছেন বাঁকুড়ায় ১৫৬টা ডাকাতি হয়েছে, তার মধ্যে মাত্র ১৭টা detected হয়েছে। যদি এই হয়—তবে পুলিসের খাতে যে টাকা নেন, নানারকম ভাবে পুলিসের উন্নতি করবার জন্য চেষ্টা হচ্ছে বলে বলেন, অথচ চুরি, বাটপাড়ি প্রভৃতি বেড়েই যায় তাহ'লে পুলিসের জন্য টাকা দিয়ে লাভ কি?

এই কিছুদিন আগে first week of February রাত্রি নয়টার সময় "শ্রী" সিনেমার সামনে একটা murder হল, সে বিষয় Commissioner of Policeএর নিকট চিঠি লিখে জানান হয়, কিন্তু এ পর্য্যন্ত তাঁর কাছ থেকে কোন খবর পাওয়া যায়নি। এই রকম যদি অকর্মণ্য police হয় তাহলে তাদের জন্য এত টাকা পয়সা এবং clothing দেওয়া উচিত নয়।

গত electionএর সময় মেদিনীপুরে একটা ঘটনা ঘটে। সেখানে একজন কংগ্রেস নেতা, তার আগে কতকগুলি election হয়ে গিয়েছিল, বক্তৃতা দিয়ে বলেন যে আপনারা যারা কংগ্রেসের বিরুদ্ধে ভোট দিয়েছেন তাদের দেখে নেবো। এবং তার পরেই দেখা গেল যে সেখানকার Col. J. C. Deএর বাড়ী আগুন লেগে পুড়ে যায়। সেখানকার লোকেরা এই ঘটনাটা যখন District Magistrateকে জানায় তখন তিনি ক্ষেপে উঠে বললেন যে আপনাদের যে arrest করা হয়নি এই যথেষ্ট। তারপর সেখানকার S. D. Oর কাছে যে সমস্ত লোককে produce করা হয়, তাদের বিরুদ্ধে কোন অভিযোগ না থাকায় তাদের innocent বলে ছেড়ে দেওয়া হল। এই রকমই যদি Governmentএর police হয় তাহলে কেন তাদের এত টাকা দেওয়া হবে?

তারপর rehabilitation সম্পর্কে আমি challenge করে বলতে পারি যে Government এটা কোন জায়গায়ই ঠিকভাবে করতে পারেনি। যে কোন মন্ত্রী মহাশয় আমার সঙ্গে আসুন আমি তাঁকে দেখিয়ে দেবো যে এই rehabilitation কোথাও কিছু হয়নি। Rehabilitation মানে যতক্ষণ পর্য্যন্ত না এই refugeeদের জীবিকা অর্জনের পথের সুবিধা হয় ততক্ষণ পর্য্যন্ত এই rehabilitation কিছুই হ'ল না। যে কোন refugee campএ যান সেখানে দেখতে পাবেন যে লোকের যথেষ্ট অভাব রয়েছে। এই যে এদের সামান্য সামান্য করে loan দেওয়া হয়, প্রথমে ১০০৲ টাকা তারপর আবার তিন মাস বাদে ১০০৲ টাকা দেওয়া হয়, এতে তাদের কিছুই সুবিধা হয় না, তারা সমস্তই খরচ করে ফেলে। এরচেয়ে যদি তাদের একবারে ৫০০৲ টাকা দেওয়া যায় তা হ'লে হয়ত এরা তারদ্বারা কিছু সুবিধা করে নিতে পারে। সুতরাং দেখা যাচ্ছে যে rehabilitation ঠিকভাবে হচ্ছে না। মালদাতে কিছু refugeeকে মন্ত্রীমহাশয়দের সঙ্গে পরামর্শ করে বসান হয়। এবং তাদের রাখা হয় সেই সমস্ত মুসলমানদের vacant Houseএ। তারপর যখন এই সমস্ত মুসলমান চাষীভাইরা ফিরে এলো তখন তাদের জন্য চাষ এবং থাকবার কোন ব্যবস্থাই করা হল না। আর যাও একটু মাত্র করা হয়েছে, তাও এমন জায়গায় তাদের বসান হয়েছে যে সেখানে প্রায় ৩।৬ হাত করে জল; তাহলেই দেখা যাচ্ছে যে rehabilitation হ'ল কি করে? মালদায় প্রায় ৫০ লক্ষ refugee রয়েছে (The Hon'ble RAFIUDDIN AHMED: ৫০ লক্ষ?) এই refugeeদের notice দেওয়া হয়েছে যে তাদের মুসলমানদের বাড়ী ছেড়ে দিতে হবে কিন্তু এই notice দেওয়ার আগে এই সমস্ত refugeeদের জন্য অন্য কোন জায়গার ব্যবস্থা করেনি। আমরা চারিদিক থেকে খবর পাচ্ছি যে এই সমস্ত refugeeরা একটা আবেদনপত্র পেশ করেছিল কিন্তু Government এ বিষয় কোন একটা definite policy ঠিক করেনি যে তারা কোথায় যাবে।

সেদিনও বলেছি আজো বলছি যে কলিকাতায় বহুলোক বস্তিতে বাস করে। জমিদাররা এই সমস্ত বস্তিবাসিদের notice দিয়ে তাদের উৎখাত করবার চেষ্টা করছে কিন্তু তারা যাবে কোথায়? এই বস্তি সম্পর্কে যে সমস্ত আইন হয়েছে তাতে বড়লোকদেরই বেশী সুবিধা হয়। তারা টাকা পয়সা খরচ করতে পারে না বলে courtএও যেতে পারে না। বড় লোকেরা হয়ত এদের বিরুদ্ধে decree জারী করতে পারেন কিন্তু গরীব লোকেরা courtএ

গিয়ে টাকা পয়সা খরচ করে কি করে injunction আনতে পারে। তাই দেখা যাচ্ছে যে বস্তিবাসিদের এতে মোটেই সুবিধা হচ্ছে না। পূর্ব্বে যখন Thika Tenancy Bill পাস হয় তখন আমরা বলেছিলাম যে এদের একটা স্থায়ীস্বত্ব দেওয়া হক, তাহলে জমিদাররা তাদের ইচ্ছামত এদের উচ্ছেদ করতে পারতো না। তারপর হেলেঞ্চা ক্যাম্পের লোকদের ১৫ বিঘা করে জমি দেওয়ার কথা ছিল কিন্তু তা তারা পায়নি, এর জন্য সেখানে অনেকেই hunger-strike করেছে। মধ্যমগ্রামে একটা স্বদেশনগর বাস্তুহারা মঙ্গল সমিতির কলোনী, Government refugee camp আছে। সেখানে প্রায় পাঁচ হাজার refugee রয়েছে। শুনলাম সেখানেও নাকি সম্প্রতি hunger-strike চলেছে। এইরকম ভাবে Governmentএর rehabilitation work চলছে।

তারপর কোন officeএ কোন ব্যাপার ঘটলে, ছোট ছোট যে সমস্ত কর্মচারী আছে তারা যদি সামান্য একটু দোষ করে তাহলেই তাকে তখনি dismiss করা হয়, তাদের সম্বন্ধে কোন সুবিচার নাই। বড় বড় officerরা fileএ যা লেখেন তাই মন্ত্রী মহাশয়রা মেনে নেন। Government বলে থাকে যে তারা জনসাধারণের জন্যই। যদি তাই হয়, তবে জনসাধারণ যখন একটা representation করেন Governmentএর কাছে তখন তাদের কথা না শুনে officerরা fileএ যা লেখে তাই নিয়ে বিচার করেন। এই সরকারের দ্বারা যদি আমাদের কোন সুবিধাই না হয় তাহলে তাদের কেন টাকা দেবো? সেই জন্য আমি এই Appropriation Billএর বিরোধিতা করছি।

Janab A. M. A. ZAMAN: মাননীয় স্পীকারমহোদয়, আমি মনে করেছিলাম যে এই last sessionএর শেষ দিনে আমাদের বিদায় বেলায় ঠিক পরস্পরের আনন্দের মাঝে যেভাবে বিদায় নেয়, সেইরকমভাবে বিদায় নিতে পারবো। কিন্তু আজকে কয়েকজনের বক্তৃতা শুনে সেটা হওয়া সম্ভব হল না।

দ্বিতীয় কথা হল যে এই বিরোধী দল ত আর নাই, সব ভেঙ্গে চুরমার হয়ে গিয়েছে, কয়েকজন মাত্র ঐ ভাঙ্গা ঘরে বসে আছেন। তাঁদের মধ্যে যাঁরা গত electionএ হেরে গিয়েছেন তাঁরা উপস্থিত নাই, কারণ তাঁদের সে সাহস নাই। যাঁরা জনসাধারণের প্রতিনিধি বলে দাবী করেন, তাঁদের উচিত ছিল এই Houseএর last sessionএ উপস্থিত থেকে তাদের কর্তব্য পালন করা। তাঁরা তাঁদের দায়িত্ব পালন করবার জন্য এই Houseএ আসেন নাই। ওঁরা যতক্ষণ এই Houseএর member হয়ে আছেন ততক্ষণ পর্য্যন্ত জনসাধারণের কর্তব্যপালনের দায়িত্ব তাঁদের উপর কড়ায় গণ্ডায় রয়েছে। Electionএ ত হার জিত আছেই, কিন্তু যতক্ষণ member আছেন ততক্ষণ পর্য্যন্ত আপনাদের কর্তব্য করা উচিত ছিল। তাঁরা হেরে গিয়েছেন বলে এত দুঃখ কেন? কারণ তাঁদের আসল উদ্দেশ্য হচ্ছে গদি দখল করা, জনসাধারণের কাজ করবো, এটা তাঁরা মোটেই চান না, যদি তা হত তাহলে তাঁদের সকলেই নিশ্চয় এখানে উপস্থিত থাকতেন এবং পরের Houseএ কিভাবে কাজ চলা উচিত তার উপদেশ দিতে পারতেন। কাজেই এটা জনসাধারণের জানা দরকার যে তাঁরা খালি চীৎকার করেন কিন্তু কাজ কিছুই করেন না। এখানে একটা সত্য ঘটনা বলছি। সুলতানগাছি নামে একটি গ্রামে—জ্যোতি বাবুর সে জায়গা বিশেষভাবে জানা আছে,—হরেণ চন্দ্র রায় বলে একজন বিখ্যাত জমিদার ছিলেন। তিনি মদ, গাঁজা খেতেন। একদিন মদের নেশায় বললেন—বাজনা বাজা। সেখানে মদন ধোপি ছিল আর কেউ ছিল না। তখন তাঁকে বলা হল যে কেউ ত নাই, মদন ধোপি কাপড় নিতে এসেছে। তিনি বললেন ধোপিই বাজা। এদেরও তাই অবস্থা হয়েছে। কোন কিছুর মানে হউক বা না হউক বক্তৃতা করতে হবে অতএব বক্তৃতা করেই চলেছেন। হরিপদ বাবু একটু আগেই বক্তৃতা করলেন এবং Savings Bank সম্বন্ধে অনেক কিছুই বললেন। তিনি না জেনে শুনেই এই সব কথা বললেন, কারণ তার প্রমাণ এখানেই হয়ে গিয়েছে। বিরোধী দলের বক্তৃতা করা উচিত কিন্তু সব জেনে শুনে বলা উচিত, তা ভিন্ন ঐ ধোপির মত বাজনা বাজান ছাড়া আর কোনই মানে হয় না। কোন জিনিষ ওঁনারা জানেন না বা জানবার চেষ্টাও করেন না। ওঁরা শুধু চীৎকার করে বলেন যে Governmentকে আমরা আর টাকা দেবো না। আপনারা কি পকেটে করে টাকা নিয়ে রাখবেন? ঘরে টাকা বন্ধ করে রাখবেন? সে অধিকার আপনাদের নাই। এ টাকা জনসাধারণের টাকা; এ টাকা জনসাধারণ আপনাদের হাতে দেবে না তার প্রমাণ গত electionএ পাওয়া গিয়াছে।

তারপর আপনারা অনেকেই এখানে বলেছেন যে কংগ্রেস মাত্র শতকরা ৩৯টা ভোট পেয়েছে কিন্তু আমি জোর করে বলতে পারি যে যেখানে কংগ্রেসের সঙ্গে single fight হয়েছে সেখানেই দেখা গিয়েছে যে কংগ্রেস ৬০ থেকে ৮০ per cent. ভোট পেয়েছে। তবে যেখানে বেশী লোকের সঙ্গে fight করেছে সেখানে এরকম হয়েছে। কারণ সেসমস্ত লোক যেখান থেকে দাঁড়ায় সেখানে ত তার কিছুটা hold থাকেই, এবং তার নিজেরও

কিছু personality থাকে। তারপর তাদের আত্মীয় স্বজন, বন্ধুবান্ধব থাকেই। কাজে কাজেই তাঁরা ত কিছু ভোট পাবেই। কিন্তু সেখানে যদি কংগ্রেসের সঙ্গে single fight হত তাহলে দেখা যেত যে 90 per cent. vote কংগ্রেস পেতো এবং অনেক centreএই আমরা এ জিনিষ হতে দেখেছি।

তারপর গতবার আমি এখানে challenge করে গিয়েছিলাম যে আমি যে seat থেকে দাঁড়াবো সেখান থেকেই elected হবো। এবার আমি মুর্শিদাবাদ থেকে দাঁড়িয়েছিলাম, সেখানে আমাকে কেউ জানে না কিন্তু সেখান থেকেও আমি একজন best man, Jnaab Syed Badrudduja সাহেবকে হারিয়ে elected হয়েছি। সেখানে আমার বিরুদ্ধে মেয়ে পুরুষকে দিয়ে canvass করিয়েছিলেন, আমার বিরুদ্ধে নানা প্রকার চীৎকার করে গালাগালি দেওয়া হয়েছিল কিন্তু কিছুই করতে পারেননি। কাজেই জনসাধারণ জানিয়ে দিয়েছে যে তারা কাদের চায়, এবং এটা কী, জনসাধারণের টাকা, আপনারা দেবেন না বলার কে? আপনারা শুধু খোপির বাজনাই বাজাচ্ছেন। আজকে যেসব partyর হাত আছে ত মাথা নাই, মাথা আছে ত পা নাই তাদের হাতে টাকা দিয়ে সর্বনাশ করতে দেশবাসী আর রাজী নয়। এ প্রমাণ হয়ে গিয়েছে। সত্যিকারের কাজ করতে হয় করুন, বাজে কথা বলে কোন লাভ নাই।

তারপর আমরা যখন Oppositionএ ছিলাম, তখন আমাদের তরফ থেকে যে সমস্ত ভাষায় বক্তৃতা হত, সেই ভাষা আজ কোথায়? এখন আপনারা শুধু গালাগালি দিয়ে একই কথা বারবার বলছেন যেমন একটা তোতাপাখীকে কয়েকটা কথা শেখান হয় এবং সে সেই কথাগুলি বারবার বলে, ঠিক আপনারাও সেই রকম করছেন। আপনাদের বক্তৃতার মধ্যে কোন ভাল suggestion নাই। দুই বৎসর আগে যা বলেছিলেন আজো তাই বলছেন এবং মন্ত্রী থেকে আরম্ভ করে আমাদের সকলকে শুধু গালাগালিই দিচ্ছেন। ওরা গর্ব করে বলে থাকেন যে ওরা শিক্ষিত। কিন্তু দুনিয়ায় দুই রকমের অশিক্ষিত আছে। একজন পণ্ডিত বলেছিলেন যে কেউ শিক্ষা না পেয়ে অশিক্ষিত হয় আবার কেউ শিক্ষা পেয়েও অশিক্ষিত হয়। ওঁনারা হয়ত শিক্ষা পেয়েও অশিক্ষিত। আমাদের দেশে একটা বিধবা মেয়ে ছিল। একদিন আমি সেখান দিয়ে যাচ্ছিলাম তখন শুনলাম যে সে অশ্রাব্য ভাষায় গালাগালি দিচ্ছে আবার পরের দিন যখন ঐ রাস্তা দিয়ে যাচ্ছিলাম তখন আবার শুনলাম যে সে ঐ একই কথা বলে গালাগালি দিচ্ছে। এদেরও ঠিক সেই অবস্থাই হয়েছে।

ভাল কথা ভালভাবে বলুন, তা না, অমুক মন্ত্রী হেরে গিয়েছেন তারা এখানে বসে রয়েছেন। তারা কি এমনি বসে আছেন? তাদের উপর দায়িত্ব রয়েছে তাই তারা আছেন। তারপর আপনারা কেবলই বলে থাকেন—পুলিশ অমুক করেছে, ঘুষ খেয়েছে ইত্যাদি। কই কোন দিন পুলিশকে সাহায্য করেছেন? পুলিশকে কোন help করেছেন, তা তো নয়? নিজেরা চেষ্টা করুন, সৎ হউন, টাকা এদের হাতে দেওয়া না দেওয়া জনসাধারণের হাতে। এ কাজের ভার জনসাধারণের—তারাই জানে কার হাতে টাকা দেবেন না দেবেন। এটা বলে দিচ্ছি—বিদায় বেলায় Assemblyতে আর গালাগালি করে কি হবে? আসুন হাসিমুখে বিদায় হই। নূতন Assemblyতে মোকাবিলা হবে, তখন দেখা যাবে।

Janab MUDASSIR HOSSAIN: Mr. Speaker, Sir, I have heard with rapt attention the speeches which have been delivered in this august House by the members. Sir, it reminds me of the performance of Satya Narayan and Satya Pir. In this country of ours the Muslim culture and the Hindu culture have been fused together and if Satya Narayan is performed among the Hindus, Satya Pir is also performed among the Muslims. Sir, in this performance somebody goes to get the blessing from the priest, that is, the Dewan of the Satya Pir and pays him a pice. The Dewan of Satya Pir says—আমি কিবা দুয়া দেব, আমি কিবা দয়া জানি দুয়া দেবে ফতেমা জননী। that is to say, he does not know how to give the blessings, it is only Fatema who knows how to give blessings. He says Fatema is the daughter of Prophet Mahomed and she is known as the Mother of Islam, the Lady of Heaven, and the Dewan says, "I do not know how to give blessings; it is the mother Fatema who knows how to give blessings".

In this case everything has been done, everything has been finished The Assembly is coming to an end and the performance of my friends over there reminds me of the Bengali adage—বিয়ে ফুরিয়ে ধুমুচের বাজনা

all the ceremonies relating to marriage are at an end and at the end somebody comes and begins to blow *dhumchi*. *Dhumchi* is a sort of musical instrument which gives a very bad tune and a bad taste. This is exactly what has happened here. Everything has been performed, everything that was required to be done by this Assembly and by the Council of Ministers has been performed and now remains nothing but to prorogue or to dissolve the Assembly—whatever it may be—and at the end my honourable friends over there begin to blow *dhumchi*. After all when the marriage is at an end and all the functions relating to marriage have come to an end, what is the use of blowing this *dhumchi* and abusing others? Sir, it is a bad taste. It is well known, where argument ends, abuse begins. We the lawyers know it and we always use it. When there is no reasonable argument to adduce then the Advocate of the other side begins to abuse others. That is exactly what has happened in the case of my friends over there. Sir, absolutely there is no reason, there is no advocacy, there is nothing of the sort which can convince the Assembly, this august House, that the vote which was asked for is unreasonable or is a vote which could not be passed. That is the only question before the House whether this Appropriation Bill should be passed or not. Sir, in order to criticise this Appropriation Bill my friends over there said, "Well, such and such officer has not found justice at the hands of the authorities that be, that is, the Council of Ministers. Therefore this motion, this Appropriation Bill, should be rejected". Then another of my friends over there, Mr. Basu, said "well, such and such have happened. Only 43 per cent of the votes have been obtained" (Sj. JYOTI BASU: Not 43, 39 per cent.)—43 or 39, whatever it may be, I don't care, but who have got these 43 or 39 per cent. votes? It is the newly elected members and not the House.

Therefore when these gentlemen are carrying on the business, carrying on the administration of this State, it is the old Assembly of which you and I and the other gentlemen are members, which is carrying on. Therefore, Sir, when it is said that only 39 per cent. of the votes have gone to the Congress and the other 61 per cent. of the votes have gone to other parties and therefore this Bill should be rejected, that is an unreasonable and vague contention about which I, though I am an old member, have never heard. This Assembly is your old Assembly. It is this Assembly in which you, I and the other gentlemen who are here are the representatives of the people, and they are carrying on the administration. Due to the present adult franchise system only 43 per cent. or 39 per cent. of the votes have gone to the Congress candidates and 61 per cent. of the votes to other parties. That is to say, 61 per cent. of the votes have been divided among a lot of parties. Therefore as a single party, the Congress has the largest number of votes that can be obtained, and 61 per cent. of the votes have been divided among many persons and parties who cannot unite; and as the husband and the wife cannot unite, so in your case also, in the case of those persons who have got 61 per cent. of the votes they cannot unite. They have no stability, they are floating in the tidal wave and will go to the sea.

Sir, whatever that may be, I do not think that there is any reason behind your argument that the Appropriation Bill should be rejected.

Then, Sir, another reason which has been given is that this Council of Ministers have failed to discharge their responsibilities. Of course I do not say that they are full men or that they are complete men or that they did not commit any mistakes or that they have not done anything wrong.

Sir, my friend Haripada Babu or my friend Bhandari Babu or my friend Mr. Banerjee and my friends Kanai Babu and Hemanta Babu—all these gentlemen were there (pointing to Congress benches). (Sj. CHARU CHANDRA BHANDARI: আপনি ?) (Laughter.) When we used to show your defects,

you Charu Babu you said "No, no. We are very good people, and all these gentlemen are all good people. They are doing ther best." Now they have come to this side, and you say: "All these gentlemen are as bad as Satans and devils, and we are good people."

Now, Sir, it cannot be expected that any thing is perfect in this world. Nothing is perfect in this world. No man is perfect, no human institution is perfect, no party is perfect and nothing is perfect; and it cannot be expected that everything will go on in the nature of perfection,. because perfection belongs to God alone, and no human institution is perfect. They may have committed mistakes. That does not matter, and our Hon'ble Nalini Ranjan Sarker, not in this budget speech but in some other budget speech said: "As we are inexperienced in the art of Government we might have committed mistakes." but those mistakes were not committed knowing that they were mistakes. You and I and everybody else are new to the art of democracy. We must learn something; we must learn and gather experience from these mistakes. It might be that they have committed certain mistakes, and in one respect, namely, in the matter of rehabilitation of Muslims nothing was done in the last session. It was promised by our Chief Minister that an ordinance would be issued by which all the Muslims who did not go to Pakistan would be rehabilitated but so far as I can see the Chief Minister for some reason or other might not have thought it necessary to pass such an ordinance. That does not mean that this is an undemocratic Government and this Bill should therefore be rejected. We have pointed it out and that is enough.

Sir, I have finished and take my seat.

The Hon'ble NALINI RANJAN SARKAR: Sir, আমি ধারণা করতে পারি নাই যে Appropriation Bill নিয়ে এত হাঙ্গামা হবে। আমাদের নতুন Constitutionএ এটা হয়েছে যে, কোন টাকাই খরচ করা যায় না except according to law এবং সেটা পাস করান চাই। বাজেট ত আগেই পাশ হয়ে গেছে। যে বিষয় নিয়ে আজ এত আলোচনা হচ্ছে, সেটা ত ৪।৫ দিন আগেই পাশ হয়ে গেছে; এই Assemblyর memberরাই তা পাশ করেছেন। আজ যারা বক্রোক্তি করছেন এবং জনসাধারণের পক্ষ বলে নিজেদের জাহির করছেন—সেটা পাশ হবার সময় তাদের ২টী member মাত্র এখানে ছিলেন, আর অধিকাংশ memberএর ভোটেই সেটা পাশ হয়ে গেছে। আর এখন এখানে বসে অনর্থক কতকগুলি গালাগালি দেওয়া, বকাবকি করা, সময় অপব্যয় ছাড়া আর কিছুই আমার মনে হয় না। আমার বন্ধু, হেমন্তবাবুর এই তিন চার দিন ধরে বক্তৃতায় যে সারমর্ম আমি উপলব্ধি করেছি, তার আসল কথাটী হচ্ছে, দেশের গভর্ণমেণ্ট যত লোক নিযুক্ত করবে, তাতে প্রত্যেকটী ক্ষেত্রে ঠিক তারই পরামর্শ মত চলতে হবে। Expert opinion কিছু নয়—Public Service Commission কিছু নয়—তাদের সবটাতেই গলদ আছে। তাদের সব তুলে দিয়ে হেমন্ত বাবু যাকে বলবেন তাকেই নিতে হবে। (Sj. HEMANTA KUMAR BASU: তা কে বলেছে?)।

আপনারা এখানে যে সুরে, জনসাধারণ, জনসাধারণ বলে উঠেন, সেটা বাইরে বলা চলে। এটা আপনাদের জানা উচিত যে এখানে যারা এসেছেন, তারা সকলেই জনসাধারণের প্রতিনিধি। কেবল হেমন্তবাবু একাই নন, এখানকার যে Constitution, সেই Constitution মতই সবে এখানে নির্ব্বাচিত হয়েছেন এবং Constitution মতই এখানে বসে আছেন; জোর করে বসে নাই। Constitution মত আপনারা কথা বলেন এবং অন্যে তার জবাব দেন।

তারপর হরিপদ বাবুর কথার উত্তর দেওয়াটা আমার পক্ষে কিছু মুস্কিল। আমার একটা গল্প মনে পড়ে গেল। আমি Houseএর কিছু সময় নিচ্ছি, আশা করি আপনারা আমাকে ক্ষমা করবেন। Gladstone যখন Englandএর Prime Minister ছিলেন, তখন তিনি তাঁর নাতনীকে নিয়ে একদিন Parliamentএ গিয়েছিলেন। British Parliament House of Commonsএর নিয়ম হচ্ছে proceedings—Parliamentর কাজ—আরম্ভ হবার আগে Speaker, সব memberদের নিয়ে প্রার্থনা করেন। সেদিন প্রার্থনার সময় নাতনী Gladstoneকে জিজ্ঞাসা করল—দাদু এখানে এ কি হচ্ছে? তখন Gladstone বললেন—এখানে prayer হচ্ছে। নাতনী

বলল prayer এখানে কেন? Prayer ত বাইরে হয়। তখন Gladstone বললেন—দেখলে না প্রার্থনা, আরম্ভ হওয়ার পুর্বে Speaker সকল memberএর মুখের দিকে একবার তাকিয়ে নেন He looks at them and prays for the country.

আমার আজ একথাটাই মনে আছেই এই Assembly যেভাবে চলছে, তাতে ভগবান রক্ষা না করলে আর কোন উপায় নাই।

আমি আশাকরি, আমার বিলটী House পাশ করে দেবেন।

Mr. SPEAKER: Before I put this motion to vote I simply wish to point out to the House that it has been our practice not to make the Legislature the forum for raising allegations against individual officers, because if this is allowed then innumerable cases will come up before the House. There are ample machineries for the redress of grievances against public officers, such as they can appeal to the Public Service Commission, they can appeal to the Governor and so on. I simply mention this so that this may not be repeated in future.

The motion of the Hon'ble Nalini Ranjan Sarker that the West Bengal Appropriation (Vote on Account) Bill, 1952, be taken into consideration was then put and agreed to.

Clause 1.

The question that clause 1 do stand part of the Bill was then put and agreed to.

Clause 2.

The question that clause 2 do stand part of the Bill was then put and agreed to.

Clause 3.

The question that clause 3 do stand part of the Bill was then put and agreed to.

Schedule.

The question that the schedule do stand part of the Bill was then put and agreed to.

Preamble.

The question that the preamble do stand part of the Bill was then put and agreed to.

The motion of the Hon'ble Nalini Ranjan Sarker that the West Bengal Appropriation (Vote on Account) Bill, 1952, as settled in the Assembly be passed, was then put and a Division taken with the following result:—

AYES—45.

Abdullah, Janab S. M.
Abdus Shokur, Janab.
Banerjee, Sj. Sushil Kumar.
Bhattacharyya, Sj. Shyamapada.
Chaudhuri, The Hon'ble Rai Harendra Nath.
Das, Sj. Radha Nath.
Das Gupta, Sj. Khagendra Nath.
Dass, Sj. Kanailal.
Dolui, Sj. Harendra Nath
Dutt-Mazumdar, The Hon'ble Niharendu.
Ganguli, Sj. Bepin Behari.
Gayen, Sj. Arabinda.
Gomes, Mr. D.
Kazem Ali Mirza, Janab Shahibzada Kawan Jah Saiyid

Mahammad Kased Ali, Janab.
Mahammad Sayeed Mia, Janab.
Mahanty, Sj. Charu Chandra.
Maiti, The Hon'ble Nikunja Behari.
Majhi, Sj. Nishapati.
Majumdar, The Hon'ble Bhupati.
Mal, Sj. Iswar Chandra.
Mallick, Sj. Ashutosh.
Mandal, Sj. Annadaprasad.
Mandal, Sj. Bankubehari.
Mandal, Sj. Umesh Chandra.
Misra, Sj. Sowrindra Mohan.
Mohammad Hossain, Dr.
Mookerji, The Hon'ble Kalipada.
Mudassir Hossain, Janab.
Muhammad Qumruddin, Janab.
Murarka, Sj. Basantlal.
Naskar, Sj. Ardhendu Sekhar.
Naskar, The Hon'ble Hem Chandra.
Panja, The Hon'ble Jadabendra Nath.
Pentony, Mr. L. R.
Platel, Mr. R. E.
Rafiuddin Ahmed, The Hon'ble Dr.
Roy, The Hon'ble Dr. Bidhan Chandra.
Roy Sarkar, Sj. Birendra Nath.
Roy Singh Sarker, Sj. Satish Chandra.
Sarker, The Hon'ble Nalini Ranjan.
Sen, The Hon'ble Prafulla Chandra.
Shamsul Huq, Janab.
Sinha, The Hon'ble Bimal Chandra.
Zaman, Janab A. M. A.

NOES—6.

Bandyopadhyaya, Sj. Pramatha Nath
Basu, Sj. Hemanta Kumar
Basu, Sj. Jyoti.
Bhandari, Sj. Charu Chandra.
Chatterjee, Sj. Haripada.
De, Sj. Kanai Lal

The Ayes being 45 and the Noes 6, the motion was carried.

The West Bengal Appropriation Bill, 1952.

The Hon'ble NALINI RANJAN SARKER: Sir, I beg to introduce the West Bengal Appropriation Bill, 1952.

(The Secretary then read the short title of the Bill.)

The Hon'ble NALINI RANJAN SARKER: Sir, I beg to move that the West Bengal Appropriation Bill, 1952, be taken into consideration.

Sj. HEMANTA KUMAR BASU: মাননীয় স্পীকার মহোদয়, অর্থমন্ত্রী মহাশয় এই Appropriation Bill উত্থাপন করে যে সমস্ত কথা বলছেন, জানি না তার কোন দাম আছে কি না। বড়ই দুঃখের বিষয়, তিনি কয়েক বছর ধরে Finance Minister হয়ে আছেন কিন্তু কিছুই করতে পারেননি। আমাদের ধারণা ছিল যে তাঁর মত উপযুক্ত লোক যখন Finance Ministerএর পদে নিযুক্ত, তখন দেশের অন্ন, বস্ত্র ও অন্যান্য সমস্ত সমস্যার সমাধান হবে। আমরা জানি তিনি একজন business expert, সুতরাং তাঁর দ্বারা আমরা আশা করেছিলাম, যে তিনি জনসাধারণের খাওয়াপরা এবং সহস্র সহস্র বেকার যুবকদের অন্নসমস্যা সমাধান করবেন। কিন্তু আমার মতে তিনি এই গভর্ণমেণ্টের অর্থমন্ত্রী হিসাবে একটা failure ছাড়া আর কিছু নয়। প্রধান মন্ত্রীমহাশয়—তিনি বড় বড় ব্যবসা করছেন কিন্তু গভর্ণমেণ্টের যে কোন scheme তিনি গ্রহণ করেছেন তাহার অধিকাংশই failure; সুতরাং তিনি failure ছাড়া আর কোন ভাল কাজ করেছেন বলে আমরা দেখতে পাই না।

যে সমস্ত বিষয়ে আমি গভর্ণমেণ্টের দৃষ্টি আকর্ষণ করেছি, তার একটা সঠিক উত্তর দেওয়া উচিত ছিল; কিন্তু অর্থমন্ত্রী মহাশয় যা উত্তরে বললেন তার কোন মানেই আমরা হৃদয়ঙ্গম করতে পারলাম না।

এই কথা বলে, আমি এই বিলটি oppose করছি।

The motion of the Hon'ble Nalini Ranjan Sarker that the West Bengal Appropriation Bill, 1952, be taken into consideration, was then put and agreed to.

Clause 1.

The question that clause 1 do stand part of the Bill was then put and agreed to.

Clause 2.

The question that clause 2 do stand part of the Bill was then put and agreed to.

Clause 3.

The question that clause 3 do stand part of the Bill was then put and agreed to.

Schedule.

The question that the schedule do stand part of the Bill was then put and agreed to.

Preamble.

The question that the preamble do stand part of the Bill was then put and agreed to.

The Hon'ble NALINI RANJAN SARKER: Sir, I beg to move that the West Bengal Appropriation Bill, 1952, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

Discussion on the principle contained in His Excellency the Governor's Message with regard to the Waste Lands (Requisitioning and Utilization) Bill, 1951, as passed by the West Bengal Legislative Assembly.

The Hon'ble Rai HARENDRA NATH CHAUDHURI: As commanded by His Excellency the Governor I beg to move that the Waste Lands (Requisitioning and Utilization) Bill, 1951, be reconsidered by the Assembly and the amendments recommended in the Message of His Excellency the Governor be taken into consideration.

Sir, honourable members will please recall that in the February session of 1951—to be precise, on 22nd February, 1951—the present House passed the Waste Lands (Requisitioning and Utilization) Bill. Clauses 8 and 9 of that Bill contained provisions for the assessment and payment of compensation. As it was a Bill which related to the requisition of property, it came under Article 31 of the Constitution. Under article 31(3) of the Constitution, the Governor was pleased to reserve the Bill for the consideration of the President. The President has accordingly been pleased to consider the Bill and make certain suggestions in the shape of the amendments recommended. The amendments have been necessary because of the fact that the original provisions of clauses 8 and 9 of the Bill were framed in an elastic manner. Why were they so framed? Because we intended to allow larger discretion to the land acquisition authorities so that they might assess compensation according to the requirements of the particular cases and in as speedy a manner as possible. Since then the Acquisition and Requisitioning Acts have often come before the courts for their consideration and it has been seen that the courts have been very particular and meticulous in their examination of such Acts—Acts relating to acquisition and requisitioning of lands and sections which provide for payment of compensation. Article 31 of the Constitution provides that wherever land or property is proposed to be acquired or even requisitioned, compensation

will have to be paid and the amounts of compensation or the principles on which compensation will have to be assessed must be stated definitely in the Act proposed.

Now, the President has been advised that the provisions of clauses 8 and 9 should be made more precise and definite so that they may stand the closest scrutiny possible. Therefore, the original clauses 8 and 9 of the Bill have seen revised and the improvements suggested have been incorporated in clauses 8 and 9 of the recommended amendments. That is why these amendments are coming for the consideration of the House and I hope the House will be pleased to take them into their consideration.

The motion of the Hon'ble Rai Harendra Nath Chaudhuri that the Waste Lands (Requisitioning and Utilization) Bill, 1951, be reconsidered by the Assembly and the amendments recommended in the Message of His Excellency the Governor be taken into consideration, was then put and agreed to.

The Hon'ble Rai HARENDRA NATH CHAUDHURI: Sir, I beg to move that the following amendments recommended by His Excellency the Governor on the Waste Lands (Requisitioning and Utilization) Bill, 1951, be passed:—

(*1*) For clauses 8 and 9 the following shall be substituted, namely:—

"Compensation.

8. (*1*) Where the possession of any waste land is delivered or taken under section 5, every person interested in such land shall be entitled to compensation for so long as his interest subsists but in no case beyond the date of the release of such land from requisition under section 10, the amount of such compensation being determined in the manner and in accordance with the principles hereinafter set out.

(*2*) As soon as may be after the date of the delivery of possession or the taking of possession of any waste land under section 5, the Collector shall determine—

(*a*) in respect of any waste land which on the said date was in the occupation of a tenant or a lessee—

(*i*) the annual rent and cesses, if any, payable by the tenant or the lessee in respect of such land, and

(*ii*) the average net annual income derived from such land by the tenant or lessee during the three years immediately preceding the said date, or if no income was derived from such land by the tenant or lessee during the said three years, the sum equivalent to three per cent. of the market value of the interest of the tenant or of the lessee in such land on the date of the notification under section 3;

(*b*) in respect of any waste land which on the said date was in the occupation of a proprietor, the average annual income derived from such land by such proprietor during the three years immediately preceding the said date, or if no income was derived by such proprietor during the said three years, the sum equivalent to three per cent. of the market value of such land on the date of the notification under section 3;

(*c*) in respect of any waste land in which any person other than a tenant or a lessee or a proprietor in occupation is interested, the average net annual compensation derived from such land by the person in occupation thereof during the three years

immediately preceding the said date, or if no income was derived by such person during the said three years, the sum equivalent to three per cent. of the market value of such land on the date of the notification under section 3.

(3) The Collector shall by order direct that there shall be payable by the State Government as compensation on each anniversary of the date of the delivery of possession or the taking of possession under section 5, and for the duration referred to in sub-section (1),—

(a) in respect of such waste land as is referred to in clause (a) of sub-section (2),—the amount determined under sub-clause (i) of that clause to the landlord or the lessor, and the amount determined under sub-clause (ii) of that clause to the tenant or the lessee;

(b) in respect of such waste land as is referred to in clause (b) of sub-section (2),—the amount determined under that clause to the proprietor; and

(c) in respect of such waste land as is referred to in clause (c) of sub-section (2),—to every person interested in such land such sum as may be apportioned to him by the Collector, out of the amount referred to in that clause, having regard to the nature and extent of his interest.

Explanation.—For the purpose of this section the expressions 'landlord', 'proprietor' and 'tenant' have the same meanings as in the Bengal Tenancy Act, 1885, and the expressions 'lessor' and 'lessee' have the same meanings as in the Transfer of Property Act, 1882. VIII of 1885 IV of 1882.

9. The payment of any compensation in accordance with an order under section 8 shall be a full discharge of any liability of the Collector and of the State Government to pay compensation to any person who may have a rightful claim thereto, but shall not prejudice any right in respect thereof which may be enforced by any person by due process of law against the person to whom the compensation is so paid."

Payment of compensation to be a full discharge.

(2) In sub-clause (1) of clause 11, for the words "or by the determination of compensation under section 8 or by an order of apportionment under section 9" the words "or by an order under section 8" shall be substituted.

(3) In clause 15, for the word and figures "4, 8 or 9" the word and figures "4 or 8" shall be substituted.

Sir, I have already explained the purpose of the amendments.

(At this stage the House was adjourned for 15 minutes.)

(*After adjournment.*)

The Hon'ble Rai HARENDRA NATH CHAUDHURI: Sir, I have already explained the necessity of these amendments and why the provisions for assessment and payment of compensation have to be elaborated and enunciated with precision. I hope honourable members of the House will be pleased to agree to these amendments.

Mr. SPEAKER: Mr. Bhandari, your amendments require Governor's recommendation under article 207(1) and because that has not been forthcoming, fresh motions cannot be moved. You can, however, speak on the main motion and make your observations thereon.

Sj. CHARU CHANDRA BHANDARI: Sir, Articles 207 and 199এ এই সমস্ত compensation ব্যাপার কম হয় কি বেশী হল, যদি Speaker মহাশয় দেখেন, তাহলে দেখতে পারেন, ঠিক যেন এ জিনিষটা পড়ে না।

The Hon'ble Rai HARENDRA NATH CHAUDHURI: আপনি high compensationর কথা বলছেন, সেটা এখানে ওঠে না।

Sj. CHARU CHANDRA BHANDARI: যেখানে appropriation হয়ে গেছে, কোন একটা headএ, সেখানে compensation কম বা বেশী, এটা contemplate করে না 199 এতে। আমি যে সামান্য একটা amendment দিয়েছিলাম——

Mr. SPEAKER: Well Mr. Bhandari, I have considered it and I hold that Article 199 clearly applies and I cannot allow those motions to be moved. If you wish to speak on the subject, you can speak on the main motion.

Sj. CHARU CHANDRA BHANDARI: মাননীয় Speaker মহাশয়, এই যে Governorর messageএ যে amendment propose করা হয়েছে—এটাতে আমি আর কোন amendment move করতে পারছি না। অথচ আমার মনে হয়, এটা হওয়া উচিত ছিল, কারণ যেখানে আছে—clause 8, sub-clause 2, Item B in respect of any waste land which on the said date was in the occupation of a proprietor, the average annual income derived from such land by such proprietor during the three years immediately preceding the said date, or if no income was derived by such proprietor during the said three years, the sum equivalent to three per cent. of the market value of such land on the date of the notification under section 3.

